আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৫ || সংখ্যা ৫০ || সোমবার || ভাদ্র ২৭ || ১৪২৮ || সফর ০৬ || ১৪৪৩ || Vol. 25 || Issue 50 || 13 September || 2021 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

যুক্তরাষ্ট্রে ইসলাম বিদ্বেষ সত্ত্বেও বৃদ্ধি পাচ্ছে মুসলমান

বাংলা পত্রিকা ডেস্ক: বিপুলসংখ্যক রিপাবলিকানসহ যুক্তরাষ্ট্রের অর্ধেক আমেরিকান বলে থাকেন যে, ইসলাম সহিংসতাকে উৎসাহিত **(বাকি অংশ ১৯ পাতায়)**

বিভক্তি ফোবানায় : ইগো আর নেতৃত্বের কোন্দলই দায়ী


মন্তব্য প্রতিবেদন: ফেডারেশন অব বাংলাদেশীস অর্গানাইজেশন্স ইন নর্থ আমেরিকা-ফোবানা। দেশ ও প্রবাসে ফোবানা নামেই সংগঠনটির পরিচিতি। যুক্তরাষ্ট্র ও কানাডার বাংলাদেশী সংগঠনগুলোর ফেডারেশন এই ফোবানা। উত্তর আমেরিকা প্রবাসী বাংলাদেশীদের এক, অভিন্ন আর ঐক্যবদ্ধ সংগঠন হিসেবে প্রতিষ্ঠিত হলেও ফোবানা আজ বিভক্ত। চলতি বছর বিভক্ত ফোবানার ৩৫তম সম্মেলন অনুষ্ঠিত হলো এবং হচ্ছে। অনুসন্ধানে জানা গেছে, কতিপয় কমিউনিটি নেতার ব্যক্তি ইগো আর নেতৃত্বের কোন্দলের কারণেই ফোবানায় বিভক্তি। সাথে রয়েছে গ্রুপিং, রাজনৈতিক মতানৈক্য, হিংসা-বিদ্বেষ, অযোগ্য নেতৃত্ব, অর্থের জোর প্রভৃতি। আবার বিভক্ত ফোবানা'র মধ্যেও কোন্দল, উপ কোন্দল লক্ষনীয়। উল্লেখ্য, ১৯৮৭ সালে ওয়াশিংটন ডিসিতে অনুষ্ঠিত সম্মেলনের মধ্য দিয়ে ফোবানা'র যাত্রা শুরু। চেয়ারম্যান মোহাম্মদ হোসেন খান ও এক্সিকিউটিভ সেক্রেটারী কাজী আযম নেতৃত্বাধীন ফোবানা'র একাংশের তিন দিনব্যাপী (৩, ৪ ও ৫ সেপ্টেম্বর) সম্মেলন অনুষ্ঠিত হলো লেবার ডে উইকেন্ডে ওয়াশিংটন ডিসি সংলগ্ন ভার্জিনিয়া রাজ্যের হিলটন ক্রিস্টাল সিটিতে। অপরদিকে **(বাকি অংশ ১৪ পাতায়**



৯/১১ হামলার বিশ বছর শোক-শ্রদ্ধায় নিহতদের স্মরণ
জাতীয় ঐক্যের ডাক বাইডেনের

বাংলা পত্রিকা ডেস্ক: ৯/১১-এর সন্ত্রাসী হামলার ২০তম বার্ষিকী বিভিন্ন আনুষ্ঠানিকতায় পালন করেছে যুক্তরাষ্ট্র। ইতিহাসের ওই ঘৃণ্য হামলায় প্রায় তিন হাজার মানুষ প্রাণ হারান। **(বাকি অংশ ১৯ পাতায়)**

ট্র্যাজেডির সেই অভিজ্ঞতা বর্ণনা করা কঠিন : বুশ



বাংলা পত্রিকা ডেস্ক: ১১ সেপ্টেম্বর, ২০০১। অন্য দিনের মতোই জেগে উঠেছিল নিউইয়র্ক সিটি। শুধু দিন **(বাকি অংশ ২৯ পাতায়**

৯/১১-এর ক্ষত ২০ বছর পরও সারেনি

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে সন্ত্রাসী হামলার ২০তম বার্ষিকী ছিলো শনিবার। ২০০১ সালের **(বাকি অংশ ১৯ পাতায়)**

আমেরিকান হত্যাকাণ্ডে তালেবানের প্রতি সমর্থন জোরদার

বাংলা পত্রিকা ডেস্ক: আফগানিস্তানের উত্তরাঞ্চলীয় পানশির জেলার জাঙ্গাবাদ গ্রাম। ১১ সেপ্টেম্বর (শনিবার) ভোরে সার বেঁধে সমবেত হন কিছু গ্রামবাসী। একত্র হওয়ার কারণ, নিজেদের হারানো স্বজনদের স্মরণ করা। শোকাহত এসব মানুষের কয়েকজন জানান, ২০ বছর আগে বিদেশি সেনাদের হাতে নিহত হয়েছেন তাঁদের স্বজনেরা। খবর দ্য গার্ডিয়ানের। স্বজন হারানো মানুষগুলোর মাটির ঘর, ধূসর মাঠ, ডালিম **(বাকি অংশ ২৯ পাতায়)**

বন্দুকের সামনে 'অধিকার চাই'ছে আফগান নারীরাই

বাংলা পত্রিকা ডেস্ক: এর আগে ১৯৯৬ থেকে ২০০১ সাল পর্যন্ত তালেবান যখন ক্ষমতায় ছিল, তখন আফগান নারীদের পুরুষ 'অভিভাবক' ছাড়া **(বাকি অংশ ৩২ পাতায়)**

খালেদা জিয়ার মুক্তির মেয়াদ ছয় মাস বাড়ল



বাংলা পত্রিকা ডেস্ক: বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার সাজা স্থগিত ও মুক্তির মেয়াদ আরও ছয় মাস বৃদ্ধির পক্ষে মত দিয়েছে আইন মন্ত্রণালয়। শনিবার রাতে এই **(বাকি অংশ ২০ পাতায়)**

APOLLO INSURANCE BROKERAGE INC.
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.
BASE NO. 803152
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800 Fax : 718-472-9801
Email: apollobrokerageinc@gmail.com exitluxuryinc@gmail.com Website: www.exitluxuryinc.com

সায়গন থেকে কাবুল ঃ যুক্তরাষ্ট্রের বিদায়ে সেই পরাজয়ের সুর

বাংলা পত্রিকা ডেস্ক: আলাদা দুটি দেশ, আলাদা সময়, আলাদা প্রেক্ষাপট। কিন্তু বিদায়ের ধরন অনেকটা একই। অর্ধশতকের বেশি সময় পর এসে কাবুল থেকে যুক্তরাষ্ট্রের ফিরে যাওয়া অনেককেই মনে করিয়ে দিল দক্ষিণ ভিয়েতনামের রাজধানী সায়গন থেকে তাদের **(বাকি অংশ ৩৫ পাতায়)**

সৌদি আরব থেকে ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা সরিয়ে নিয়েছে যুক্তরাষ্ট্র

বাংলা পত্রিকা ডেস্ক: সৌদি আরব থেকে অধিকাংশ উন্নত ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা ও প্যাট্রিয়ট ব্যাটারি সরিয়ে নিয়েছে যুক্তরাষ্ট্র। সৌদি আরবে ক্রমাগতভাবে ইয়েমেনের হুথি বিদ্রোহীদের বিমান হামলার মধ্যেই সম্প্রতি এই পদক্ষেপ নিয়েছে যুক্তরাষ্ট্র। উপসাগরীয় আরব দেশগুলো যখন আফগানিস্তান থেকে মার্কিন সৈন্যদের **(বাকি অংশ ৩২ পাতায়)**



'মুখোশ' দিয়ে কাজে ফিরলেন পরীমণি

বাংলা পত্রিকা ডেস্ক: জামিনে মুক্তি পেয়ে চিত্রনায়িকা পরীমণি পুনরায় কাজে ফিরেছেন। নির্মাতা ইফতেখার শুভর 'মুখোশ' সিনেমার ডাবিংয়ে অংশ নিয়েছেন তিনি। রাজধানীর একটি স্টুডিওতে গত ৭ ও ৮ সেপ্টেম্বর **(বাকি অংশ ১৯ পাতায়)**

QA TEK SOLUTIONS
NO MORE ODD JOBS
GET A JOB WITH $80K PLUS SALARY!
Locations: New York & Virginia
OUR MOST POPULAR COURSES:
Basic Computing for IT Help Desk Support
Software Testing with Selenium
Data Analysis with Power BI
We provide guaranteed job assistance
No IT experience required
Interactive courses
Weekend classes
ADMISSION GOING ON
QA TEK SOLUTIONS INC.
An Information Technology Company
NY (347) 259-1930 NY (347) 658-9284 VA (571) 457-0371
167-11 Hillside Avenue # 2a, Jamaica, NY 11434
admin@qateksolutions.com www.qateksolutions.com

CENTURY 21 AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
76-26 Broadway, Elmhurst, NY 11373
Ferdous Khan
Real Estate Licensed Sales Assoricate

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আই আর এস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদ আলী, সিপিএ
Tel: (929)371-9915 info@ahadandco.com
2153 Westchester Ave Suite 200, Bronx, NY 10462
47-01 Van Dam Street Long Island City, NY 11101

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Email: digitalonetravel@gmail.com (কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজা)
Phone: 917-396-4140, 917-592-7828
সুপার সেল $৬৪৯+
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

SUNNATI HAJJ & UMRAH GROUP
Haji trusted since 2000
All Air Tickets Visa Services
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihajj@gmail.com
Web: www.hajjmakkah.com

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
DDC 6hr 10% Discount & 4 Points Reduction
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
(বিস্তারিত লেখুন ৯ পাতায়)
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY"

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে




Corporate Office

72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা
৩-এর পৃষ্ঠা
The Weekly Bangla Patrika

ধর্ষণে তৃতীয় শ্রেণির ছাত্রী অন্তঃসত্ত্বা

বাংলা পত্রিকা ডেস্ক: শেরপুরের শ্রীবরদীতে ধর্ষণের শিকার হয়ে তৃতীয় শ্রেণির এক ছাত্রী পাঁচ মাসের অন্তঃসত্ত্বা হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। প্রতিবেশী আব্দুল হাকিম (৫০) ফুসলিয়ে এ ঘটনা ঘটিয়েছে বলে শনিবার (১১ সেপ্টেম্বর) এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে উপজেলার পুরান শ্রীবরদী গ্রাম থেকে ভিকটিমকে উদ্ধার করেছে পুলিশ। এ ব্যাপারে ভিকটিমের বাবা বাদী হয়ে ধর্ষক আব্দুল হাকিম ভূষিসহ তিনজনসহ আরো অজ্ঞাত চারজনের নামে মামলা দায়ের করেছেন। ভিকটিমের পরিবার ও পুলিশ জানায়, ভিকটিম নয়ানি শ্রীবরদী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণীর ছাত্রী ছিল। করোনার কারণে স্কুল বন্ধ থাকায় বাড়িতেই থাকে ওই শিশু। প্রায় পাঁচ মাস আগে প্রতিবেশী আব্দুল হাকিম ভূষির স্ত্রী ও মেয়ে ঢাকায় থাকে। এ সুযোগে সে ওই শিশুকে ফুসলিয়ে তার ঘরে নিয়ে ধর্ষণ করে। এতে ওই শিশু অন্তঃসত্ত্বা হয়।






জালালাবাদ এসোসিয়েশনের সাধারণ সভা অনুষ্ঠিত

মার্চে নির্বাচন : কমিটির মেয়াদ দুই বছর

নিউইয়র্ক (ইউএনএ): যুক্তরাষ্ট্র প্রবাসী বৃহত্তর সিলেটবাসীদের 'মাদার সংগঠন' হিসেবে পরিচিত জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাধারণ আগামী মার্চে নির্বাচন অনুষ্ঠান সহ কতিপয় সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে পাশ হয়েছে। সভায় সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের রিপোর্টের উপর দীর্ঘ আলোচনা এবং এসব রিপোর্টে আরো স্বচ্ছ ও বিস্তারিত হওয়া দরকার বলে সংগঠনের সদস্যরা অভিমত ব্যক্ত করেন। এছাড়াও সভায় ফিলাডেলফিয়ায় সংগঠনের বাগী ক্রয়-বিক্রয় এবং সাবেক সভাপতি জন এন উদ্দিনের কাছে থাকা অর্থ ফেরত আনার বিষয়টিও আলোচিত হয় এবং এসব বিষয়ে কোন কোন সদস্য স্পষ্টতা ও ব্যাখ্যা দাবী করেন। উল্লেখ্য, এসোসিয়েশনের গঠনতন্ত্র মোতাবেক চলতি বছরের ডিসেম্বর মাসের মধ্যে নির্বাচন এবং নির্বাচনের অন্তত ১২০দিন আগে নির্বাচন কমিশন গঠনের বাধ্যবাধকতা থাকলেও মহামারী করোনা পরিস্থিতিতে এর কোনটাই সম্ভব নয় বলে সভার এক প্রস্তাবে মার্চ মাসে নির্বাচন অনুষ্ঠানের সিদ্ধান্ত হয়। খবর ইউএনএ'র।

সিটির উডসাইডস্থ কুইন্স প্যালেসে গত ৫ সেপ্টেম্বর রোববার সন্ধ্যায় এই বিশেষ সাধারণ সভা অনুষ্ঠিত হয়। শান্তিপূর্ণ এই সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি মইনুল হক চৌধুরী হেলাল। এসময় সংগঠনের ট্রাষ্টিবোর্ডের সদস্য যথাক্রমে এম এম শাহীন, তোফায়েল আহমেদ চৌধুরী, আজমল হোসেন কুনু, আব্দুস শহীদ, এডভোকেট নাসির উদ্দিন, আজিমুর রহমান বুরহান ও সাবেক সাধারণ সম্পাদক আব্দুল হাসিব মামুন মঞ্চে উপবিষ্ট ছিলেন।

সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং করোনায় মৃত্যুবরণকারীদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মুনাজাত করেন সংগঠনের কর্মকর্তা জামাল আনসারী। এরপর স্বাগত বক্তব্য রাখেন এসোসিয়েশনের সহ সভাপতি আহবাব চৌধুরী খোকন। সংগঠনের সাবেক সভাপতি ও বাংলাদেশ সোসাইটির সভাপতি কামাল আহমেদ সংগঠনের কর্মকর্তা ও সদস্যদের মধ্যে যারা মৃত্যুবরণ করেছেন তাদের স্মরণে শোক প্রস্তাব পাঠ করেন সহ সভাপতি শফি উদ্দিন তালুকদার। এরপর জাতীয় সংগীত পরিবেশন করেন সংগঠনের মহিলা বিষয়ক সম্পাদিকা সুতিপা চৌধুরী।

সভায় সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের রিপোর্ট পেশ করেন যথাক্রমে সাধারণ সম্পাদক মিজানুর রহমান শেফাজ ও কোষাধ্যক্ষ মইনুল ইসলাম। সাধারণ সম্পাদক শেফাজ তার দীর্ঘ রিপোর্টে সংগঠনের বিভিন্ন কর্মকান্ডের কথা তুলে ধরেন। কোষাধ্যক্ষ মইনুল তার রিপোর্টে ২০১৯ সালের ১৫ ডিসেম্বর থেকে ২০২১ সালের ৫ সেপ্টেম্বর পর্যন্ত সংগঠনের আয়-ব্যয়ের প্রতিবেদন তুলে ধরেন। তিনি জানান, এই সময়ে সংগঠনের আয় হয়েছে ৩১ হাজার ১৪০ ডলার। এছাড়াও এসোসিয়েশনের পক্ষ থেকে কবর কেনা বাবদ ৯০ হাজার ৭৫০ ডলার ব্যয় করা হয়েছে। বর্তমানে এই কবরের মুল্য ১ লাখ ৮৫ হাজার ডলার। এছাড়াও ব্যাংকে গচ্ছিত রয়েছে ২ লাখ ৫৯ হাজার ৩৯৩ ডলার। এর বাইরের সাড়ে ৮ হাজার ডলার আমার পকেট থেকে সংগঠনের অফিস ভাড়া পরিশোধ করা হয়েছে। যা হিসেবে নেই। সভায় উপস্থিত দুই ডজনেরও বেশী সদস্য সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের রিপোর্টের উপর মুক্ত আলোচনায় অংশ নেন।

সভার মুক্ত আলোচনায় অন্যান্যের মধ্যে এম এম শাহীন, আজমল হোসেন কুনু, তোফায়েল আহমেদ চৌধুরী, এডভোকেট নাসির উদ্দিন, আজিমুর রহমান বুরহান, আব্দুস শহীদ, আব্দুর নূর বড় ভুইয়া, মাহমুদুল হক সানু, আতাউর রহমান সেলিম, মোহাম্মদ ফজলুর রহমান, ফারুক চৌধুরী, আনোয়ার হোসেন, আব্দুল হাসিব মামুন, মকবুল রহীম চুনুই, শেখ আতিক, আহবাব চৌধুরী খোকন, এএফ মিসবাহউজ্জামান, জোসেফ চৌধুরী, মির্জা মামুন রশীদ, কাওসারুজ্জামান কয়েস, জাবেদ উদ্দিন, আব্দুল করীম চৌধুরী, আব্দুল বাসিত খান বুলবুল, সাইফুর খান হারুন, সাইকুল ইসলাম, সুদিপা চৌধুরী প্রমুখ অংশ নেন।





সভায় গৃহীত অন্যান্য সিদ্ধান্তের মধ্যে রয়েছে- কার্যকরী কমিটির মেয়াদ তিন বছরের স্থলে দুই বছর এবং তা আগামী নির্বাচনের পর থেকে কার্যকর হবে। সদস্য ফি ১৫ ডলারের পরিবর্তে ১০ ডলার এবং সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদক তাদের দায়িত্বপালনকালীন সময়ে প্রবাসের অন্য কোন আঞ্চলিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের দায়িত্ব গ্রহণ বা পালন করতে পারবেন না মর্মে গঠনতন্ত্র সংশোধনী আনা হয়।

Hillside Medical & Pain Management
164-05 Hillside Ave. Jamaica, NY 11432
Ph: (718-297-6090
PHYSICAL THERAPY
আমরা বাংলা, হিন্দী, স্প্যানিশ ও ফিলিপিন ভাষায় কথা বলি
ফিজিক্যাল থেরাপি
আমরা আপনাদের সেবায় নিয়োজিত


WE ARE OPEN
We have missed you


Mask, gloves, face shield, hand sanitizer available for all patients
Our primary goal is health safety of our patient. We provide extra care & precautions to safely treat our patients in compliance with CDC & DOH guidelines. During COVID-19 we monitor vital signs of our patients to ensure ongoing good health. We take most medical insurances. Medicare, Worker's Compensation and N/F

সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার
অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত
MOHAMMED HELAL UDDIN, M.D.
মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.
আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

শাদমান নোশিন
ফিজিশিয়ান এ্যাসিসট্যান্ট
কার্ডিওলজী — তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড জেনারেল, নিউক্লিয়ার এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট
পডিয়াট্রি — ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ
সাইকিয়াট্রিস্ট — সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট
We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
৩০৯৯ বেইনব্রিজ এভিনিউ, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com
১৩৮১ ক্যাসেলহিল এভিনিউ, ব্রুক্স, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com

الحرمين
AL HARAMAIN
50 Years
SINCE 1970 منذ ١٩٧٠

AL HARAMAIN PLATINUM OUD
AL HARAMAIN GOLDEN OUD
AL HARAMAIN ROSE OUD

الحرمين
بلاتينيوم عود
AL HARAMAIN
PLATINUM OUD

الحرمين
روز عود
AL HARAMAIN
ROSE OUD

AL HARAMAIN
GOLDEN OUD
الحرمين
جولدن عود

OFFICE: P.O.Box: 13754, Dubai - UAE CORPORATE OFFICE & INDUSTRY: New Industrial Area 1, Munah Street, P.O.Box: 1885, Ajman - UAE
Tel: 800-42 72 62 46 / +971 6 74 80 555 +971 52 102 6080 shop.alharamainperfumes.com
SAUDI ARABIA • U.A.E. • KUWAIT • OMAN • QATAR • BAHRAIN • MOROCCO • SINGAPORE • MALAYSIA • BANGLADESH • U.K. • U.S.A.

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

সোহেল রানার 'সম্পদের পাহাড়' শর্ষের ভেতর এত বড় ভূত!

মাত্র কয়েকদিন আগেও যিনি নায়িকা পরীমণিসহ অন্যদের তদন্ত কর্মকর্তা হিসেবে সংবাদমাধ্যমে মুখ দেখিয়েছেন, তার নিজের ছবিই এখন পলাতক আসামি হিসেবে ছড়িয়ে পড়েছে- এটা দেখে 'নিয়তির পরিহাস' নিয়ে বিস্মিত হওয়াই যেত। কিন্তু পুলিশের সদ্য বরখাস্ত পরিদর্শক শেখ সোহেল রানা চোরাই পথে পালাতে গিয়ে ভারতে আটক হওয়ার পর তার 'সম্পদের পাহাড়' সম্পর্কে বিভিন্ন সংবাদমাধ্যম সূত্রে যে চিত্র উঠে আসছে, তাতে নিছক বিস্মিত হওয়ার অবকাশ নেই। পুলিশের একজন পরিদর্শক কত টাকা বেতন পান? এটা ঠিক, বেআইনি নানা কর্মকান্ডের জের ধরে সম্প্রতি আইনের আওতায় আসা ই-কমার্সভিত্তিক প্রতিষ্ঠান ই-অরেঞ্জের অন্যতম পরিচালক বরখাস্তের আগ পর্যন্ত বনানী থানায় দায়িত্ব পালন করে আসা এই পুলিশ পরিদর্শক। কিন্তু বাংলাদেশসহ বিশ্বের আরও কয়েকটি দেশে নামে-বেনামে তার শত শত কোটি টাকার বিনিয়োগ ও স্থাবর সম্পত্তি নিছক গ্রাহক ঠকিয়ে গড়ে উঠেছে- এটা আমরা বিশ্বাস করতে চাই না।

আমরা আশঙ্কা করি, সোহেল রানার এই সম্পত্তির নেপথ্যে ঘুষ, দুর্নীতিসহ আরও বহুমাত্রিক অপরাধ ও অনিয়ম রয়েছে। বস্তুত কেবল বাণিজ্যিক অনিয়মে নাম উঠে আসার কারণে সোহেলের মতো একজন 'প্রভাবশালী' পুলিশ কর্মকর্তা রাতের আঁধারে জীবনের ঝুঁকি নিয়ে সীমান্ত পাড়ি দিতে যাবেন, মেনে নেওয়া কঠিন। এটাও মনে রাখতে হবে, সোহেল রানা একদিনে এমন বেপরোয়া হয়ে ওঠেননি। রাজনৈতিক ও প্রশাসনিক কোনো প্রভাবশালী মহলের মদদ ছাড়া এত বছর ধরে তিনি অনিয়ম চালিয়ে যেতে পারেন না। আমরা দেখতে চাইব, অবিলম্বে তাকে ভারত থেকে ফিরিয়ে এনে বিচারের মুখোমুখি করা হয়েছে। সোহেল রানার সমস্ত সম্পত্তির হিসাব ও হদিস প্রকাশ করা হয়েছে। তাকে যারা লাই দিয়ে মাথায় তুলে রেখেছিল, বিচারের আওতায় আনতে হবে তাদেরও। অন্যথায় পুলিশের মধ্যেই আরও শত সোহেল রানা সৃষ্টি হওয়ার ঝুঁকি থেকে যাবে।

এটাও মনে রাখতে হবে যে, সোহেলই 'সবেধন নীলমণি' একমাত্র পুলিশ কর্মকর্তা হতে পারেন না, যার এমন সম্পদের পাহাড় রয়েছে। আরও অনেকের যদি এমন বেনামি ও বেআইনি কারবার নাই থাকবে, তাহলে সোহেল এতদিন নির্বিঘ্নে সব চালিয়ে গেছেন কীভাবে? চোরদের সব মাসতুতো ভাইকে শনাক্ত ও আইনের আওতায় আনতে হবে। একইসঙ্গে পুলিশের কোনো কোনো সদস্যের অপরাধ ও অনিয়ম প্রবণতা নিয়েও কর্তৃপক্ষকে দীর্ঘমেয়াদে ভাবতে বলি আমরা। অস্বীকার করা যাবে না যে, কতিপয় ব্যক্তির অপকর্ম দিয়ে গোটা বাহিনীর সুনাম ও ভাবমূর্তি নির্ধারিত হতে পারে না। আমরা এমন পুলিশও দেখেছি যারা জীবন বাজি রেখে দায়িত্ব পালন করেন। বিশেষত করোনা পরিস্থিতিতে এই বাহিনীর জনবান্ধব ভূমিকা বিপুল প্রশংসিত হয়েছে। কিন্তু গত কিছুদিন ধরে পুলিশেরই কিছু সদস্যের যেভাবে একের পর এক কীর্তি প্রকাশ হচ্ছে, তাতে এই ধারণা স্বাভাবিক যে পুলিশ বাহিনীতে ভূতগ্রস্ত শর্ষের সংখ্যা বেড়ে গেছে। আমরা দেখছি, ফেনীতে ডিবি পুলিশের একদল সদস্য সোনা ছিনতাই করে নেওয়ার অঘটনের রেশ কাটতে না কাটতেই দিনাজপুরে সিআইডির এক কর্মকর্তা অপহরণ ও মুক্তিপণ আদায়ে জড়িয়ে গিয়েছিলেন।

মনে রাখা জরুরি, সংবাদমাধ্যম বা জনপরিসরে উঠে আসা এসব নজির 'নিমজ্জিত হিমশৈলীর দৃশ্যমান চূড়া' মাত্র। অধিকাংশ অঘটন আসলে আড়ালেই রয়ে যায়। আমরা জানি, তৃতীয় বিশ্বের আর দশটা দেশের মতো এখানেও পুলিশের কাঙ্খিত কার্যকারিতা সহজ নয়। কিন্তু বাহিনীটির কিছু অসাধু সদস্যের বিরুদ্ধে ঘুষ, দুর্নীতি এবং নাগরিক হয়রানির অভিযোগ ও প্রমাণ সত্ত্বেও আমরা অপরাধের শিকার হলে পুলিশেরই দ্বারস্থ হই। কিন্তু সেই পুলিশই যখন বড় অপরাধে জড়িয়ে পড়ে, তখন ভরসার কাচের দেয়ালটিও আসলে চূর্ণ-বিচূর্ণ হয়ে যায়। মনে রাখতে হবে, এমন একটি ঘটনাই বাকি অর্জন ম্লান করে দেওয়ার জন্য যথেষ্ট। গুটি কয়েক সদস্যের জন্য গোটা বাহিনীর বদনাম নিশ্চয় পুলিশ সদস্যরাও চান না। সোহেল রানাদের মতো ভূতগ্রস্ত শর্ষেগুলো অবিলম্বে ঝেরে ফেলতে না পারলে পুলিশের ভাবমূর্তি উন্নয়নের ভাব ও মূর্তি দুটোই অধরা থেকে যাবে।

নেতিবাচক খবরের প্রাধান্য

জিয়াউদ্দীন আহমেদ

বাংলাদেশের বিজ্ঞানী ফেরদৌসী কাদরী ম্যাগসেসে পুরস্কার পেয়েছেন; তিনি আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্র বাংলাদেশের (আইসিডিডিআরবি) একজন বিজ্ঞানী। বিশ্ব স্বাস্থ্য সংস্থার টিকাবিষয়ক বৈজ্ঞানিক উপদেষ্টামন্ডলীর সদস্যও ছিলেন তিনি। ড. কাদরী টিকা-সংক্রান্ত গবেষণা ও পরীক্ষার কাজে যুক্ত; তিনি মুখে খাওয়ার টিকার উন্নয়নে ভূমিকা রাখেন। সাশ্রয়ী মূল্যে টিকা উদ্ভাবনে তার অবদান অসামান্য। কক্সবাজারে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের তার উদ্ভাবিত সাশ্রয়ী মূল্যের টিকা দিয়ে তিনি লাখ লাখ রোহিঙ্গাকে কলেরার প্রাদুর্ভাব থেকে রক্ষা করেছেন। টিকার উদ্ভাবন ও উন্নয়নের গবেষণায় তার অবদান স্বীকার করে ফিলিপিন্সের র‍্যামন ম্যাগসেসে কমিটি ফেরদৌসী কাদরীসহ বিভিন্ন দেশের আরও তিনজনকে এই পুরস্কার প্রদান করে। ফিলিপিন্সের প্রয়াত প্রেসিডেন্ট র‍্যামোন ম্যাগসেসের স্মরণে ১৯৫৭ সনে প্রবর্তিত এই পুরস্কার দালাই লামা, সত্যজিৎ রয়, পন্ডিত রবিশংকর, মহেশ্বতা দেবী, আক্তার হামিদ খান, ফজলে হাসান আবেদ, জাফর উল্লাহ চৌধুরী, মোহাম্মদ ইউনুস প্রমুখ ব্যক্তিগণকে দেয়া হয়েছে।

যুক্তরাষ্ট্রের এনবিসি চ্যানেল সারা বিশ্বের ২২০ কোটি মেধাবী শিশুর নানাভাবে পরীক্ষা নিয়ে গত বছর যে ২০ শিশুকে সবচেয়ে মেধাবী হিসেবে স্বীকৃতি দেয় তাদের মধ্যে একজন হচ্ছে বাংলাদেশী বংশোদ্ভূত সুবর্ণ আইজ্যাক বারী। ২০১২ সনে জন্ম নেয়া সুবর্ণকে ক্ষুদে আইনস্টাইনও বলা হয়। ২০১৮ সনে ৬ বছর বয়সে সুবর্ণকে হার্ভার্ড বিশ্ববিদ্যালয় থেকে 'বিজ্ঞানী' হিসেবে স্বীকৃতি দেয়া হয়। পিএইচডি পর্যায়ের গণিত, পদার্থবিজ্ঞান এবং রসায়ন-এর সমস্যাগুলো সে অনায়সে সমাধান করতে পারে। রুইয়া কলেজ অফ মুম্বাই বিশ্ববিদ্যালয় তাকে ভিজিটিং অধ্যাপক পদার্থবিজ্ঞানী হিসেবে নিয়োগ দিয়েছে। ২০২০ সনে নেদারল্যান্ডসের হেগে আয়োজিত সম্মেলনে কিডস রাইটস ফাউন্ডেশন কর্তৃক আন্তর্জাতিক শিশু শান্তি পুরস্কার পেয়েছে বাংলাদেশের নড়াইলের কিশোর সাদাত রহমান। সাইবার অপরাধ থেকে শিশুদের সুরক্ষার 'সাইবার টিনস' নামে যে মোবাইল অ্যাপিকেশনটি সে তৈরি করে তা দিয়ে ভুক্তভোগীর সঙ্গে গোপনে আইন প্রয়োগকারী সংস্থার যোগাযোগ সৃষ্টি করা সম্ভব হয়। বাংলাদেশের গ্রামবাংলার মানুষের আবহমানকালের খাবার পান্তা ভাত আর আলু ভর্তা পরিবেশন করে অস্ট্রেলিয়ায় তৃতীয় স্থান অধিকার করেছেন বাংলাদেশী বংশোদ্ভূত কিশোয়ার চৌধুরী।

ওমানের মাস্কাট থেকে যাত্রীবাহী ফ্লাইট নিয়ে ফেরার পথে ভারতের আকাশে হার্ট অ্যাটাকের শিকার হয়ে বাংলাদেশ বিমানের পাইলট ক্যাপ্টেন নওশাদ আতাউল কাইউম মারা গেলেও শতাধিক যাত্রীসহ বিমানটি রক্ষা পেয়েছে। আরও অনেকগুলো স্বস্তিদায়ক খবর আছে- বাংলাদেশে করোনার প্রকোপ কমছে এবং সব শিক্ষাপ্রতিষ্ঠান খোলার পদক্ষেপ নেয়া হয়েছে। বাংলাদেশে মেট্রোরেলের পরীক্ষামূলক চলাচল শুরু হয়েছে। বিদ্যুৎচালিত এই মেট্রোরেল চালু হলে ঢাকার যানজট সমস্যার অনেকটা সমাধান হবে। মেট্রোরেলে ২৪টি ট্রেনপ্রতি ঘণ্টায় আপ ও ডাউন রুটে ৬০ হাজার যাত্রী আনা নেয়া করতে সক্ষম হবে। সবচেয়ে বড় সুখবর হচ্ছে, পদ্মা সেতুর সঙ্গে বিগত এক সপ্তাহে কোন ফেরির ধাক্কা লাগেনি।

করোনা মহামারির আর্থিক চ্যালেঞ্জের মধ্যেও বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি আশাব্যঞ্জক।

উৎপাদন সম্প্রসারণে যে শক্তি সবচেয়ে বেশি প্রয়োজন তা হচ্ছে বিদ্যুৎ; শেখ হাসিনার সরকার এই বিদ্যুৎ উৎপাদনে সাহসিকতার পরিচয় দিয়েছে। পাকিস্তান আমলে যে প্রকল্পের কথা আমরা স্কুলে পড়েছি সেই রূপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্পের বাস্তবায়নে শেখ হাসিনা অনেক দূর এগিয়ে গেছেন। বিদ্যুতের অনেকগুলো মেগাপ্রকল্প এখন বাস্তবায়নাধীন। মাথাপিছু আয়, শ্রমশক্তিতে নারীর অংশগ্রহণ ইত্যাদি অনেকগুলো ক্ষেত্রে পার্শ্ববর্তী দেশগুলো থেকে বাংলাদেশ এগিয়ে রয়েছে। এর বাইরেও সাফল্য রয়েছে, সাম্প্রতিককালে ক্রিকেটে বাংলাদেশ অস্ট্রেলিয়াকে হারিয়েছে, নিউজিল্যান্ডের বিরুদ্ধেও জিতেছে।

এসব ইতিবাচক খবরে আমরা অনুপ্রাণিত হই, হাজারো প্রতিকূলতা সামলে নিয়ে বাংলাদেশের অর্থনীতি যেভাবে ঘুরে দাঁড়াচ্ছে তাতে উজ্জীবিত হই। কিন্তু পরক্ষণেই যখন মানসপটে ভেসে উঠে, কাজের সন্ধানে নৌকায় করে সাগরপাড়ি দিতে গিয়ে হাজার হাজার বাঙালির ভূমধ্যসাগরে সলিল সমাধি হচ্ছে, তখন আর উন্নয়নের স্লোগানে উজ্জীবিত হতে পারি না। অসংখ্য লোকের কর্মসংস্থান করা দুঃস্বপ্ন; প্রতি বছর যে পরিমাণ কর্মসংস্থান হয় তারচেয়ে অনেক বেশি লোক বেকার হচ্ছে। রকেটের গতিতে উন্নয়ন হলেও বেকার সমস্যার সমাধান হবে বলে মনে হয় না। জনসংখ্যার চাপে সেনাবাহিনী আর পুলিশ দিয়েও লকডাউন কার্যকর করা যায়নি, খাবার দেয়া সম্ভব না হওয়ায় জীবনের চেয়ে জীবিকার ওপর বেশি গুরুত্ব দিতে হয়েছে। খাদ্যে স্বয়ম্ভরতা টেকসই হচ্ছে না, প্রাকৃতিক দুর্যোগ দেখা দিলেই টনে টনে চাল আমদানি করতে হচ্ছে। তাই অনুন্নত দেশের তালিকা থেকে বেরিয়ে আসার তড়িঘড়ি প্রচেষ্টা যেন বুমেরাং না হয় তাও দেখতে হবে; এই অর্জনে মর্যাদা বাড়লেও প্রচুর সুযোগ-সুবিধা হারাতে হবে।

করোনা প্রকোপে সারা বিশ্বের মানুষের জীবন ও জীবিকার সংকট প্রকট হয়ে উঠেছে। টিকার ব্যাপক হারে প্রয়োগে উন্নত দেশগুলোতে করোনার প্রকোপ দ্রুত কমে যাচ্ছে, তাদের দেশে সবকিছু আগের মতো চালু হয়ে যাচ্ছে। বাংলাদেশে টিকার সংকট কাটাতে চীনের সিনোফার্মার সঙ্গে চুক্তি করে একটি ওষুধ কোম্পানি করোনার টিকা তৈরি করতে যাচ্ছে, বাংলাদেশ সরকারও এদের কাজ থেকে প্রচুর টিকা নিয়েছে এবং নেবে। এমন সুখবরের মধ্যেও নেতিবাচক ভাবনায় আক্রান্ড় হচ্ছি। বিশ্ব রাজনীতির খেলায় সিনোফার্মার টিকা দিয়ে ৩/৪টি দেশের বাইরে অন্য কোন দেশে যাওয়া যাবে না। আমাদের দেশের লোকেরা সিনোফার্মের টিকা নিয়ে পড়ার জন্য, চাকরির জন্য, ব্যবসার জন্য বিদেশে যেতে গিয়ে সমস্যায় পড়বে। তাই এই টিকা বিদেশ গমনেচ্ছুদের দেয়া ঠিক হবে বলে মনে হয় না, এই টিকা গ্রহণের ক্ষেত্রে অবশ্যই অপশন থাকা প্রয়োজন। করোনার জন্য বহু ছেলেমেয়ে বিদেশে পড়তে যাওয়ার প্রস্তুতি নিতে পারেনি, শিগগিরই তারা আনুষ্ঠানিকতা সম্পন্ন করে বিদেশে যাবে, তাদের সিনোফার্মের টিকা দেয়া ঠিক হবে বলে মনে হয় না। উন্নত দেশগুলোর মতো পছন্দ অনুযায়ী টিকা নেয়ার ব্যবস্থা সীমিত পর্যায়ে হলেও চালু করা জরুরি।

ইতিবাচক ঘটনা নিয়ে লেখার আগ্রহে আবার ভাটা পড়েছে। টিকা নেয়ার জন্য লক্ষ লক্ষ লোক নিবন্ধন করেছেন, কিন্তু টিকার অভাবে আবারও দুর্নীতির সংবাদ পেলাম। ভ্যাকসিন চুরি সম্পর্কিত আমার কলামটি পড়ে আমার বন্ধুর বউ লিখেছেন, 'ভাই, গত মার্চ মাসে টিকার জন্য রেজিস্ট্রেশন করেছিলাম। পাঁচ মাস ধরে প্রতিদিন মোবাইলে মেসেজ চেক করি, মেসেজ তো আর আসে না। জুলাই মাসের প্রথম দিকে সংশ্লিষ্ট হাসপাতালে (হাসপাতালের নাম আমি উল্লেখ করলাম না) খোঁজ নিতে গেলে 'সময় হলে জানাবে' বলে আমাকে বিদায় করে দিল। আরও এক মাস পর করোনার প্রকোপ বেড়ে গেলে আমি অস্থির হয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ে কর্মরত আমার ফুফাতো ভাইয়ের কাছে জানতে চাইলে সে মন্ত্রণালয়ের ওয়েবসাইট চেক করে দেখে যে, আমাকে টিকা দেয়া সম্পন্ন হয়েছে এবং টিকার দেয়ার তারিখও উল্লেখ রয়েছে। আমার ডাক্তার পড়ুয়া ছেলে খোঁজ নিয়ে জানতে পারে যে, এমন ঘটনা আরও অনেকের ক্ষেত্রে ঘটেছে। ৩১ জুলাই সংশ্লিষ্ট হাসপাতালে গিয়ে সব কাহিনী বলার পর কোন শব্দ উচ্চারণ না করে নীরবে আমাকে টিকা দিয়ে দিল'।

> **করোনা প্রকোপে সারা বিশ্বের মানুষের জীবন ও জীবিকার সংকট প্রকট হয়ে উঠেছে। টিকার ব্যাপক হারে প্রয়োগে উন্নত দেশগুলোতে করোনার প্রকোপ দ্রুত কমে যাচ্ছে, তাদের দেশে সবকিছু আগের মতো চালু হয়ে যাচ্ছে। বাংলাদেশে টিকার সংকট কাটাতে চীনের সিনোফার্মার সঙ্গে চুক্তি করে একটি ওষুধ কোম্পানি করোনার টিকা তৈরি করতে যাচ্ছে, বাংলাদেশ সরকারও এদের কাজ থেকে প্রচুর টিকা নিয়েছে এবং নেবে।**

পরীমনির বাসায় মদের বোতল পাওয়া আর ব্যক্তিগত গোপনীয় বিষয় নিয়ে মিডিয়া বা সামাজিক যোগাযোগমাধ্যম যেভাবে মাতামাতি করেছে বিজ্ঞানী ফেরদৌসী কাদরী, সুবর্ণ বা সাদাতকে নিয়ে তেমন গুরুত্ব দেয়নি পরীমনির বাসায় মদের বোতল পাওয়া আর ব্যক্তিগত গোপনীয় বিষয় নিয়ে মিডিয়া বা সামাজিক যোগাযোগমাধ্যম যেভাবে মাতামাতি করেছে বিজ্ঞানী ফেরদৌসী কাদরী, সুবর্ণ বা সাদাতকে নিয়ে তেমন গুরুত্ব দেয়নি। এক্ষেত্রে শুধু মিডিয়াকে একতরফা দোষ দেয়া সমীচীন হবে না, কারণ পাঠক এবং দর্শক নেতিবাচক খবরের প্রতি বেশি আগ্রহান্বিত। পাঠক এবং দর্শকের এমন আগ্রহের কারণেই ইতিবাচক খবরের প্রচারণা ২৪ ঘণ্টার বেশি স্থায়ী হয় না, আমাকেও ইতিবাচক খবরের পর শেষ পর্যন্ত নেতিবাচক খবর দিয়েই লেখা শেষ করতে হলো।

[লেখক: বাংলাদেশ ব্যাংকের সাবেক নির্বাহী পরিচালক ও সিকিউরিটি প্রিন্টিং করপোরেশনের সাবেক ব্যবস্থাপনা পরিচালক]
e-mail: ahmedzeauddin0@gmail.com

নামাজের সময়-সূচী

সেপ্টম্বর	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯
ফজর	৫.১৭	৫.১৮	৫.১৯	৫.২০	৫.২১	৫.২৩	৫.২৪
সূর্যোদয়	৬.৩৩	৬.৩৪	৬.৩৫	৬.৩৬	৬.৩৭	৬.৩৮	৬.৩৯
জোহর	১২.৫২	১২.৫২	১২.৫১	১২.৫১	১২.৫০	১২.৫০	১২.৫০
আসর	৫.১৯	৫.১৭	৫.১৬	৫.১৫	৫.১৩	৫.১২	৫.১০
মাগরিব	৭.১০	৭.০৯	৭.০৭	৭.০৫	৭.০৪	৭.০২	৭.০০
এশা	৮.২৬	৮.২৪	৮.২২	৮.২০	৮.১৮	৮.১৭	৮.১৫

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৪ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৫ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

সুন্দর কথা বলুন : ঈমানের দাবী পূরণ করুন



জাফর আহমাদ

"তুমি কি দেখছো না আল্লাহ কালিমা তাইয়্যেবার উপমা দিয়েছেন কোন জিনিষের সাহায্যে? এর উপমা হচ্ছে যেমন একটি ভালো জাতের গাছ, যার শিকড় মাটির গভীরে প্রোথিত এবং শাখা-প্রশাখা আকাশে পৌঁছে গেছে। প্রতি মহুর্তে নিজের রবের হুকুমে সে ফলদান করে। এ উপমা আল্লাহ তা'আলা এ জন্য দেন যাতে লোকেরা এর সাহায্যে শিক্ষা লাভ করতে পারে। অন্যদিকে অসৎ বাক্যের উপমা হচ্ছে, একটি মন্দ গাছ, যাকে ভূপৃষ্ঠ থেকে উপড়ে দূরে নিক্ষেপ করা হয়,যার কোন স্থায়িত্ব নেই।"(সুরা ইবরাহিমঃ ২৪-২৫)

পৃথিবীর সর্বোত্তম কথা হলো কালিমাতুত তাইয়্যেবা তথা "লা-ইলাহা ইল্লাল্লাহু" অর্থাৎ আল্লাহ ছাড়া কোন ইলাহ্ নাই"। এটি এমন একটি বাক্য যার মাধ্যমে মুসলিম মিল্লাত তাদের জীবনের ভিত রচনা করেন। যেই কালিমার মাধ্যমে মানুষ ঈমান নামক সবুজ অরণ্যে প্রবেশ করেন। যিনি কালিমা তাইয়্যেবার ভিত্তিতে নিজের জীবন ব্যবস্থাকে গড়ে তুলেন, তার চিন্তাধারায় পরিচ্ছন্নতা, স্বভাবে প্রশান্তি, মেজাজে ভারসাম্য, চরিত্রে পবিত্রতা, আচরণে মাধুর্যতা, ব্যবহারে নম্রতা, লেনদেনে সততা, কথাবার্তায় সত্যবাদিতা, ওয়াদা ও অংগীকারে দৃঢ়তা, সামাজিক জীবন যাপনে সদাচার, কথা-বার্তায় চিন্তার ছাপ, চেহেরায় পবিত্রতার ভাব ফুটে উঠবে। মোট কথা ব্যক্তির সামগ্রীক জীবন ব্যবস্থায় বৈপ্লবিক একটা পরিবর্তন সুচিত হবে। যার জীবনধারার কোথাও কোন অসঙ্গতি থাকবে না। সর্বোপুরি একজন মুমিন আল-কুরআন অনুযায়ী কথা বলবে এবং আল কুরআন অনুযায়ী কথা পরিত্যাগ করবে। আল-কুরআনের নির্দেশনা অনুযায়ী জীবন চলার পথে কিছু জিনিষকে গ্রহণ করবে আবার কিছু জিনিষকে ত্যাগ করবে। একজন মুমিনই মুত্তাকী, একজন মুত্তাকীই মুমিন। আর এ মুমিন ও মুত্তাকীর জন্য আল্লাহ রাব্বুল আলামীনের পক্ষ থেকে অমূল্য উপহার হচ্ছে আল-কুরআন। আল্লাহ তা'আলা বললেন:-"আলিফ-লাম-মিম। (এই নাও) সেই কিতাব (আল-কুরআন) তাতে সন্দেহের কোন অবকাশ নাই, ইহা মুত্তাকী লোকদের পথ দেখাবে।"(সুরা বাকারা-১-২) আল কুরআন তাকওয়ার গুণ ও বৈশিষ্ট্যের অধিকারী মুমিন লোকদের ভালো-মন্দের পার্থক্য নিরূপণের জন্য এবং অন্ধকারে নিশ্চিন্তে পথ চলার শক্তি ও আলো যোগাবে। কুর-আন বলবে কোনটি জান্নাতের পথ, আর কোনটি জাহান্নামের পথ। আল্লাহ তা'আলা বলেনঃ "আর এ কুরআন হচ্ছে মানব জাতির জন্য পথের দিশা। মানুষের জন্য (হক বাতিলের) পার্থক্যকারী।" (সুরা-বাকারা-১৮৫)

একজন মুমিন এমন কথা বলা উচিত নয়, যা একটি মারাত্মক বোমার চেয়েও ক্ষতিকর। একটি বোমা নির্দিষ্ট কিছু লোকের জান-মালের ক্ষতি করে থাকে। কিন্তু একটি খারাপ কথা সমাজ ভাঙ্গনের কার্যকরী হাতিয়ার হিসাবে কাজ করে থাকে। সমাজকে বিভিষিকাময় পরিস্থিতির মুখোমুখী করে। সমাজে ভ্রাতৃত্ববোধের স্থান দখল করে নেয় হিংসা-হানাহানি, বিদ্বেষ আর অহংবোধ। আর এর ফলে মানুষ চরম দুঃখ-দূর্দশার সম্মুখীন হয়। অথচ একজন মু'মিন কখনো অন্য একজন মু'মিনকে কষ্ট দিতে পারে না। সে কথাটি যদি আবার সঠিক না হয়, কিংবা সেটি লক্ষ লক্ষ মানুষের মনোকষ্টের কারণ হয়, তাহলে ব্যাপারটি আরো মারাত্মক। কারন আল্লাহ তা'আলা বলেছেনঃ "মু'মিনরা তো পরস্পর ভাই ভাই। অতএব তোমাদের ভাইদের মধ্যকার সম্পর্ক ঠিক করে দাও। আল্ল-াহকে ভয় করো, আশা করা যায় তোমাদের প্রতি মেহেরবাণী করা হবে।" (সুরা হুজরাত ঃ ১০) আল্লাহ তা'আলা আরো বলেন, "মানুষ খারাপ কথা বলে বেড়াক, তা আল্লাহ তা'আলা পছন্দ করেন না। তবে কারো জুলুম করা হলে তার কথা স্বতন্ত্র। আর আল্লাহ সবকিছু শোনেন ও জানেন।" (সুরা নিসা ঃ ১৪৮)

হযরত আবু হোরায়রা (রাঃ) বর্ণনা করেছেন যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন ঃ "প্রত্যেক মুসলমানের জন্য অপর মুসলমানের জান, মাল ও ইজ্জত হারাম।" (মুসলিম ও তিরমিযি) হযরত আবু সাঈদ খুদরী (রাঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন ঃ "এক মুসলমান আরেক মুসলমানের ভাই। সে তার ওপর জুলুম করে না, তাকে সহযোগীতা করা পরিত্যাগ করে না এবং তাকে লাঞ্ছিত ও হেয় করে না। কোন ব্যক্তির জন্য তার কোন মুসলমান ভাইকে হেয় ও ক্ষুদ্র জ্ঞান করার মত অপকর্ম আর নাই।" (মুসনাদে আহমাদ) রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন ঃ "মুসলিম সে, যার মুখ ও হাত থেকে অপর মুসলমান নিরাপদ থাকে।" (সহিহ বুখারী)

পৃথিবীর সর্বোত্তম কথা হলো, কালিমা তাইয়্যেবা তথা তাওহীদে বা আল্লাহর একত্ববাদে বিশ্বাস। সে কথাটি হলো "আল্লাহ ছাড়া কোন ইলাহ নাই।" এক আল্লাহর প্রতি বিশ্বাস থেকে ভ্রাতৃত্বের মূল্যবোধ উদ্ভূত। প্রত্যেকেই এক আল্লাহতে বিশ্বাসী এবং প্রত্যেকেই এক আদমের (আঃ) বংশদ্ভূত, কাজেই ভ্রাতৃত্ব, পারস্পরিক নির্ভরশীলতা ও সৌহার্দ ঈমানেরই অংগ। ঈমানের এই ঐক্য মানুষের পার্থিব সকল কার্যকলাপকে সুসংহত করে। যেহেতু আমরা একই মনিবের গোলাম, তাই আমাদের একে অপর থেকে বিশেষ মর্যাদা পেতে পারে না। তবে হাঁ, যারা সেই মনিবকে বেশী ভয় করে সে অবশ্যই বেশী মর্যাদা পাবার অধিকারী। যেমন আল্লাহ তা'আলা বলেন" হে মানব সম্প্রদায়! আমি তোমাদেরকে একই পুরুষ একই নারী থেকে সৃষ্টি করেছি এবং বিভিন্ন সম্প্রদায় ও বিভিন্ন গোত্র-বর্ণে বিভক্ত করেছি, যেন তোমরা পরস্পরকে চিনতে পার। তোমাদের মধ্যে সেই ব্যক্তিই আল্লাহর কাছে অধিক মর্যাদাশীল, যে তোমাদের মধ্যে বেশী ভয় করে। আল্লাহ নিশ্চয় অতিশয় জ্ঞানী ও সর্বজ্ঞ।" (সুরা হুজরাত ঃ ১৩) বিশ্বাসের এ ঐক্য মানুষের প্রতি মানুষের হিংসা,বিদ্বেষ, কটুক্তি,দুরুক্তি, তিরস্কার, বিদ্রুপ, অশালীন ও অশ্রাব্য কথা বলতে বাধার সৃষ্টি করে। কারণ মন্দ কথা হলো 'কালিমাতুল খাবিসা'। মন্দ কথায় কোন লাভ নেই। এতে কোন উপকার নেই। আছে ক্ষতি আর ক্ষতি। এটি নিজের ব্যক্তিত্ব, সুনাম ও মর্যাদাকে ক্ষুন্ন করে। মন ও চরিত্রকে করে কুলষিত। ভ্রাতৃত্ববোধ বিনষ্ট হয়। যে মন্দ কথা বলে তাকে সকলেই ঘৃণা করে। এছাড়াও মন্দ কথা সমাজে স্বল্প ও দীর্ঘ মেয়াদী বিপর্যয় ও বিশৃংখলা সৃষ্টি করে থাকে।

সুন্দর করে কথা বলা মানুষের শ্রেষ্ট একটি গুণ। আর এটি আল্লাহর এক বিশেষ দান। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমার ভাইয়ের সাথে হাসি মুখে কথা বলা একটি দান।" সুতরাং সুন্দর ও ভালো কথা বলুন। সুন্দর ও ভালো কথা ঐক্যকে সুদৃঢ় করে। ঈমান আনার পরই মুমিনদেরকে সংঘবদ্ধ হওয়ার জন্য বিশেষভাবে তাগিদ প্রদান করা হয়েছে। বিচ্ছিন্নতাকে করা হয়েছে হারাম। ঐক্যের ব্যাপারে আল্লাহর নির্দেশ হচ্ছেঃ "তোমরা আল্লাহর রজ্জুকে সকলে দলবদ্ধ বা জামায়াতবদ্ধ বা ঐক্যবদ্ধভাবে শক্ত করে ধারণ কর এবং পরস্পর বিচ্ছিন্ন হয়োনা।"

পৃথিবীর প্রথম মহামানব হযরত আদম (আঃ) থেকে শেষ নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পর্যন্ত ইসলাম যে জিনিসটির প্রয়োজনীয়তাকে তীব্রাকারে উপলব্ধি করেছে সেটি হলো ঐক্য বা 'বু-নিয়ানুম মারসুস'। আর এ বুনিয়ানুম মারসুস বা ঐক্য গড়ার জন্য আল্লাহ তা'আলা মানুষকে প্রথমেই যে শিক্ষা দিয়েছেন তা হলোঃ সুন্দরভাষায় ও ভালো কথার মাধ্যমে মানুষকে ডাকো। সকল আম্বিয়ায়ে কেরাম তাদের মিশণকে এগিয়ে নেয়ার সিংহভাগ কৃতিত্বের দাবীদার ছিল 'তাঁদের সুন্দর আচরণ, যাকে আল কুরআন 'শুয়াদা আ'লান নাস' বা বাস্তব সাক্ষ্য হিসাবে অভিহিত করা হয়েছে। ইসলামে ভালো কথা ও আচরনের গুরুত্ব কতটুকু তা নিম্নলিখিত আয়াতগুলো থেকে অনুমেয়। আল্লাহ তা'আলা বলেন, "আমি দাউদের রাষ্ট্র ক্ষমতাকে পাকাপোক্ত করে দিয়েছিলাম এবং তাকে দিয়েছিলাম প্রজ্ঞা আর সর্বোত্তম বাগ্মিতার শক্তি বা অকাট্য কথা বলার যোগ্যতা।" (সুরা সোয়াদ:২০) হযরত মুসা ও হারুন (আঃ) ফিরাউনের কাছে প্রেরণের প্রাক্কালে আল্লাহ তা'আলা বলেন: "তোমরা দু'জন যাও ফেরাউনের কাছে, সে বিদ্রোহী হয়ে গেছে। আর তার সাথে কোমলভাবে কথা বলবে, যাতে করে সে উপদেশ গ্রহণ করে, কিংবা ভীত হয়ে যায়।" (সুরা ত্বাহা:৪৩-৪৪)

শেষ নবী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আল্লাহ তা'আলা বলেন: "হে মুহাম্মদ, আমার বান্দাদেরকে বলো, তারা যেন মুখ হতে সে সব কথাই বের করে যা অতি উত্তম। আসলে শয়তানই মানুষের মধ্যে বিপর্যয় সৃষ্টি করে থাকে। প্রকৃত কথা হলো, শয়তান মানুষের প্রকাশ্য শত্রু।" (সুরা বনী ইসরাঈল ঃ ৫৩) আল্লাহ তা'আলা বলেন: "এটা আল্লাহ তা'আলারই দয়া যে, তুমি তাদের প্রতি ছিলে কোমল প্রকৃতির। তা না হয়ে যদি তুমি তাদের প্রতি কঠোর হতে, তাহলে তারা তোমার নিকট থেকে সরে যেত।" (সুরা আল ইমরান:১৫৯) "তোমার রবের পথে হিকমত ও সুন্দর ভাষায় আহবান করো।"(সুরা নাহলঃ১২৫) :"যারা তোমার অনুসরণ করে সে সকল বিশ্বাসীদের প্রতি বিনয়ী হও।" (সুরা শুয়ারা ঃ ২১৫) রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও মু'মেনদের সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন:"তখন আল্লাহ তাঁর রাসুল ও মুমেনদের প্রতি প্রশান্তি নাযিল করলেন এবং তাদের জন্যে ন্যায় ও বিবেকসম্মত বা তাক্ওয়ার কথা বলা কর্তব্য করে দিলেন, আর তারাই এ ধরনের কথা বলার অধিক উপযুক্ত।" (সুরা ফাতাহ:২৬)

সুন্দর করে কথা বলা মানুষের শ্রেষ্ট একটি গুণ। আর এটি আল্লাহর এক বিশেষ দান। রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমার ভাইয়ের সাথে হাসি মুখে কথা বলা একটি দান।" সুতরাং সুন্দর ও ভালো কথা বলুন। সুন্দর ও ভালো কথা ঐক্যকে সুদৃঢ় করে। ঈমান আনার পরই মুমিনদেরকে সংঘবদ্ধ হওয়ার জন্য বিশেষভাবে তাগিদ প্রদান করা হয়েছে। বিচ্ছিন্নতাকে করা হয়েছে হারাম। ঐক্যের ব্যাপারে আল্লাহর নির্দেশ হচ্ছেঃ "তোমরা আল্লাহর রজ্জুকে সকলে দলবদ্ধ বা জামায়াতবদ্ধ বা ঐক্যবদ্ধভাবে শক্ত করে ধারণ কর এবং পরস্পর বিচ্ছিন্ন হয়োনা।" (সুরা আল ইমরান ঃ ১০৩) তাছাড়া এ আয়াতের শেষের দিকে ইসলাম নামক নিয়ামতের মাধ্যমে ঐক্যবদ্ধ হওয়ার জন্য আল্লাহ নিশ্চিত ধ্বংসের কবল থেকে উদ্ধারের কথা বলেছেনঃ " আল্লাহ তোমাদের প্রতি যে অনুগ্রহ করেছেন সে কথা স্মরণ রেখো। তোমরা ছিলে পরস্পরে শুত্রু। তিনি তোমাদের হৃদয়গুলো জুড়ে দিয়েছেন। ফলে তার অনুগ্রহ ও মেহেরবানীতে তোমরা ভাই ভাই হয়ে গেছো। (তোমাদের অবস্থা এমনটি হয়েছিল যে,) তোমরা একটি অগ্নিকুন্ডের কিনারে দাঁড়িয়ে ছিলে। আল্লাহ সেখান থেকে তোমাদের বাঁচিয়েছেন। এ ভাবে আল্ল-াহ তাঁর নিদর্শনসমুহ তোমাদের সামনে সুস্পষ্ট করে তুলেন। হয়ত এ নিদর্শনগুলোর মাধ্যমে তোমরা নিজেদের কল্যাণের সোজা পথ দেখতে পাবে।" (সুরা আলে ইমরান ঃ ১০৩) এ আয়াতের আলোকে যারা ঐক্যকে বিনষ্ট করার নিমিত্থে বিচ্ছিন্নতার কথা বলে বেড়ায় এবং বিশৃংখলা সৃষ্টির মাধ্যমে বিভিন্ন দল, উপদলে বিভক্ত হয়, তারা অবশ্যই অনৈসলামিক কাজ করছেন। এর ফলে সমাজে বিপর্যয় সৃষ্টি হয়। আর বিপর্যয় সৃষ্টি করা শয়তানের কাজ। আল্লাহ তা'আলা বলেন: "হে মুহাম্মদ, আমার বান্দাদেরকে বলো, তারা যেন মুখ হতে সে সব কথাই বের করে যা অতি উত্তম। আসলে শয়তানই মানুষের মধ্যে বিপর্যয় সৃষ্টি করে থাকে। প্রকৃত কথা হলো, শয়তান মানুষের প্রকাশ্য শত্রু।"(সুরা বনী ইসরাঈল ঃ ৫৩) সুতরাং কুরআন পড়ুন নিজেদের জ্ঞানের ভীতকে মজবুত করুন।

লেখক: ম্যানেজার, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ। জিন্দাবাজার, সিলেট।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

সিলেটে বিদিশা জাপায় উত্তেজনা

বাংলা পত্রিকা ডেস্ক: বিদিশা এরশাদের সিলেট সফরকে কেন্দ্র করে জাতীয় পার্টিতে তোলপাড় চলছে। রোববার দুপুরে মাজার জিয়ারতে এসেছিলেন বিদিশা। একই সময় সিলেট জাতীয় পার্টির নেতাকর্মীরা মহ-াসচিব জিয়াউদ্দিন বাবলুর রোগমুক্তি কামনা করে দরগাহে মিলাদ করেছেন। পরে তারা বিদিশার দল গঠন ও সঙ্গে থাকা সিলেটের নেতাকর্মীদের উপস্থিতি নিয়ে সমালোচনা করেন। সাবেক প্রেসিডেন্ট আলহাজ হুসেইন মুহম্মদ এরশাদের সাবেক স্ত্রী বিদিশা এরশাদ। সম্প্রতি তাকে ঘিরে জাতীয় পার্টিতে তুমুল আলোচনা । এই অবস্থায় পূর্ব ঘোষণা অনুযায়ী রোববার দুপুরে বিমানের একটি ফ্লাইটে বিদিশা সিলেটে আসেন। বিমানবন্দরে তাকে কয়েকজন নেতা স্বাগত জানান।

এরপর সেখান থেকে গাড়িযোগে চলে আসেন ওলিকুল শিরোমনি হযরত শাহ্জালাল (রহ.)-এর মাজারে। সেখানে মহিলা এবাদত খানায় তিনি কিছু সময় অবস্থান নিয়ে জোহরের নামাজ আদায় ও মোনাজাত করেন। পরে বেরিয়ে এসে তিনি সাংবাদিকদের সঙ্গে কথা বলেন। জাতীয় পার্টির পুনর্গঠনের জন্য তার এই সিলেট সফর দাবি করে বিদিশা এরশাদ বলেন- 'জাতীয় পার্টির অবস্থা এখন ভালো নেই। সরকারের সঙ্গে ভালো সমন্বয়ও নেই। সমন্বয় থাকলে সিলেট-৩ আসনে জাতীয় পার্টির প্রার্থী আতিকুর রহমান আতিক আরও ভোট পেতেন এবং এরশাদের লাঙ্গল মার্কা জয় লাভ করতো। আমাকে ঘিরে কোনো উপদল সৃষ্টি হবে না। এরশাদের ছেলে এরিকের ঘোষণা অনুযায়ী আমি মূল জাতীয় পার্টির কো-চেয়ারম্যান।' তিনি বলেন- 'সিলেটের মানুষ যেভাবে আমাকে রিসিপশন দিয়েছেন, গ্রহণ করেছেন তাতে আমি ভীষণ আবেগাপ্লুত। জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা হুসেইন মুহম্মদ এরশাদ সিলেটকে নিজের দ্বিতীয় বাড়ি মনে করতেন। আমিও যাতে এমনটা বলার জায়গায় যেতে পারি সে চেষ্টাই করছি।' এদিকে- সাংবাদিকদের সঙ্গে কথা বলার পর বিদিশা মাজারে শিরনি বিতরণ করেন। এরপর হোটেলে বিশ্রাম করেন এবং হোটেলে অবস্থানকালে তিনি স্থানীয় নেতাকর্মীদের সঙ্গে মতবিি-নময় করেন। রাতে বিমানের আরেকটি ফ্লাইনে তিনি ঢাকা চলে গেছেন। সফরে বিদিশার সঙ্গে ছিলেন এরিক এরশাদ ঘোষিত দলের ভারপ্রাপ্ত মহাসচিব ও এরশাদ ট্রাস্টের চেয়ারম্যান কাজী মামুনুর রশীদসহ কেন্দ্রীয় নেতারা। এদিকে- বিদিশা যখন মাজারে অবস্থান করছিলেন তখন সিলেট জাতীয় পার্টির নেতাকর্মীরা মাজার অভ্যন্তরে মিলাদ মাহফিলে ছিলেন। করোনা আক্রান্ত দলের মহাসচিব জিয়াউদ্দিন বাবলুর রোগমুক্তি কামনা করে তারা দোয়া করেন। পরে বেরিয়ে এসে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন সিলেট জাপার নেতারা। জেলার সদস্য সচিব উসমান আলী জানিয়েছেন- 'আমাদের মহাসচিব সিলেট-৩ আসনের নির্বাচনকে কেন্দ্র করে কিছুদিন সিলেটে অবস্থান করেছেন।

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

QATAR AIRWAYS القطرية

Emirates

TURKISH AIRLINES

السعودية SAUDIA

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

Digital Travel Astoria

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

We are on Facebook

website: www.digitaltraveltour.com

নিউইয়র্কে তিন দিনের বাংলাদেশ সম্মেলন সমাপ্ত

(৩ পাতার পর)

আলমগীর খান আলম। সম্মেলনের অনুষ্ঠানমালার মধ্যে ছিলো রিভার ক্রুজ, আলোচনা, বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর পূর্তি, কাব্য জলসা, চিত্র প্রদর্শনী আর সাংস্কৃতিক অনুষ্ঠান। ছিলো বিভিন্ন পসরা সাজানো বেচা-কেনার একাধিক স্টল। খবর ইউএনএ'র।

সম্মেলনের উদ্বোধনী দিনে শুক্রবার ছিলো নিউইয়র্কের ঐতিহাসিক ইষ্ট রিভারের তীরে স্কাইলাইন প্রিন্সেসের বিলাসবহুল জাহাজে নদী ভ্রমণ। এর আগে অপরাহ্নে বর্ণাঢ্য আয়োজনে রং বে রং-এর বেলুন উড়িয়ে সম্মেলনের উদ্বোধন করেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী, একুশে পদকপ্রাপ্ত রথীন্দ্র নাথ রায়। এসময় সর্বস্তরের প্রবাসী বাংলাদেশীরা উপস্থিত ছিলেন। এরপর দুই শতাধিক প্রবাসী নিয়ে ক্রুজটি ম্যানহাটারের চারিদিক পরিভ্রমণ করে। এসময় নদ, প্রকৃতি আর সন্ধ্যার আলোকজ্জল সৌন্দর্য সবাই উপভোগ করে মুগ্ধ হন। এছাড়াও সুধীজন শুভেচ্ছা বক্তব্য রাখেন। সাছে ছিলো এবং সঙ্গীত পর্ব আর র‍্যাফেল ড্র। ক্রুজ পর্বের অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন আশরাফুল হাসান ও সোনিয়া।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সদস্য সচিব আলমগীর খান আলম। এছাড়াও শুভেচ্ছা বক্তব্য রাখেন সম্মেলন কমিটির চেয়ারম্যান ছিলেন মোহাম্মদ আজাদ ও কনভেনর ডা. চৌধুরী সারোয়ারুল হাসান। আরো বক্তব্য রাখেন বাংলাদেশী-আমেরিকান পুলিশ এসোসিয়েশনের সভাপতি ক্যাপ্টেন করম চৌধুরী, কোষাধ্যক্ষ রাশিক মালিক, কমিউনিটি লীডার মনিরুল ইসলাম, কবি-লেখক ইশতিয়াক রুপু, কমিউনিটি অ্যাক্টিভিস্ট শিবলী সাদিক প্রমুখ।

বাংলাদেশের স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী উপলক্ষে বিশেষ প্রামান্য চিত্র প্রদর্শনীর মধ্যদিয়ে শনিবার সম্মেলনের দ্বিতীয় দিনের অনুষ্ঠান শুরু হয়। সাংবাদিক শামীম আল আমীন নির্মিত 'একটি দেশের জন্য গান' প্রামাণ চিত্রে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ, উন্নয়ন-অগ্রগতির কথা তুলে ধরা হয়। এদিন অনুষ্ঠিত কাব্য জলসায় অংশ নেন প্রবাসের কবি যথাক্রমে এবিএ সালেউদ্দিন, ফকির ইলিয়াস, শাহীন ইবনে দিলওয়ার ও ফারহানা ইয়াসমীন তুলি সহ সৈয়দ মামুনুর রশীদ, আহমদ সউল, শিবলী সাদিক, সেলিম ইব্রাহীম, শেলী জামান খান, ভায়লা সেলিনা লিজা, রোকেয়া দীপা, মাহফুজ, রওশন হাসান, শাহীন আক্তার মৌ প্রমুখ। সঞ্চালনায় ছিলেন কব্যি জলসা কমিটির চেয়ারম্যান ইশতিয়াক রূপু।

এদিন 'প্রবাসে বাঙালীর উন্নতি এবং সমস্যা' বিষয়ক সেমিনারে আলোচনায় অংশ নেন কনভেনর ডা. চৌধুরী সারোয়ারুল হাসান, কমিউনিটি নেতা ফাহাদ সোলায়মান প্রমুখ। সঞ্চালনায় ছিলেন সাংবাদিক রিমন ইসলাম। এছাড়াও অন্যান্য পর্বে শুভেচ্ছা বক্তব্য রাখেন জেবিবিএ'র সাবেক সাধারণ সম্পাদক তারেক হাসান খান। তিন বাংলা কবি সাহিত্যিকদের নিয়ে অনুষ্ঠানের মধ্য দিয়ে শুরু হয় সম্মেলনের তৃতীয় ও শেষ দিনের অনুষ্ঠানমালা। এই পর্বের উদ্বোধন করেন তিন বাংলা'র সভাপতি কবি ও সাংবাদিক সালেম সুলেরী। অনুষ্ঠানে ডা. চৌধুরী সারোয়ারুল হাসান, আলমগীর খান আলম ও আশরাফুল হাসান বুলবুল-কে উত্তরীয় পড়িয়ে দেন সালেম সুলেরী। কবি রওশন হাসানের সঞ্চালনায় এতে 'তিন বাংলা'র কবি, সাহিত্যিকগণের মধ্যে শামসুন এলিট, আশিস দেব রায়, নাসিমা আক্তার, তোফায়েল ইবনে সোলায়মান, তিলক দেব রায়, সুলতানা ফেরদৌসী, শহীদ উদ্দিন অংশ নেন। এরপর অনুষ্ঠিত সাংস্কৃতিক অনুষ্ঠান সহ মাজিদ ডিয়ারের ফ্যাশন শো।

এছাড়াও প্রতিদিন ছিলো মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে এতে বিভিন্ন দিন বাংলাদেশের জনপ্রিয় শিল্পী সৈয়দ আব্দুল হাদী, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী শহীদ হাসান, রেজওয়ানা চৌধুরী বন্যা, শুভ্র দেব ও শায়রা রেজা সহ প্রবাসের জনপ্রিয় শিল্পীদের মধ্যে সঙ্গীত পরিবেশন করেন ড. তনিমা হাদী, শাহ মাহবুব, কৃষ্ণা তিথি, রোকসানা মির্জা, শামীম সিদ্দিকী, নূরুজ্জামান লাল্টু, সেলিম ইব্রাহীম, রোজি আজাদ, রুবিনা শিল্পী, মরিয়ম মারিয়া, বীনা বর্মণ, আমানত হোসেন প্রমুখ। নৃত্য পরিবেশন করেন প্রিয়া ড্যান্স আর নৃত্যাঙ্গলী'র শিল্পীরা। বাদ্যযন্ত্রে ছিলেন তবলায় তপন মোদক ও সজীব মোদক, অক্টোপ্যাডে রিদ, লীড গিটারে চঞ্চল, কী বোর্ডে এম জামান এবং মন্দিরায় শহীদ উদ্দিন।

'বাংলাদেশ সম্মেলন'-এর বিভিন্ন পর্ব উপস্থাপনায় ছিলেন প্রবাসের বিশিষ্ট উপস্থাপক আশরাফুল হাসান বুলবুল। বিপুল সংখ্যকপ্রবাসী বাংলাদেশী প্রতিদিন সন্ধ্যা থেকে মধ্যরাত পর্যন্ত অনুষ্ঠানটি উপভোগ করেন।

সম্মেলন কমিটির কনভেনর ডা. চৌধুরী সারোয়ারুল হাসান এবং মেম্বার সেক্রেটারী আলমগীর খান আলম ইউএনএ প্রতিনিধি-কে জানান, প্রতিবছর লেবার ডে উইকেন্ডে নিউইয়র্কে 'বাংলাদেশ সম্মেলন' অনুষ্ঠিত হবে। একজন্য কমিউনিটির সবার সার্বিক সহযোগিতা কামনা করে বলেন- আমরা আগামীতে আরো বড় পরিসরে আরো ব্যাপক আয়োজনে সম্মেলন করার প্রত্যাশা করছি। বাংলা পত্রিকা'র সাংস্কৃতিক প্রতিনিধি অপু জানান, লাগোর্ডিয়া ম্যারিয়ট হোটেলের অডিটরিয়ামে বিপুল দর্শকদের উপস্থিতি দেখা যায়। বাংলাদেশ সম্মেলনে নিউইয়র্কের বিভিন্ন সংগঠন অংশ গ্রহন করেন। 'তিন বাংলা' ছিলো এর মধ্যে উল্লেখযোগ্য। ছোট ছোট নৃত্য শিল্পীদের নৃত্যে মুখর সন্ধ্যাটি ছিল দৃষ্টি নন্দিত। জনপ্রিয় সঙ্গীত শিল্পী শুভ্র দেব গান গেয়ে দর্শক মাতিয়েছেন। স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী শহীদ হাসানের গান দর্শকদের আনন্দ দিয়েছে। একুশে পদক প্রাপ্ত বাংলাদেশের জনপ্রিয় কণ্ঠ শিল্পী সৈয়দ আব্দুল হাদি এবং শান্তি নিকেতন থেকে রবীন্দ্র সংগীতে ডিগ্রীধারী, বহু পদকে সম্মানিত শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা'র গান শ্রোতাদের মন ভরিয়েছে। বন্যা বলেন- করোনা ভাইরাসের এই মরন থাবার পরেও আমাদের জীবন এখনও চলমান। তাই তিনি সবাইকে নিয়ে গাইলেন "আগুনের পরশ মনি ছুঁয়াও প্রাণে"। আনন্দিত দর্শক আনন্দিত রেজওয়ানা চৌধুরী বন্যা বলেন- করোনার পরে এই প্রথম স্টেজে গান করলাম। বাংলাদেশে এখনো সম্ভব না। তারপরে সৈয়দ আব্দুল হাদী মঞ্চে এলে উপস্থিত সকল দর্শক তাকে দাঁড়িয়ে সম্মান প্রদর্শণ করেন। তিনি তার জনপ্রিয় বেশ কিছু গান পরিবেশন করেন। তার সাথে কন্যা শিল্পী ড. তনিমা হাদীও দ্বৈত গান করেন। হল ভরা দর্শকের অনুরোধে তিনি "আছেন আমার মোক্তার, আছেন আমার ব্যারিষ্টার" গানটি পরিবেশন করেন। উপস্থিত সকল দর্শকও তার সাথে গাইতে থাকেন। শিল্পী বাংলাদেশ সম্মেলনের আয়োজকদের প্রশংসা করেন। প্রশংসা করেন এটনী মঈন চৌধুরী এই সুন্দর আয়োজনের জন্য। তিন দিনব্যাপী এই আয়োজনে নতুন প্রজন্মের শিল্পীদের অংশগ্রহন সম্মেলনের উজ্জ্বলতা বাড়িয়েছে বলে অনেকের অভিমত। সম্মেলনে প্রবাসের জনপ্রিয় শিল্পীদেও মধ্যে শাহ মাহাবুব, কৃষ্ণা তিথি, রোকসানা মির্জা, মামুন প্রমুখ শিল্পীরা অংম নেন।

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন


DR. MAHFUJUL HASAN D.D.S


DR. BORNALI HASAN MD

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন।
প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ব ঠরংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SHARIF TAX SERVICE



IRS Authorize e-file provider
37-47 77th Street,
Jackson Heights, NY 11372
PH: 917-547-7298
917-858-4249
e-mail: shariftaxservice@gmail.com

SHARIF Q. ALAM (HIRA)
B.Sc. (Hons), MS, DU
20 Years experience
Tax Prepare
NYS-Lic! Real Estate Sale agent

SERVICES:
● Tax Service
● Immigration
● Real Estate

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attomey & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration

Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

ছবি কথা বলে.....

বাংলা পত্রিকা ডেস্কঃ ছবিতে মা তার শিশু কন্যাকে কোলে নিয়ে ভাত রান্নাটা শেষ করতে পারবেন কিনা জানেন না, নদী ভাঙ্গনের ফাটল তার চুলা পর্যন্ত পৌঁছে গেছে। আর একটু পরই হয়তো নদী তার শেষ সম্বলটুকুও গ্রাস করে নেবে। উল্লেখ্য, ছবিটি বাংলাদেশের টাঙ্গাইলের সদর উপজেলার একটি গ্রাম থেকে গত সপ্তাহে তোলা ছবি। ছবিঃ আলামীন খান



DR. SADI ALAM, DPM

Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis:
196-22 Hillside Ave, Hollis, NY 11423

Jackson Heights Office:
7017 37th Ave, Jackson Heights, NY 11372

Brooklyn Office:
486 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office:
530 Conduit Blvd, Brooklyn, NY 11208

Bronx Office:
3099 Bainbridge Ave, Bronx, NY 10467

Parkchester Office:
1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং



আমরা বাংলায় কথা বলি

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ কারণে এই বিভাগ আপনাদেরই জন্য। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহের আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানোর চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

শর্ত সাপেক্ষে পার্মানেন্ট রেসিডেন্ট স্ট্যাটাসঃ

শর্ত সাপেক্ষে পার্মানেন্ট রেসিডেন্টের শর্ত প্রত্যাহার আবেদন ফরম আই-৭৫১ যারা সঠিকভাবে পূরণ করেছেন এবং বিনিয়োগকারী যারা স্থায়ী স্থায়ী রেসিডেন্ট সংক্রান্ত শর্ত পরিবর্তন করতে ফরম আই-৮২৯ পূরণ করে ১৮ মাস থেকে ২৪ মাস পর্যন্ত সময় বৃদ্ধিও আবেদন করেছেন, তাদের নোটিশের রিসিট দেখালেই ইউএসসিসআইএস সময় বৃদ্ধি করতে সম্মত হবে। ইউএসসিসআইএস ফরম আই -৭৫১ এবং আই ৮২৯ প্রসেসিং এর চলতি সময় ১৮ থেকে ২৪ মাস বৃদ্ধিও এই পরিবর্তন গত বছর থেকেই প্রবর্তিত হয়েছে।

তবে পরিবর্তনের এই শর্তের আওতায় কেবল তারাই উপযুক্ত বলে গণ্য হবে যাদের আবেদন পেন্ডিং আছে ৪ সেপ্টেম্বরের পূর্বে সঠিকভাবে ফরম আই -৭৫১ এবং আই ৮২৯ ফরম পূরণ করেছে। এই রিসিটি নোটিশ গ্রিনকার্ডের মেয়াদউত্তীর্ণের তারিখ শেষ হওয়ার পর ২৪ মাসের জন্য স্ট্যাটাস অব্যাহত থাকার প্রমাণ হিসেবে কাজ করবে।

এছাড়া, শর্ত সাপেক্ষ পার্মানেন্ট রেসিডেন্ট যারা যুক্তরাষ্ট্রের বাইরে ১ বছর বা ততোর্ধ সময়ের জন্য বাইরে থাকবেন তারা যুক্তরাষ্ট্রে পুণরায় প্রবেশের অনুমতির জন্য ট্রাভেল ডকুমেন্ট পেতে ফরম আই-১৩১ ফাইল করতে হবে।

কেস ফাইল আপডেট করার জন্য

ইউএসসিসআইএস'র নতুন ও ওয়েব পেজ ফাইলের ঠিকানা এবং লোকেশনের আপডেট জানার জন্য ইউএসসিসআইএস একটি নতুন লকবক্স ফাইলিং লোকেশন আপডেট সৃষ্টি করেছে। এতে একজন এই পেজ ব্যবহার করে সহজেই জানতে পারবে আবেদন ফাইল করতে হালনাগাদ কোন ঠিকানা ব্যবহার করতে হবে।

ইউএসসিসআইএস নিয়মিত এই পেজ হালনাগাদ করবে। আমরা একজন আবেদনকারীকে 'কোথায় ফাইল করতে হবে' এই রকম ফরমের চলতি তথ্য ওয়েব পেজে পাওয়া যাবে। কোথায় ফরমটি মেইল করতে হবে ওয়েব পেজে সে তথ্যও পাওয়া যাবে। সময়মত প্রসেস করতে গিয়ে কাজের বোঝা কমাতে ইউএসসিসআইএস ফাইল করার ঠিকানাও হালনাগাদ করবে।

আমাদের পাঠকরা যে সকল প্রশ্ন সাধারণভাবে সবাই জানতে চায় সে সেব প্রশ্নের উত্তরঃ

এখনকার এমন সময়ে একটি আবেদন নিয়তির জন্য ইউএসসিসআইএস এত সময় নেয় কেন?

উত্তরঃ ইমিগ্রেশন আবেদনের বিশাল জটের কারণে- যুক্তরাষ্ট্রের সিটিজেনশীপ এ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসের প্রক্রিয়াকরণ বিলম্বিত হচ্ছে। সম্প্রতি কোভিড -১৯ এর জন্য ইউএসসিসআইএস বর্তমানে স্বাভাবিকের চেয়ে অনেকবেশি আবেদন পওয়ায় এবং অফিস বন্ধ বা স্টাফ কম থাকায় এই বিলম্ব ঘটছে।

আমি কি ক্রিয়াকরণের সময় দ্রুত করতে পারি?

উত্তরঃ আপনার যদি যথেষ্ট ভালো কারণ থাকে, তবে আপনি প্রক্রিয়াকরণ দ্রুতুতর করার জন্য অনুরোধ জানাতে পারেন। এ বিষয়ে আরও জানতে হলে ইউএসসিসআইএস'র ওয়েব সাইট চেক করতে পারেন অথবা ১-৮০০-৩৭৫-৫২৮৩ এই নম্বরে ফোন করে ইউএসসিসআইএস কনটাক্ট সেন্টারের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

আমার গ্রিনকার্ড অনুমোদন লাভ করার পর আমি কি স্যোসাল সিকিউরিটি কার্ডেও জন্য আবেদন করতে পারিন?

উত্তরঃ আমেরিকান সিটিজেনশীপ এন্ড ইমিগ্রেশন সার্ভিসেস (ইউএসসিসআইএস) পার্মানেন্ট রেসিডেন্ট বা স্ট্যাটাস এডজাস্টমেন্ট (ফরম-৫৮৫) রেজিস্টার করার জন্য একটি আবেদন আপডেট করেছে যা এখন সোস্যাল সিকিউরিটি কার্ড রিপ্লেসমেন্ট বা নতুন কার্ডের জন্য আবেদন করা যাবে। এর আগে কোন গ্রিনকার্ডধারীকে নতুন বা রিপ্লেসমেন্ট কার্ডের জন্য স্থানীয় সোস্যাল সিকিউরিটি এডমিনিস্টেশন (এসএসএ) অপিস পরিদর্শন করতে হতো। বর্তমান আপটেড অনুযাযী যাদের আগে থেকে আই-৪৮৫ পেন্ডিং আছে তাদেও আর নতুন কওে সোস্যাল সিকিউরিটি কার্ডেও জন্য আবেদন করতে হবে না।



আমেরিকান নাগরিককে কি ডিপোর্ট করা যায়?

উত্তরঃ আমেরিকান নাগরিকদের ডিপোর্ট করা যায় না। তবে সরকার ন্যাচারালাজড সিটিজেনশীপ কেড়ে নিতে পারে যদি প্রমাণিত হয় সে জ্বালিয়াতির মাধ্যমে নাগরিকত্ব লাভ করেছে। উদাহরণঃ ন্যাচারালাইজেশনের আবেদনের সময় কেউ যদি এ্যারেস্ট বা দন্ডিত হওয়ার কথা প্রকাশ না করে। এরকম কোন নাগরিকের নাগরিকত্ব নাজুক পরিস্থিতিতে পড়তে পারে।

ইউএস দূতাবাস ইস্যু করা ইমিগ্র্যান্ট ভিসার মেয়াদ যদি যুক্তরাষ্ট্র সফর করার আগেই শেষ হয়ে যায় সেক্ষেত্রে কী করতে হবে?

উত্তরঃ আপনাকে ঢাকাস্থ ইউএস দূতাবাসের ইমিগ্র্যান্ট ভিসা ইউনিটে যোগাযোগ করতে হবে। ইউএসসিসআইএস-এ নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। তবে আপনাকে নতুন আবেদন (ডিএস-২৬০) জমা এবং আবার ইমিগ্র্যান্ট ভিসা আবেদন প্রক্রিয়াকরণ ফিস দিতে হতে পারে। এছাড়া, নতুন করে সাপোর্টং ডকুমেন্ট যেমন পুলিশ সার্টিফিকেট এবং নতুন মেডিকেল পরীক্ষার রিপোর্ট দিতে হতে পারে।

কুইন্স থেকে আব্দুর রহমানের প্রশ্নঃ

২০১৬ সালে বাংলাদেশে আমার মায়ের জন্যে আবেদন করেছিলাম। সব কাগজপত্র জমা দিতে বেশি দেরি হওয়ায় এবং কেস সম্পর্কে জানতে চাওয়ায় ন্যাশনাল ভিসা সেন্টার থেকে জানানো হয়েছে যে কেসটি ইন্টারভিউ এর অপেক্ষায় আছে।

আব্দুর রহমানের প্রশ্নের উত্তরঃ

এরকম ক্ষেত্রে সাধারণত ১ বছরের বেশি সময় লাগার কথা নয়। তবে সম্প্রতি কোভিড -১৯ এর কারণে সময় একটি বেশি লাগছে। আপনার মায়ের আবেদনের ক্ষেত্রে আপনি কেসিট দ্রুত নিষ্পত্তি করতে আবেদন করতে পারেন। ভিসা সেন্টারে যোগাযোগ করে দেখুন ফাইলটি তাদের কাছে আছে না সেটা ঢাকায় ইউএস দূতাবাসে আছে। যদি ফাইলটি ঢাকা দূতাবাসে পাঠিয়ে দেয়া হয় তবে আপনি ইমেইল করে তাদের সঙ্গে যোগাযোগ করতে পারেন। সম্ভবতঃ আপনাকে এফিডেভিড অব সাপোর্ট আপডেট করতে হবে।

আপনি যেসব কাগজপত্র ইমিগ্রেশন এবং ভিসা সেন্টারে জমা দিয়েছেন- প্রয়োজনবোধে সেসব কাগজপত্র নিয়ে করণীয় সম্পর্কে জানতে আমাদের অফিসে পরামর্শের জন্যে আসতে পারেন।

সর্বশেষ আবারো আপনাদের করোনামুক্ত সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

সাপ্তাহিক ২৫ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

আফগানিস্তান : মাটি ও মহিলা

মীযানুল করীম

আফগানিস্তান একটি হাজারো সমস্যাক্লিষ্ট, যুদ্ধবিদীর্ণ দরিদ্র দেশ। তবুও এর প্রতি সবার লোভ, আকর্ষণ কিংবা আগ্রহ কী কারণে? বলা যায়, আফগান রাষ্ট্রের আর্থিক ও বাহ্যিক অবস্থা দৃশ্যত ভালো না হলেও এর অবস্থান, গুরুত্ব, সম্ভাবনাসহ বিভিন্ন কারণেই বারবার প্রভাবশালী বিদেশীরা সেখানে গেছে কিংবা সে দেশ নিয়ে গভীরভাবে মাথা ঘামিয়েছে।

আফগানিস্তানের ভৌগোলিক অবস্থান বাড়িয়েছে এর ভূরাজনৈতিক গুরুত্ব। আফগান দেশটি 'গরিব' হলে কী হবে, সে দেশ কিন্তু গুরুত্বের দিক দিয়ে 'ধনী'। কারণ আফগানিস্তান মধ্য এশিয়া (সাবেক সোভিয়েত প্রজাতন্ত্রগুলো), দক্ষিণ এশিয়া (সার্ক অঞ্চল) ও দক্ষিণ-পশ্চিম এশিয়া (মধ্যপ্রাচ্য)– এ তিনটি গুরুত্বহ অঞ্চলের সংযোগস্থল। ২. আফগানিস্তান বিশেষত রকমারি ভূগর্ভের প্রাকৃতিক বা খনিজসম্পদে অতীব সমৃদ্ধ। এসব অত্যন্ত মূল্যবান এবং আধুনিক দুনিয়ায় এসব কিছুর চাহিদা ও মূল্য ব্যাপক হলেও তা অনুসন্ধান, উত্তোলন ও সরবরাহের সামর্থ্য নেই এ দেশের। এটি আমেরিকা ভালো করেই জানে, তার প্রতিপক্ষ চীনও জানে। তাই ওয়াশিংটনের পর এখন বেইজিংয়ের শ্যেন দৃষ্টি এর ওপর। তবে শেষাবধি কী অবস্থা দাঁড়ায়, তা দেখার বিষয়। বলা যায়, আফগানিস্তানের পাথুরে ন্যাড়া পাহাড় পর্বত আসলে দামি 'খনির আকর'। ৩. অদম্য আফগানিস্তান কোনো দিন বহির্শক্তির বিশেষত বিধর্মী-বিজাতীয়-বিদেশী কোনো মহলের বশ্যতা স্বীকার করেনি। গ্রিক 'মহাবীর' আলেকজান্ডার পর্যন্ত অনমনীয় আফগানদের সাথে আপস করতে বাধ্য হয়েছিলেন। তবুও তাকে ফিরে যেতে হয় এবং ফিরে যাওয়ার পথে তিনি অল্প বয়সেই হঠাৎ মারা যান। ৪. রাশিয়া (সাবেক সোভিয়েত মহারাষ্ট্র) ও আমেরিকা (যুক্তরাষ্ট্র) পরস্পরের বিপরীত বৃহৎ শক্তি হলেও দুইয়ের মিল হলো, উভয়ের অভিজ্ঞতা আছে আফগানিস্তানে বিষম নাকানি-চুবানি খাওয়ার। এ দিক দিয়ে রাশিয়া এক দশক আর আমেরিকার দুই দশকের তিক্ত অভিজ্ঞতা রয়েছে। আফগান দেশটি 'বিদেশীদের গোরস্তান'তুল্য হলেও নিষিদ্ধ বস্তুর প্রতি আকর্ষণ মানুষের অধিক বিধায় বারবার বাইরের দেশগুলো আফগান ভূমি ও মানুষকে পদানত করতে চেয়েছে এবং ব্যর্থ হয়েছে। কারণ 'পিপীলিকার পাখা ওঠে মরিবার তরে'।

আফগানিস্তানের একটি বড় সমস্যা দেখা যাচ্ছে, 'অন্তর্ভুক্তিমূলক' সরকার গঠনের প্রসঙ্গটি। তালেবানবিরোধী বিশেষত পাশ্চাত্যপন্থী মহলের আশা ছিল 'অন্তর্ভুক্তিমূলক' মানে হবে– দেশের নানান জাতিগোষ্ঠী, নারী, সংখ্যালঘু প্রমুখের প্রতিনিধিত্ব। তবে তালেবান 'অংশগ্রহণমূলক' কথাটি একেবারে খুলে না বলে কিছুটা হলেও রাখঢাক করেছে। এ দিকে তাদের নতুন সরকারে কোনো মহিলা এখনো নেই এবং সম্ভবত কোনো অমুসলিম দূরের কথা; সম্ভবত একজনও নেই অ-পশতুন ব্যক্তি। আফগানিস্তানের দ্বিতীয় প্রধান নৃতাত্ত্বিক জাতিগোষ্ঠী হচ্ছে তাজিকরা (জনসংখ্যার ২৩ শতাংশ) যারা উত্তরের পাঞ্জশিরে এবারো তালেবানবিরোধী বিদ্রোহের নেতা ও অগ্রণী। তারা তালেবানকে 'পশতুন সংগঠন' মনে করে। অবশ্য অভিযোগটি অনেকটা সত্য দীর্ঘ দিন। এখন তালেবানের রূপান্তর হওয়ার ব্যাপারে অনেকেই আশাবাদী। বাস্তবে সেটি পূরণ হওয়াই বড় কথা।

তালেবানের জবাব হলো, 'এ সরকার অস্থায়ী ও অন্তবর্তীকালীন। তাই সবার জায়গা হয়নি এতে।' কিন্তু তারা যে ২০ বছর পর রাষ্ট্রের ক্ষমতায় এসেই 'অন্তর্ভুক্তিমূলক' সরকার গঠনের আশ্বাস দিয়েছেন এবং সমাজে নারীর যথাযথ মর্যাদা ও অধিকার দেয়ার অঙ্গীকার করেছেন; তা ভুলে গেলে চলে না। প্রমাণ করতে হবে, তালেবানরা ইসলামের শিক্ষা মোতাবেক ওয়াদা রক্ষা করে এবং নিজেদের কথাকে মূল্য দেয়। এখন মিডিয়ায় দিনের পর দিন প্রচার করা হচ্ছে, আফগানিস্তানের বড় বড় নগরে তালেবানের বাধা উপেক্ষা করেই নারীদের চলছে বিক্ষোভ। তাদের দাবি, মন্ত্রিসভাসহ সরকারে তাদের গুরুত্ব দেয়া। তালেবান কর্তৃপক্ষ নারীদের 'নিরাপত্তা'র কথা তুলেছে। কেন ও কিসের নিরাপত্তা? এ নিরাপত্তা কিভাবে এত গুরুত্বপূর্ণ হয়ে গেল এবং এর প্রতিকার কিসে? কার বা কাদের সে গুরুদায়িত্ব? এসব সওয়ালের জবাব প্রথমত সরকারকেই দিতে হবে। মোটকথা, সবাইকে নিজ নিজ দায়িত্ব পুরোপুরি পালন করে যেতে হবে; সে সরকার, তালেবান কিংবা অন্য যে কেউ হোক না কেন।

বিভিন্ন মিডিয়ায় আফগান তোলো (উত্থান) নিউজের জনৈকা মহিলা রিপোর্টারের দেশত্যাগের কাহিনী প্রচার করা হয়েছে। তিনি তালেবান নিগ্রহের মহাতঙ্কে ভুগছেন আফগান রাষ্ট্রের অনেকের মতো। এ ক্ষেত্রে অতীতের অভিজ্ঞতা ভালো নয়; বর্তমান এখনো অনিশ্চিত। এ মহিলা সাংবাদিক সাহস করে তালেবান শীর্ষ নেতার সাক্ষাৎকার নিয়েছেন এবার। তালেবানরা এ নারীকে ঘৃণা করেনি কিংবা তাড়িয়েও দেয়নি; যেমনটি খ্রিষ্ট জগতে মনে করা হতো– নারী 'দোজখের দরজা'। 'তালেবানি মোল্লা'র ইন্টারভিউ নিয়ে তিনি নিজেই সে কথা প্রচার করে ব্যাপকভাবে আলোচিত হয়েছে দুনিয়াতে। তবে তিনি একজন নারী, এটিই তার ভয়ের কারণ। এখন প্রশ্ন, যেসব নারী আফগান টিভিতে সংবাদ পড়ছেন বা আফগানিস্তানে লেখাপড়া করছেন, তাদের পক্ষে তা করা এ আমলেও কিভাবে সম্ভব হলো? অন্য দিকে তালেবান নেতৃত্ব কি জানে তারা নারীবিদ্বেষের মারাত্মক অভিযোগে সমালোচিত? এ ক্ষেত্রে তাদের আচরণ কতটা পরিবর্তন বাস্তবোচিত এবং কতখানি তা এসেছে? 'অন্তর্ভুক্তিমূলক' প্রশাসন গড়ার ওয়াদা সত্ত্বেও কোনো নারীকে নতুন মন্ত্রিপরিষদে না নেয়া এবং একই সাথে এ দাবিতে কাবুল-হেরাতে নারীদের বিক্ষোভের বিষয়ে তালেবান সরকার কী বলে? নারীদের এই মিছিলের পেছনে কার হাত সক্রিয়, তা না খুঁজে এবং গতানুগতিকভাবে নতুন যেকোনো সরকারের মতো 'ষড়যন্ত্রতত্ত্ব' এস্তেমাল না করে বরং জনসংখ্যার প্রায় অর্ধেক যে নারী, তাদের সার্বিক সুযোগ-সুবিধা ও অধিকার-মর্যাদা দেয়াই তালেবান সরকারের উচিত; অন্যথায় এর কারণ-পটভূমি-প্রেক্ষাপট তুলে ধরা দরকার। নারী, শিশু, সংখ্যালঘুসমেত মানবাধিকারের অবমাননা তালেবানের একটি 'মেজর ব্ল্যাক স্পট'। এই গুরুতর অভিযোগের শিগগিরই অপনোদন করতে হবে। অন্যথায় মনে করা হবে যে, তালেবান বদলায়নি এবং তাদের কথা 'মিষ্টি' হলেও কাজগুলো 'তেতো'।

একজন রাজনীতিক বলেছেন, 'কোনো দল, মহল বা শক্তি রাষ্ট্রীয় ক্ষমতায় আসতে হলে তাকে নির্বাচনে বিজয়ী হতে হয় নতুবা এহেন বিরাট সংগঠনের প্রতি দেশের জনগণের থাকা চাই অন্তত মৌন সমর্থন ও সম্মতি।' তালেবান যেভাবে এবার দিনে দু'টি করে আফগান প্রদেশ দখল করে দ্রুত দেশের রাজধানীতে পৌঁছে গেছে, এতে তেমন কোনো বাধা আসেনি এবং আগের পাশ্চাত্যপন্থী সরকার আগেভাগে পালিয়ে গেছে, তাতে বলা যেতে পারে– জনগণ তাদের মেনে নিয়েছে। এখন সেটি 'মন্দের ভালো' না 'ভালোর ভালো', তা অন্য কথা। দুই দশক ধরে আগের সরকারগুলো ও যুদ্ধবাজদের অন্যায়, অযোগ্যতা ও দুর্নীতি দেখে দেখে সাধারণ আফগানরা অতিষ্ঠ হওয়ারই কথা। যারা আজ তালেবানের কঠোর সমালোচনাকে প্রধান কাজ বলে গণ্য করছেন, তারা পূর্ববর্তী সরকারের দুর্নীতি ও অযোগ্যতা নিয়ে যতটা দরকার; ততটা মুখ খুলেছেন ও পরামর্শ রেখেছেন কি না আত্মসমালোচনা অত্যন্ত আবশ্যক।

তালেবান মন্ত্রীরা নাকি ১১ সেপ্টেম্বর শনিবার টুইন টাওয়ার ধ্বংসের বার্ষিকীতে শপথ নিচ্ছেন। সেটি তাদের ব্যাপার। তবে এ নিয়ে যাতে কোনো প্রকার ভুল বার্তা না যায়। ২০০১ সালের এ দিন ভয়াবহ সন্ত্রাসবাদী হামলা নিউ ইয়র্কের বিশ্ব বাণিজ্য কেন্দ্রের ভবন গুঁড়িয়ে দিয়েছিল। একসাথে হামলা হয়েছিল পেন্টাগনেও। আর মারা যায় প্রায় তিন হাজার মানুষ, যাদের অন্তত সাতজন বাংলাদেশের। আমেরিকার অভিযোগ, তালেবানের মতো মৌলবাদীরা এ জন্য দায়ী। তবে হামলার এ ঘটনা যেমন রহস্যপূর্ণ, তেমনি তালেবানের সাথে আলকায়েদা বা আইএসের সম্পৃক্ততা প্রমাণ করা যায়নি। এবার তালেবান ক্ষমতায় ফিরে সে কথাই বলে দাবি করেছে, 'বিন লাদেনের সাথে তালেবানের সম্পর্ক ছিল না'।

তবে যুক্তরাষ্ট্র ন'এগারো সূত্রেই সর্বাত্মক হামলা করে ২০০১ সালের অক্টোবরে কাবুল থেকে তালেবানদের তাড়ায়। এরপর আমেরিকা সে দেশে ব্যর্থ যুদ্ধ করে গেছে আর নতিস্বীকার না করে তালেবান দিন দিন প্রভাব ও শক্তি সঞ্চয় করেছে। আর আজ আমেরিকা নতমুখে স্বদেশে ফিরেছে এবং তালেবান আবার রাষ্ট্রের ক্ষমতায়।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস
ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র
সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.
917-282-9256
Moin Choudhury, Esq
Email: moinlaw@gmail.com
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)



Timothy Bompart
Attorney at Law
Moin Choudhury
Attorney at Law
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com
Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.



সুচিত্রা সেনের প্রেমে পড়েছিলেন আমার বাবা, আমি পড়িনি। না হলে আমাদের শহরের 'রওশন টকিজ' হলে সুচিত্রার ছবি এলেই মাকে নতুন কাপড় পরিয়ে রিকশায় বসিয়ে বাবা হুড তুলে ভাইবোনদের (যার যার) দাঁড়ানো রিকশা ভরে নিয়ে যেতেন সুচিত্রা দর্শনে। আমি তখন সিনেমা বোঝার বয়সে পড়িনি। কিন্তু সিনেমা হলে বাবার দেয়া চানাচুর ভাজা, দুধ মালাই তো নিশ্চিত। আমি এতেই সন্তুষ্ট।

রিকশার টুনটুন বাজিয়ে মধ্যরাতে যখন ঘরে ফেরা হতো, তখন বড় চাচা গলা খাকারি দিয়ে বলতেন, 'কি রে, বই দেখে ফিরলি?'

বাবা বলতেন, 'জি মিয়া ভাই। সুচিত্রা সেনের ছবি।' ওই পর্যন্তই। পরে সুচিত্রা সেনের প্রেমে পড়েন বড়ভাই। কলেজে ওঠার পরপর তার মাথার ভেতর রমা ঢুকে যায়। আর যাবে কোথায়? বাবার দুশ্চিন্তার শেষ নেই। সুচিত্রার বই দেখে দেখে বড়ভাই ঈষৎ রোমান্টিক, ঈষৎ বিরহ পালন করতে করতে যৌবন অতিক্রম করেন। বাবা ও বড়ভাইয়ের আরাধ্য নারীর সঙ্গে আমার ঘনিষ্ঠতা হয় আরও পরে। যখন স্কুল শেষ করে কলেজে উঠেছি। স্বাধীনতা-উত্তর বাংলাদেশে ভারতীয় ছবির 'চ্যারিটি শো' হিসেবে প্রদর্শিত হতে থাকে সিনেমা হলগুলোয়। ঠিক তখনই সুচিত্রা সেনের সঙ্গে আমার পরিচয়। 'দ্বীপ জ্বেলে যাই' ছবিতে বসন্ত চৌধুরীর সঙ্গে সুচিত্রা সেন। বসন্ত চৌধুরীর সেবার দায়িত্বে নার্স সুচিত্রা সেন। সহশিল্পী পাহাড়ী সান্যাল। অসাধারণ এক নারীর মুখোমুখি দাঁড়িয়ে যৌবনে পা দেওয়া এক যুবক। অনুরণন তুলতে থাকে... 'এই রাত তোমার আমার।' চোখের তারার তার ব্যাকুল নিমন্ত্রণ! সে কোনো সাধারণ নারী নয়। যুবকের ভূভাগে নারীর বাঁকা অক্ষির মোহনা জুড়ে চতুরতা। তা কেবল গহীন সাগরে হাবুডুবু খাওয়া কাতর ডলফিন। কণ্ঠের মধুরিমায় যে প্রকাশ, এর নাম মমতাময়ী প্রেমিকা। আমি তো তার জন্যই অপেক্ষা করছি।

বাবা ও বড় ভাইয়ের ভালোবাসায় প্রাপ্তি ছিল। তাদের সঙ্গে সুচিত্রা সেনকে মানায়নি। আমি তার যথার্থ প্রেমিক। আকণ্ঠ তৃষ্ণা নিয়ে হাজার বছর ধরে দাঁড়িয়ে আছি। না, ওই মুখ দেখে তৃষ্ণা মেটেনি আমার। এরপর শুধু সুচিত্রা সেনকে আবিষ্কার করা। বাংলা-হিন্দি ছবি মিলিয়ে সুচিত্রা সেন অভিনয় করেছে ৬০টি ছবিতে। ৫৩টি বাংলা, বাকি ৭টি হিন্দি ছবি। প্রথম বাংলা ছবি, 'সাত নম্বর কয়েদি' মুক্তি পায় ১৯৫৩ সালে। শেষ ছবি 'প্রণয়পাশা' মুক্তি পায় ১৯৭৮ সালে। হিন্দি ছবি 'দেবদাস' মুক্তি পায় ১৯৭৮ সালে। বাংলা ছবি 'দেবদাস' মুক্তি ১৯৫৫ সালে। শেষ হিন্দি ছবি 'আঁধি' মুক্তি পায় ১৯৭৮ সালে।

সুচিত্রা সেন অভিনীত ছবির নায়করা (বাংলা) সমর রায়, উত্তম কুমার, রবীন মজুমদার, বিকাশ রায়, অশোক কুমার, অসিত বরণ, সৌমিত্র চট্টোপাধ্যায়, দিলীপ মুখোপাধ্যায়, প্রদীপ কুমার, নির্মল কুমার, উৎপল দত্ত, সমিত ভঞ্জ ও রঞ্জিত মল্লিক।

হিন্দি ছবির নায়করা দিলীপ কুমার, শেখর, ভরত ভূষণ, দেব আনন্দ, ধর্মেন্দ্র ও সঞ্জীব কুমার। সুচিত্রা সেন অভিনীত সর্বাধিক জুটির মুক্তিপ্রাপ্ত ছবির নায়ক উত্তম কুমার। উত্তম-সুচিত্রা অভিনীত ছবি ৩০টি। সুচিত্রা সেনের ৩৫ বছর অভিনয়জীবনে উত্তম-সুচিত্রা অভিনীত ছবি ৩০টি। সুচিত্রা সেনের ৩৫ বছর অভিনয় জীবনে উত্তম-সুচিত্রা সফল ও চিরায়ত জুটি হিসেবে চিহ্নিত। কে ও কী কারণে সফল এবং চিরায়ত ওই ব্যাখ্যা দেওয়ার প্রয়োজন নেই। পরিসংখ্যানে দেখা গেছে, তার সময়ে বাংলা ও হিন্দি চলচ্চিত্রের সফল তারকাদের সঙ্গে সুচিত্রা সেন অভিনয় করেছেন। বলা যায়, ভারত উপমহাদেশের সবচেয়ে সফল ও দর্শকনন্দিত নায়িকা হিসেবে সুদীর্ঘ সময় দীপ্যমান। ২০১৯ সালে দাঁড়িয়ে যে কাউকে জিজ্ঞাসা করুন, আপনার প্রিয় নায়িকা কে? অন্তত ৬০ শতাংশ দর্শক জবাব দেবেন সুচিত্রা সেন। কে ও কী কারণে সুচিত্রার সফল অভিনয়শৈলীর একটু ঠিকুজি থাকা দরকার।

সুচিত্রা সেনের জন্ম ১৯২৯ সালের ৬ এপ্রিল সিরাজগঞ্জ জেলার বেলকুচিতে তার মামাবাড়িতে। পাবনা শহরের গোপালপুর মহল্লার একতলা পাকা পৈতৃক বাড়িতে শিশুকাল, শৈশব ও কৈশোর কেটেছে। স্কুলে ভর্তি করার সময় তার নাম রাখা হয় কৃষ্ণা দাসগুপ্ত। ডাকনাম রমা। বাবা করুণাময় দাসগুপ্ত ছিলেন স্থানীয় স্কুলের প্রধান শিক্ষক। ভাইবোনদের মধ্যে সুচিত্রা পঞ্চম। ১৯৪৭ সালে ভারত-পাকিস্তান ভাগ হওয়ার পর পাবনা ছেড়ে বাবার সঙ্গে তিনি চলে যান কলকাতায়। ওই বছর তার বিয়ে হয় আদিনাথ সেনের পুত্র দিবানাথ সেনের সঙ্গে। রমা সেন ভালোবেসেই দিবানাথ সেনকে বিয়ে করেছিলেন ১৯৪৮ সালে। স্বামীর সম্মতিতেই ১৯৫২ সালে 'শেষ কোথায়' ছবির মাধ্যমে চিত্রজগতে আত্মপ্রকাশ তার। কিন্তু ছবিটি মুক্তি পায়নি।

সুচিত্রা সেন সম্পর্কে চিত্র পরিচালক সুকুমার দাসগুপ্ত বলেছেন, '১৯৫১ সালে 'সাত নম্বর কয়েদি' ছবির জন্য নতুন মুখ খুঁজছি। এমন সময় অমিত চৌধুরী বললেন, একটি ভালো ও শিক্ষিত পরিবারের মেয়ে আছে। মনে হয়, সুযোগ পেলে ভবিষ্যতে নাম করবে। তার কথায় মেয়েটিকে পাঠিয়ে দিতে বললাম। প্রথম দিন তার স্বামী দিবানাথ সেনের সঙ্গে এসেছিলেন দেখা করতে অরোরা স্টুডিওতে। ছিপছিপে চেহারা, ডাগর ধরনের চোখ। চোখ দুটি ভারী সুন্দর এবং খুব এক্সপ্রেসিভ। চাহনিতে স্বচ্ছ গভীরতা। মিষ্টি হাসিতে মুখখানা যেন উচ্ছলতায় ভরে যায়। একনজরে পছন্দ হয়ে গেল। কণ্ঠস্বরও বেশ মিষ্টি। কথার মধ্যে বাঙাল টোন আছে। আমি সঙ্গে সঙ্গে তাকে নিতে রাজি হয়ে গেলাম।'

ওই 'সাত নম্বর কয়েদি' দিয়ে শুরু। তখনও রমা সেন নামেই পরিচিত। ১৯৫২ সালে রমা সেন পাল্টিয়ে সুচিত্রা সেন নামে আত্মপ্রকাশ নীরেন লাহিড়ীর 'কাজরী' ছবিতে। ৫ ফিট সাড়ে ৪ ইঞ্চির মতো সুচিত্রা হয়তো আজকের সুস্মিতা ও ঐশ্বর্যদের মতো দীর্ঘাঙ্গী নন। ফিতার মাপে তিনি স্লিম নন, নন আন্তর্জাতিক রূপসী। তার সুগঠিত নাক, লম্বাটে ভরাট মুখমণ্ডল, ছোট কপাল, একঢাল কালো চুল, শ্যামবরণ ত্বক। নারায়ণ গঙ্গোপাধ্যায় লিখেছেন, 'কালো মেয়ের প্রেমে পড়লে ওঠা যায় না।' সুচিত্রা সেনের সৌন্দর্য অনেকটা ওই ঘরণার আকৃষ্ট করে। একই সঙ্গে দূরত্ব রচনা করে রোমান্টিক ও বিরহী। আমার মতো লাখো প্রেমিক আছে সুচিত্রা সেনের। যেকোনো বয়সের প্রেমিক। সিনেমা জগতে এত দীর্ঘকাল প্রেমিকা থাকা খুব কঠিন। সুচিত্রা সেন ছিলেন এবং আছেন। মনময়ূরী স্বপ্নের দেবী। কী চমৎকার রূপ, কী তার চাহনি, কী অভিনয়! যেন বারবার হৃদয় পোড়ে। সুচিত্রা সেন মানেই স্বতন্ত্র স্টাইল। বলা যায়, তার মতো স্টার ইমেজ কারও ছিল না। দর্শককুল তাকে গভীর ভালোবাসে। এতে কোনো চাওয়া-পাওয়ার হিসাব নেই। কাম ও ক্রোধহীন নিষ্পাপ প্রেম। সে প্রেম কোনো পুরুষকে জীবন ভালোবাসতে শেখায়। বিরহের অনল হৃদয়ে উত্তাপ ছড়ায়, এর মধ্যে সহস্র রেণু ঝরে পড়ে। তা মানুষকে অনন্ত এক সহযাত্রীর সন্ধান দেয়।

বাংলা ছবির গ্ল্যামার কুইন সুচিত্রা। রোমান্টিক নায়িকা হিসেবে তার খ্যাতি চিরায়ত। তার দীর্ঘ রোমান্সের সমকক্ষ অভিনেত্রী সে যুগে কেউ ছিল না, এ যুগেও কেউ নেই।

তো কলেজে পড়া ঝুল-বারান্দায় হাঁটাহাঁটি করে যে নারী, তিনি প্রণয় আর সে জয়িত সুন্দরী। এ রকম গহীন রহস্যের অনঙ্গ পরী, সৌন্দর্যের অনন্য উপমা 'দ্বীপ জ্বেলে যাই' দিয়ে এ নারীকে আবিষ্কার করা। সাধারণ নার্স, শুভ্র বসনা। চোখের অনন্য চাহনিতে উল্টে দিয়েছিল পৃথিবীর দেওয়াল।

প্রেমান্ধ পরিব্রাজক আস্তে আস্তে খুঁজে পায় 'পথে হলো দেরি'র মল্লিকা, 'উত্তর ফাল্গুনী'র ব্যথিত মা ও কন্যা। অপূর্ব অভিনয়শৈলী হৃদয়িক মহিমায় তাকে কেবলই উচ্চশিখরে নিয়ে গেছে।

উত্তম-সুচিত্রা অভিনীত ৩০টি ছবি বাংলা সিনেমায় নতুন মাত্রা যোগ করেছে। যখন পর্দায় দুজনকে দেখা যেত তখন তা আর অভিনয় থাকেনি, হয়ে উঠেছে বাঙালির জীবন কাহিনির দৃশ্যমান সহজ চলচ্চিত্র। অসাধারণ ব্যক্তিত্বে দুজনই কিংবদন্তি। কী চলনে, কী বলনে। এখনও সুচিত্রা-উত্তমের ছবি চ্যানেলগুলোয় প্রদর্শনের সময় বাংলা সিনেমার দর্শককুল দয়িতা অথবা প্রেমিক হয়ে ওঠে।

আমি যখন সুচিত্রা সেনকে খুঁজে পাই তখন তিনি প্রায় অভিনয় ছেড়ে দেওয়ার প্রস্তুতি গ্রহণ করেছেন। অর্থাৎ সত্তর দশকের প্রথম দিকে। ১৯৭৮ সালে তার অভিনীত শেষ বাংলা ছবি 'প্রণয়পাশা' মুক্তি পায়। এরপর রূপালি পর্দা থেকে অবসর নিয়ে লোকচক্ষুর অন্তরালে চলে যান তিনি। ধর্মের প্রতি গভীর অভিনিবেশ তাকে জাগতিক চাওয়া-পাওয়ার ঊর্ধ্বে নিয়ে যায়। শেষ দিকে বলতেন, 'এক সময় বাসনার রূপ ছিলাম। তাই এখন সরিয়ে নিয়েছি নিজেকে– ওই চোখগুলো থেকে অনেক দূরে।'

প্রায় ৩৫ বছরের আলো ঝলমল জীবন তাকে ধরে রাখতে পারেনি। গৃহকোণে নিভৃতে ঈশ্বরের খোঁজে বসবাস করে সাধারণ হয়ে বাঁচতে চেয়েছেন। ১৯৮০ সালের ২৪ জুলাই উত্তম কুমারের মৃত্যুর পর তার গলায় মালা রেখে গিয়েছিলেন। এরপর মিডিয়ার সঙ্গে কথা বলেননি। একাকী নিঃসঙ্গ জীবনযাপন।

হলিউডের গ্রেটা গার্বো, টালিউডের সুচিত্রা সেন খ্যাতির তুঙ্গে থেকে নিজেদের সরিয়ে নিয়েছিলেন। গ্রেটা গার্বো ১৯৪১ ও সুচিত্রা ১৯৮০ সালে। প্রচারের হ্যালোজেন থেকে স্বেচ্ছায় নির্বাসিত দুই কিংবদন্তি ফিরে আসেননি রুপালি পর্দায়। তারা অধরা মাধুরী। দুই নারী ঢেকে রেখেছেন তাদের গভীর গোপন সেই অন্ধকার, পিচ্ছিল গহ্বর, ব্যক্তিগত জীবন।

২০১৪ সালের ১৭ জানুয়ারী কলকাতার এক হাসপাতালে ৮৪ বছর বয়সে তার বর্ণাঢ্য জীবনচরিতের অবসান ঘটে। রেখে যান একমাত্র কন্যা মুনমুন সেন এবং নাতনি রিয়া সেন ও রাইমা সেন। তারাও হিন্দি ছবিতে উত্তরাধিকারের উজ্জ্বল উপস্থিতি রেখেছেন।

আমি নামক মানুষ যে নারীর ঊর্ণনাভে জড়িয়ে মধ্যাহ্নে পৌঁছে গেছি, আজও তার প্রতি অণুরাগের এতটুকু কমতি নেই। তাকে সন্ধান করতে করতে এক সময় মনে হয়েছে, আমার কিছুই হারায়নি। এমন মগ্নতায় কি ছল থাকে? সুচিত্রা সেন অভিনীত চরিত্রগুলো হেঁটে আসে কখনও রমা, কখনও মল্লিকা। মল্লিকা বলছেন, 'আমার মনে হচ্ছে আমাদের ভালোবাসা দেখার জন্য ওই কাঞ্চনজংঘার নিচে এত সুন্দর করে সাজিয়ে রেখেছে...। ভাটার ফুল ঝরে যাবে, চাঁদ ডুবে যাবে। কিন্তু আজকের লগন কোনো দিন শেষ হয়ে যাবে না।'

প্রিয় সুচিত্রা সেন, আপনার চোখের মায়াময় দ্যুতি, হৃদয়কাড়া হাসি, অব্যক্ত ক্রন্দনের দৃশ্যকল্প খুঁজে খুঁজে এত দিন-রাতের মুগ্ধতা কি বিস্মরণের অতলে হারিয়ে যেতে পারে? আপনার চোখের তারায় ক্রুশবিদ্ধ করেছি। বর দিন, তিন পুরুষের প্রণয়পাশার খেলোয়াড় কেমন কাঙাল হয়ে আছে!

লেখক: কবি, লেখক, গল্পকার।

সাপ্তাহিক ২৫ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

তালেবান পুনরুত্থান
'বাংলা' কখনও 'আফগান' হবে না

এম হুমায়ুন কবীর

আফগানিস্তানে তালেবান অন্তর্ভুক্তিমূলক সরকার গঠন করার ঘোষণা দিলেও কাবুল দখলের কয়েক সপ্তাহ পর তারা অন্তবর্তীকালীন সরকার গঠন করেছে। তালেবান নেতা মোল্লা মোহাম্মদ হাসান আখুন্দকে করা হয়েছে এই সরকারের প্রধান। হাক্কানি নেটওয়ার্কের কয়েক নেতাকেও সরকারের গুরুত্বপূর্ণ পদে স্থান দেওয়া হয়েছে।

যদিও তালেবান বলেছে এই সরকার সাময়িক, কিন্তু কোনো নির্দিষ্ট মেয়াদ স্পষ্ট করেনি। ১৯৯৬ থেকে ২০০১ সাল পর্যন্ত সেখানে যারা ক্ষমতায় ছিল, তারাও নতুন কথা শুনিয়েছিল। এ ক্ষেত্রে আন্তর্জাতিক সহায়তামূলক দৃষ্টিভঙ্গি তাদের জন্য যা এখন খুব গুরুত্বপূর্ণ তা তারা কাজে লাগাতে চেয়েছে বলে আপাতদৃষ্টিতে আমার মনে হয়। এই অন্তবর্তীকালীন সরকার কতদিনের জন্য কিংবা এর পরবর্তী ধাপে তারা কী করতে চায় বা হবে- এসব প্রশ্নই আপাতত জবাবহীন। অর্থাৎ সেখানে সামগ্রিক পরিস্থিতি পড়ে গেছে অনিশ্চয়তার মধ্যে। তবে তাদের এখন যা প্রয়োজন ছিল তা তারা করতে পেরেছে বলেও মনে হয় না। তারা যদি তাদের লক্ষ্য-উদ্দেশ্য পরিস্কার না করতে পারে, তাহলে পরিস্থিতি আরও জটিল হবে। এখন তারা যদি বলে, যেহেতু কোনো সরকার নেই, তাই না থাকার চেয়ে একটা সরকার থাকা ভালো- এই দৃষ্টিকোণ থেকে তা করা হয়েছে তাতেও অন্য প্রশ্ন সামনে আসবে। তবে তারা এও বলেছে, যেহেতু পরিবর্তনটা দ্রুত হয়েছে, সেহেতু যাদের সঙ্গে তাদের আলাপ-আলোচনা চলছিল, তা তারা তা শেষ করতে পারেনি।

তাদের এই বক্তব্যের যুক্তি থাকতে পারে। যদি তা থাকেও তাহলেও তাদের পরিস্কার করতে হবে নবগঠিত সরকারের স্থায়িত্ব এবং অন্তর্ভুক্তিমূলক সরকার গঠনের প্রক্রিয়াইবা কী হবে। এসব কিছুর একটা ধারণা যদি তারা দিতে পারে তাহলে মনে করি, তালেবানের যেসব বক্তব্য ছিল তাতে মানুষ আস্থা ফিরে পেতে পারে। যদি তা না হয়, তাহলে আস্থার সংকট আরও বাড়বে। বর্তমান আফগানিস্তানে তালেবান সরকারের সমস্যা তো আছেই, তাছাড়াও আফগান জনগণের যে মানবিক সমস্যা এর পাশাপাশি অর্থনৈতিকসহ যে চ্যালেঞ্জগুলো সামনে আসছে, এসব কিছুর সমাধান খুবই কঠিন হয়ে পড়বে। এ



জন্য তাদের সবাইকেই ভুগতে হবে।

মনে রাখা দরকার, দুই দশক আগের তালেবান ও বর্তমানের তালেবানের মধ্যে বেশকিছু পার্থক্য আছে। দুই দশক আগে তালেবান মাদ্রাসা থেকে বের হয়ে ক্ষমতায় এসেছিল এবং ক্ষমতায় আসার প্রেক্ষাপট ছিল সেখানকার চলমান সংঘাত। শান্তি প্রতিষ্ঠার প্রতিশ্রুতিও তখন তারা দিয়েছিল। কিন্তু এখনকার প্রেক্ষাপট ভিন্ন। ভিন দেশি শক্তির আফগানিস্তান দখল করার প্রেক্ষাপটে তালেবানের এবারের আসা এবং তারা মাদ্রাসা থেকে উঠে আসেনি। গত দুই দশক মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে লড়াই করে তাদের বর্তমান এই অবস্থান। এবার যারা ক্ষমতায় এসেছেন বা ক্ষমতা-সংশ্লিষ্ট রয়েছেন, তাদের অনেকেই প্রবাস জীবন কাটিয়ে এসেছেন। এও মনে রাখতে হবে, তারা তাদের মতো করে প্রবাসে থেকেই বিভিন্ন দেশের সঙ্গে কূটনৈতিক তৎপরতা চালিয়েছেন। তাদের অন্যান্য কলাকৌশলও আগের থেকে ভিন্ন।

চীন-রাশিয়া তাদের নৈতিক সমর্থন দিচ্ছে। কৌশলগত কিছু বিষয়ও রয়েছে। কিন্তু তাদের সামনে এখন জটিল সমস্যা হলো- মানবিক ও অর্থনৈতিক। এই প্রেক্ষাপটে চীন-রাশিয়া কতক্ষণ তাদের পাশে দাঁড়িয়ে থাকতে পারবে তাও বলা মুশকিল। কারণ এখন পর্যন্ত আফগানিস্তানে পাশ্চাত্য জগতের পক্ষেই বস্তুনিষ্ঠভাবে দাঁড়ানোর সুযোগটা বেশি। দুমাস আগেও বোঝা যায়নি পরিস্থিতি এমনটি হবে। এখন তাদের পাশ্চাত্যের সহযোগিতা খুব জরুরি। আমার ধারণা, এসব ক্ষেত্রে রাশিয়া বা চীনের ভূমিকা খুব কার্যকর হবে না।

কেউ কেউ বলছেন, তালেবানের উত্থান এই উপমহাদেশ এবং বাংলাদেশের ক্ষেত্রে বিরূপ প্রভাব ফেলতে পারে। আমি তা মনে করি না। কেউ কেউ ব্যক্তিগতভাবে বা ছোট গোষ্ঠীবদ্ধ পশ্চাৎমুখী চিন্তাধারীদের এমনটি ভাবার এখন অবকাশ আছে কি? তালেবান তাদের নীতি-আদর্শ রপ্তানি করবে এ রকম কোনো বক্তব্য দেয়নি কিংবা তাদের বর্তমান কর্মকান্ড সেই ইঙ্গিতও করে না। তারা নিজেরাই রয়েছে বড় সংকটে। আপাতত তাদের ধ্যান-ধারণা অন্যত্র সম্প্রসারণের সুযোগ সংকুচিত। আমাদের এ নিয়ে উদ্বিগ্ন হওয়ার কারণ আছে বলে মনে করি না। তবে আমরা সতর্ক থাকার প্রয়োজনীয়তা অস্বীকার করব না। কিন্তু এও বলব, এ নিয়ে অতি মাত্রায় সতর্ক থাকার দরকার নেই। কারণ, দুই দশক আগের পরিস্থিতি আর আজকের পরিস্থিতি এক নয়। তাই আমাদের শঙ্কিত হওয়ার মতো কারণও দেখছি না।

তালেবান বলেছে, তাদের অভ্যন্তরীণ বিষয়ে বাইরের কোনো হস্তক্ষেপ তারা মেনে নেবে না। সেখানে পাকিস্তানবিরোধী বিক্ষোভচিত্র আমরা সংবাদমাধ্যমে দেখেছি। উল্লেখযোগ্য সংখ্যক নারী ছিলেন ওই বিক্ষোভে শরিক। সেখানে অনেক নারী যারা নিজেদের মতো করে গড়ে উঠেছেন, তাদের মনে তো এই সংশয় আছেই- তালেবান তাদের কীভাবে নেবে। ইতোমধ্যে নারীদের ক্ষেত্রে তালেবানের বেশকিছু নেতিবাচক দৃষ্টান্ত দাঁড়িয়ে গেছে। তাদের নিজেদের ধারণা-চিন্তার কারণেই পাকিস্তানের প্রসঙ্গটি বিক্ষোভভুক্ত হয়েছে।

'আমরা হবো তালেবান, বাংলা হবে আফগান'- কেউ কেউ বর্তমান প্রেক্ষাপটে আমাদের দেশে সেই কথাও সামনে এনেছেন। সেই বিষয় নিয়ে এখন দুর্ভাবনার কোনো কারণ আছে বলে মনে করি না। এসবই এখন ক্ষীয়মাণ অতীত। বিগত দুই দশকে সমগ্র বিশ্বের চেহারা অনেক পাল্টে গেছে। আমরাও এর বাইরে নই। আমাদের সামাজিক-অর্থনৈতিক এমনকি রাজনৈতিক দৃশ্যপটও এখন অন্য চেহারায়। দুই দশক আগে আমাদের সমাজে যে জনসচেতনতার স্তর দেখা গেছে, আজকের বাস্তবতা কি সেই রকম? এখন মানুষ অনেক সচেতন। ওই স্লোগানের ভিত্তিও ছিল অন্য, যার বর্তমান কোনো বাস্তব ভিত্তি আছে বলে মনে করি না। এ দেশের মানুষকে কোনো পশ্চাৎমুখী ধ্যান-ধারণা আকৃষ্ট করবে বলেও বিশ্বাস করি না।

লেখক: সাবেক রাষ্ট্রদূত; সভাপতি, বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউট

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন

$২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

আজই যোগাযোগ করুন:

গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮

Corporate Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	642 Walden Avenue
Jackson Heights, NY 11372	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14211
917-744-7308, 718-457-0813	718-406-5549	917-744-7308, 718-457-0813	Tel: 917-744-7308	Tel: 347-837-1162

সেলাই করা খোলা মুখ ‘কী মজার স্কুল’



মোফাজ্জল করিম

‘এই দিন দিন নয় আরও দিন আছে/এই দিনেরে নিবে তোমরা সেই দিনেরও কাছে’। সুপ্রিয় কুদ্দুস বয়াতির এই দারুণ সুন্দর গানটি কদিন ধরেই গুনগুন করছি। আমি বিশ্বাস করি, করোনাক্লিষ্ট এই দিন দিন নয় আরো দিন আছে। তবে যারা এই বিষাদময় দিনকে ভবিষ্যতের সূর্যকরোজ্জ্বল দিনে নিয়ে যাবে, গানের সেই ‘তোমরা’ গত প্রায় দেড়টি বছর যাবৎ নেতিয়ে পড়া গোলাপকলির মতো চুপসে ছিল। মাননীয় শিক্ষামন্ত্রীর ঘোষণা–১২ সেপ্টেম্বর স্কুল-কলেজ খুলবে–অনেকটা সেই ম্রিয়মান চুপসে পড়া গোলাপকলির ওপর বারিসিঞ্চনের মতো। ‘আবার জমবে মেলা, বটতলা-হাটতলা’। তবে অবশ্যই সতর্ক থাকতে হবে, পাজী ভাইরাসটা যেন আনন্দোচ্ছল কোমলমতি শিশু-কিশোরকে খোদা-না-খাস্তা বাগে পেয়ে আবার না আক্রমণ করে বসে।

শুধু আমাদের নয়, সারা বিশ্বের স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের অকল্পনীয় ক্ষতি হয়ে গেল গত দুই বছরে। কারো কম, কারো বেশি। যেসব দেশ করোনা মোকাবেলায় সঠিক সময়ে সঠিক পদক্ষেপ নিতে সক্ষম হয়েছে, যাদের পর্যাপ্ত অর্থবিত্ত আছে, যাদের লোকেরা বিশেষজ্ঞদের আদেশ-নির্দেশ-উপদেশে মোট-মুটি কর্ণপাত করে, শহর-বন্দর-গ্রামের সব ছেলেমেয়েদেরই কম্পিউটার-স্মার্টফোন ইত্যাদি আছে, সেসব দেশের শিক্ষার্থীদের লেখাপড়া বিঘ্নিত হলেও অন্তত আট আনা ক্ষতি তারা এরই ভেতর পুষিয়ে নিয়েছে। বিদ্যাশিক্ষার ব্যাপারে ওসব দেশে কোনো ছাড় দেওয়া-দেওয়ি নেই, নেই কোনো প্রকার দুই নম্বরি ব্যাপার-স্যাপার–না সরকার, না শিক্ষার্থী, না শিক্ষক কোনো পর্যায়েই না। আর ওসব দেশের নাগরিকরা তো বিদ্যাশিক্ষাকে ঐতিহ্যগতভাবেই অগ্রাধিকার দিতে অভ্যস্ত।

মুশকিল হলো, আমাদের মতো ‘সারা অঙ্গে ব্যথা, মলম লাগাই কোথা’ মার্কা দেশে অগ্রাধিকার নির্ধারণ করাই একটা কঠিন কাজ। এখানে শিক্ষাকে প্রাধান্য দিতে গেলে স্বাস্থ্য বলবে আমাকে বাদ দিলে কিন্তু তোমাদের পল্লী অঞ্চল এবং অন্যান্য পিছিয়ে পড়া এলাকার কোটি কোটি মানুষ বিনা চিকিৎসায় মারা যাবে। ঠিক আছে, তা হলে যোগাযোগ খাত, কৃষি খাত এবং শিক্ষা খাতের মতো কিছু কিছু বড় বড় খাতে কাটছাঁট করা হোক। অমনি কেউ বলবে এই অসুবিধা হবে, কেউ বলবে ওই অসুবিধা হবে এবং শেষ পর্যন্ত সেই যে বলে ‘ভাগের মা গঙ্গা পায় না,’ অবস্থা তাই দাঁড়াবে। আরও খোলাসা করে বললে বিভিন্ন খাতের আয়-উন্নতি অধিকাংশ ক্ষেত্রে কর্তৃপক্ষের এবং কম্পিউটারের মগজের মধ্যেই সীমাবদ্ধ থাকবে, শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়ার কথা উঠলেই বলা হবে : অনলাইনে ক্লাস নেওয়া হোক। মোসাহেবরা বলবে অবশ্যই। আজই অনলাইন চালু করা হোক। কেউ যদি বলে কিন্তু, স্যার, অনলাইন কি তা তো আমাদের দপ্তরেরই বেশির ভাগ লোক জানে না। আর তার জন্য যে প্রয়োজনীয় উপকরণ ও প্রশিক্ষিত লোকবলের দরকার তাও তো নেই। মফস্বলের একজন ওভারস্মার্ট সবজান্তা শিক্ষক যদি বলেন, অনলাইন মানে হচ্ছে, স্কুল বন্ধ তো তাই ‘অন দ্য রেলওয়ে লাইন’ (রেললাইনের ওপর) ছেলেমেয়েদের ‘সামাজিক দূরত্ব’ (শারীরিক নয়) বজায় রেখে বসিয়ে ক্লাস নিতে হবে। এক ভালো মানুষ সহকারী শিক্ষক বেচারা জানতে চাইলেন, সামাজিক দূরত্ব মানে কী? প্রধান শিক্ষক ধমক দিয়ে বললেন, তাও বোঝেন না? সামাজিক দূরত্ব হচ্ছে চেয়ারম্যান সাহেবের ছেলের পাশে চৌকিদারের ছেলে, মিয়া বাড়ির মেয়ের পাশে ঘুঁটে কু-ড়ানির মেয়ে বসবে না। ফলাফল? কয়েক মাস পর দেখা গেল মফস্বলের শতকরা ৮০ ভাগ স্কুলে করোনাকালে কোনো লেখাপড়াই হয়নি। শহরের অনগ্রসর এলাকাগুলোর অবস্থাও তথৈবচ। কম্পিউটার-স্মার্টফোন জীবনে চোখে দেখেনি, ইন্টারনেট কী জানে না, এমন শিক্ষার্থীর সংখ্যাই গ্রামাঞ্চলে ও বস্তি এলাকায় বেশি।

২.

ছ’সাত বছরের বাচ্চা থেকে শুরু করে স্কুলের ওপরের ক্লাসের সব ছাত্র-ছাত্রীর মনে ক্ষোভ একটাই : আজ কতদিন হয়ে গেল স্কুলে যাই না। কতদিন ধরে মন্টু-শন্টু-পিন্টুদের সঙ্গে দেখা হয় না, খেলাধুলা-মারামারি-খুনসুটি হয় না, শেফালি যে রঙিন চুলের ফিতা পরদিন সালেহাকে দেবে বলেছিল তা আর দিতে পারেনি–তার মা-বাবা ওই ক্লাস এইটে পড়ুয়া পুঁচকিকে নাকি চুপি চুপি বিয়ে দিয়ে দিয়েছেন। ইস্, সে বেচারি প্রত্যেক বছর ওই দামড়া আব্বাসটাকে পেছনে ফেলে পরীক্ষায় ফার্স্ট হতো। তার লেখাপড়া জন্মের মতো বন্ধ হয়ে গেল।

গত দেড় বছর স্কুল বন্ধ থাকলেও কর্তৃপক্ষ শিক্ষার্থীদের অটো প্রমোশন দিয়ে দিয়েছেন। এতে করে তা ছেলেমেয়েরা ফুর্তিতে আনন্দ-মিছিল বের করার কথা। কিন্তু হচ্ছে তার উল্টো। এ জন্যও তাদের মন খারাপ। তারা জানে বাকি সারা জীবন এই ‘অটো’ ব্যাপারটা তাদের নানাভাবে জ্বালাবে। ‘অটো’ তাদের সব ব্যাপারে খাটো করে রাখবে। কথায় কথায় খোঁটা শুনতে হবে : হবেই তো। দেখতে হবে না, এরা কোন ব্যাচ? এরা তো



সেই করোনা ব্যাচ। আর করোনা মানেই তো কিছুই ‘করো না,’ কাজকর্ম-লেখাপড়া-খেলাধুলা, পরীক্ষা সবই তো এদের মাফ ছিল। এরা তো স্কুলে কিছুই শিখেনি।

করোনাকালে স্কুল-কলেজ পুরোপুরি বন্ধ রাখাটা কেন জানি মনে হয় অনেকটা হাতের আন্দাজে করা হয়েছিল। অনেকটা মাথা ধরার ভয়ে মাথা কেটে ফেলার মতো। এ ব্যাপারে হয়ত অনেক চিন্তা-ভাবনা, বিচার-বিশ্লেষণ করা হয়েছে। তবু কথা থেকে যায়। যে-দেশে বিকল্প অনলাইন ইত্যাদি ব্যবস্থা চালু করার জনবল ও উপকরণের অভাব তীব্র, বর্তমান আর্থ-সামাজিক অবস্থায় যে দেশের বেশির ভাগ অভিভাবকের কম্পিউটার ল্যাপটপ (শীতে একটা লেপই জোটে না, তার আবার ল্যাপটপ!), স্মার্টফোন ইত্যাদি অতীব প্রয়োজনীয় উপকরণকে বিলাস-সামগ্রী মনে করাই বাস্তবচিত্র সেখানে অনলাইন-রেললাইন নয়, কড়াকড়িভাবে স্বাস্থ্যবিধি পালন, অর্ধেক ক্লাস রুম-অর্ধেক শিক্ষার্থী, মুক্তাঙ্গন, গাছতলা ইত্যাদি নানা বিকল্প ব্যবস্থা অন্তত পরীক্ষামূলকভাবে চালু করে দেখা যেত। এতে করে লক্ষ লক্ষ শিক্ষার্থী হতাশাক্রান্ত রাম গরুড়ের ছানা না হয়ে শৈশব-কৈশোর-তারুণ্যের প্রাণচাঞ্চল্যে ভরপুর থাকত। আর নবীনদের-তরুণদের এই প্রাণচাঞ্চল্যই হচ্ছে একটি জাতির জীবনীশক্তি, যা জাতির চলার পথে গতিসঞ্চার করে। প্রাণচাঞ্চল্য ফুরিয়ে গেলে জাতির মৃত্যু অনিবার্য।

আমি বলে রাখলাম, দেখবেন দেড় বছর পর স্কুলে ফিরে-গিয়ে প্রত্যেকটি শিশু-কিশোর-কিশোরী প্রথমেই একে অন্যকে জড়িয়ে ধরে একচোট হাসাহাসি নাচানাচি করবে, আনন্দাশ্রু ঝরাবে, করোনাসৃষ্ট শোকবার্তাগুলো শুনবে ও শোনাবে। প্রথম দিনটা কাটবে বহুদিনের অদেখার পর প্রিয়জনকে দেখার আনন্দ-বেদনার মধ্য দিয়ে। তারপর ধীরে ধীরে আবার ফিরে যাবে ক’দিনের জন্য পালিয়ে যাওয়া হাসি-কান্নার রোদে-বন্যায় কলকলানো ক্লাসরুম, খেলার মাঠ, খুনসুটি, মারামারি, কিলাকিলি, নালিশা-নালিশির দিনগুলোতে। বিকেলে যখন ঘরে ফিরবে তখন মা দেখবেন তার দশ বছরের যে ছেলেটি বা মেয়েটি চল্লিশ বছরের বুড়োটি-বুড়িটি হয়ে দেড় বছর হৈ-চৈ হাসি ভুলে সারাক্ষণ মনমরা হয়ে ঘরের কোণে পড়ে থাকত, ক’ঘণ্টার স্কুল জীবনের পর সে আবার তার প্রাণোচ্ছল সোনামনি হয়ে নেচে-গেয়ে, আনন্দ-ফুর্তি করে ভাইবোন পাড়াপ্রতিবেশী সবাইকে মাতিয়ে তুলেছে। ওর মা যেমন খুশি হয়েছেন তাঁর পুষ্পবৎ সন্তানকে আবার প্রস্ফুটিত হতে দেখে, তেমনি সারা জাতি আজ আনন্দিত স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ে কর্মচাঞ্চল্য ফিরে আসতে দেখে। বিদ্যালয়গুলোর চেয়ার-টেবিল-বেঞ্চে যেমন ধুলা জমেছে দীর্ঘদিন ধরে, মানুষের মনের ঈশান কোণেও জমাট বেঁধেছে হতাশা, আতঙ্ক ও অনিশ্চয়তার কৃষ্ণমেঘ। দীর্ঘদিন ধরে মানুষের কর্মহীন যোগাযোগবিচ্ছিন্ন গৃহবন্দি জীবন, চারপাশের অন্তহীন মৃত্যুর মিছিল, সমস্যার জাঁ-তাকলে পিষ্ট অস্তিত্ব, দিন দিন যেন পৃথিবী নামক চিরচেনা আবাসস্থলটিকে অচেনা করে তুলছে। দুঃসংবাদ নির্বাসনে পাঠিয়েছে সুসংবাদকে। এরই মধ্যে খুলছে স্কুল। সুপ্রিয় কুদ্দুস বয়াতির গানের ‘কী মজার স্কুল’।

৩.

এই যে স্কুল-কলেজ, মক্তব-মাদ্রাসা, বিশ্ববিদ্যালয় খুলছে এ যেন পৃথিবীর আড়মোড়া ভেঙ্গে জেগে ওঠার লক্ষণ। যেন হারানো ছন্দ ফিরে পাওয়ার পূর্বাভাস। যেন ‘তৃণ ক্ষুদ্র অতি/তারেও বাঁধিয়া বক্ষে মাতা বসুমতী/ কহিছেন প্রাণপণে, যেতে নাহি দিব’ (রবীন্দ্রনাথ ঠাকুর ‘যেতে নাহি দিব’ : সোনার তরী)–এই বিধিদত্ত বিশাল দায়িত্ব ভুলে গিয়ে পৃথিবী করোনাকে তার ধ্বংসযজ্ঞ চালিয়ে যাওয়ার ও জি এল (ওপেন জেনারেল লাইসেন্স) দিয়ে সুপ্তিমগ্ন হয়ে পড়েছিল, হঠাৎ জেগে উঠে আবার নিজ রাজ্যপাট গুছিয়ে নিতে মনোযোগী হচ্ছে। এবং আমার বিশ্বাস, পৃথিবী শিগগিরই করোনা নামক এই দৈত্যটাকে বলবে : ‘ইনাফ ইজ ইনাফ’, যথেষ্ট হয়েছে, এবার তুই মানে মানে আবার ওই বোতলে ঢুকে পড়। নইলে আর কোনোদিন তোকে আমার জল-হওয়া চাখতে বাইরে বের হতে দেবো না।... সবই হবে, সব কিছুই ফিরে যাবে আগের ধারায়, শুধু ফিরে আসবে না, আসবে না কোনোদিন যারা চলে গেছে তারা। এই নির্মম সত্যকে মেনে নিয়ে, পুরাতনের কাছ থেকে শিক্ষা নিয়ে নতুন করে যাত্রা শুরু করতে হবে এই গ্রহের মানুষকে। আর তার সম্মুখ সারির অভিযাত্রী হবে আজকে যারা স্কুলে ফিরে এসেছে নতুন দিনের সূর্যের আলোয় অবগাহন করতে করতে তারা। যারা প্রবীণ, যারা জরাক্রান্ত, বয়সের ভারে ন্যুব্জদেহ যারা, তারা তাদের পালা শেষ করে বিশ্রামপর্বে চলে যাবে, ধড়াচূড়া-উষ্ণীষ রেখে যাবে নবীন সেনাপতিদের জন্যে। তোমরাই সেই সেনাপতি, নবীন বন্ধুরা আমার।

৪.

বহুদিন পর স্কুলে গিয়ে বাড়িতে ফিরে এসেছ দেহমনে এক দারুণ পুলকানুভূতি নিয়ে। ক্লান্ত শরীরে বিছানায় শুয়েও ঘুম আসছে না তোমার। বারবার মনে পড়ছে বন্ধুদের কথা, স্যারদের কথা, শ্রেণিকক্ষ, খেলার মাঠ, বৃক্ষতলের কলকাকলি, এমনকি ঘণ্টা পেটানো দারোয়ান ভাইয়ের কথা। এরা সবাই মিলে সলা করে তোমার চোখের ঘুম কেড়ে নিয়েছে, বলছে : ‘এতদিন পরে এই যে আবার ফিরে এলে, জানো তুমি কেন এলে?’ তুমি বলবে, ‘জানি না আবার। স্কুলে এসেছি লেখাপড়া করতে, বন্ধুদের সঙ্গে মিলেমিশে খেলাধুলা করতে, পরীক্ষা দিয়ে পাশ করে ওপরের ক্লাসে উঠতে। তারপর একদিন চাক-রিবাকরি না হয় ব্যবসা-বাণিজ্য করতে। সবচেয়ে বড় কথা দেশের ও দেশের মানুষের সেবা করতে চাই।’ তোমার জবাব শুনে সবাই করতালি দেবে। তাদের সঙ্গে আমিও যোগ দেবো অদৃশ্য থেকে।

আর তোমার অনুমতি নিয়ে, বন্ধু, নিবেদন করব কয়েকটি কথা : তোমার জীবনের যে দেড়টি-দু’টি বছর করোনার কারণে লেখাপড়ার জগত থেকে সম্পূর্ণ নির্বাসিত অবস্থায় হারিয়ে গেল, যে দারুণ ক্ষতি হয়ে গেল তোমার জীবনে, এর জন্য তুমি কিন্তু মোটেই ভেঙে পড়বে না। তুমি ভাববে, এর চেয়েও ভয়ঙ্কর কিছুও তো হতে পারত। তোমার পরিচিত জগতের অনেকেই–কেউ কেউ অকালে–চলে গেছেন পৃথিবী ছেড়ে, তুমি তো আল্লাহর অশেষ কৃপায় বেঁচে আছ। অতএব তুমি এখন থেকে লড়াই করবে সব প্রতিকূলতার বিরুদ্ধে। তুমি পারবে সেই লড়াইয়ে জিততে। কারণ একাত্তরে তোমার পূর্বপুরুষেরা করোনার চেয়েও এক ভয়ঙ্কর রাক্ষসের বিরুদ্ধে প্রায় খালি হাতে লড়াই করে এক চাপিয়ে দেওয়া অন্যায় যুদ্ধে জয়লাভ করেছিল, ছিনিয়ে এনেছিল স্বাধীনতার রক্তিম সূর্য। সেই বীর মুক্তিযোদ্ধারা লড়াই করেছিল, শহীদ হয়েছিল বলেই আজ তুমি তোমার প্রিয় স্কুলে যেতে পারছ, স্বপ্ন দেখছ একদিন দেশের, দেশের মানুষের সেবা করবে। অতএব সোনা, আজ থেকে প্রতিজ্ঞা করো নিজেকে একজন যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য মনপ্রাণ দিয়ে লেখাপড়া করবে। আর একটুও সুযোগ ও সময় নষ্ট হতে দেবে না। মনে রাখবে, দেশের লক্ষ লক্ষ সুবিধাবঞ্চিত শিশু-কিশোর সুযোগ ও সামর্থ্য না থাকার কারণে স্কুলে যেতে পারে না। আজকে তোমার ঘুম আসছে না অনেক সুন্দর স্বপ্ন তোমার চোখে ভিড় করছে বলে, আর ওইসব শিশুরাও, কিশোর-কিশোরীরাও ঘুমাতে পারছে না রাতে পেটে দানাপানি কিছু পড়েনি বলে। তোমার শপথ হবে, এ দেশের গরিব-দুঃখী মানুষের মুখে হাসি ফোটানোর। তোমাকে একদিন ‘কথায় না বড় হয়ে কাজে বড়’ হতে হবে, সোনা। তুমি অন্যায়-অত্যাচারকে, দুর্নীতিকে, সততা-প্রবঞ্চনাকে নরকের কীটের চেয়েও বেশি ঘৃণা করবে। আর সত্য ও ন্যায়ের জন্য, ইনসাফের জন্য, অসহায় দুর্বলের জন্য জীবন বিসর্জন দিতে বিন্দুমাত্র কুণ্ঠিত হবে না তুমি।

আর শোনো, আরেকটি কথা বলে শেষ করি। আজ তুমি শিশু, কিশোর, দু’দিন পর তুমি পা দেবে জীবনের শ্রেষ্ঠ সময়ে। সেটা কী? সেটা যৌবন। ওই সময়টাতে তুমি কলেজ-বিশ্ববিদ্যালয়ে জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ সময়টা পার করবে। এরপরেই তো শুরু হবে তোমার কর্মজীবন। মনীষীরা যার নামকরণ করে গেছেন জীবনযুদ্ধ। সেই যুদ্ধে ধনী-গরিব, শক্ত-অশক্ত সকলকেই নামতে হবে। এতে কোনো ছাড় নেই। আর সেই সমরাঙ্গনে অবতীর্ণ হওয়ার আগে নিজেকে ‘অস্ত্রশস্ত্রে’ সজ্জিত করতে হবে যৌবনকালেই। কাজেই প্রিয় বন্ধুরা, এখন থেকেই প্রস্তুত হও জীবনযুদ্ধের জন্য।

শেষ তো করব কিন্তু শ্রদ্ধেয় শিক্ষক ও অভিভাবকবৃন্দের প্রতি সামান্য আরজ না করে যাই কী করে। বেআদবি হয়ে যাবে না? এই অশীতিপর আমি ষাটের দশকে জীবন শুরু করেছিলাম একজন শিক্ষক হিসেবে। (প্রথমে হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জে নয় মাস ও পরে সিলেট এম. সি. কলেজে তিন বছর।) তখন আমার একটা উপলব্ধি হয়েছিল: একজন শিক্ষককে রোজ পড়াশুনা করতে হবে তার ছাত্রের চেয়েও বেশি। আর শিক্ষকতা কোনো পেশা নয়, এটা একটা ‘প্যাশন’, প্রবল অনুরাগ বা বিশেষ প্রেম। আর শিক্ষার্থী লেখাপড়ায় ভালো হোক আর মন্দ হোক শিক্ষকের সন্তানবৎ। তার ভবিষ্যৎ গড়ার কারিগর শিক্ষক। তবে হ্যাঁ, সেই কারিগর আগে নিজেকে অবশ্যই দক্ষ করে গড়ে তুলতে হবে।

আর শ্রদ্ধেয় অভিভাবকগণ, আপনাদের কী আর বলব। করোনা কিন্তু কিছু বিষয় আমাদের চোখে আঙুল দিয়ে শিখিয়ে গেল। যেমন স্বাস্থ্যবিধি মেনে চলা। আসুন না, এগুলো আমরা নিজ নিজ পরিবারে খাবার খাওয়া, কাপড় পরার মত অভ্যাসে পরিণত করি। আর ছেলে বা মেয়েটির সঙ্গে বন্ধুর মতো আচরণ করে সে কোথায় যায়, কার সঙ্গে মিশে, এসবের খোঁজ-খবর নেই। মনে রাখবেন, নীড় ছেড়ে পাখি একবার উড়ে চলে গেলে আর ফিরে নাও আসতে পারে।

আজকের লেখাটি তো নবীন শিক্ষার্থীদের উদ্দেশে নিবেদিত। তাই শেষ করি রবীন্দ্রনাথ ঠাকুর থেকে আমার প্রিয় কয়েকটি পঙিক্ত উচ্চারণ করে : যৌবন বসন্তসম সুখময় বটে/দিনে দিনে উভয়ের পরিণাম ঘটে।/কিন্তু পুনঃ বসন্তের হয় আগমন/ফিরে না ফিরে না আর ফিরে না যৌবন। অতএব বন্ধুরা, জীবনের মধুরতম সময় শৈশব, কৈশোর ও যৌবনকে কিছুতেই বৃথা যেতে দেবে না, অবশ্যই অর্থবহভাবে কাজে লাগবে।

লেখক: সাবেক সচিব, কবি

বিভক্তি ফোবানায় : ইগো আর নেতৃত্বের কোন্দলই দায়ী

(প্রথম পাতার পর)

চেয়ারম্যান জাকারিয়া চৌধুরী ও এক্সিকিউটিভ সেক্রেটারী মাসুদ চৌধুরী নেতৃত্বাধীন ফোবানা’র অপরাংশের তিন দিনব্যাপী (২৬, ২৭ ও ২৮ নভেম্বর) সম্মেলন অনুষ্ঠিত হবে ম্যারিল্যান্ডের গেলর্ড ন্যাশনাল রিসোর্ট এন্ড কনভেনশন সেন্টারে।

ফোবানার সাথে সংশ্লিস্ট একাধিক কর্মকর্তা ও সচেতন প্রবাসীরা নাম প্রকাশ না করার শর্তে বলেন, তাদের মতে বিভক্তির কারণে ফোবানা তার ঐতিহ্য হারাতে বসেছে বলে সচেতন প্রবাসীদের অভিমত। তার মনে করেন, ফোবানা নেতৃবৃন্দের অযোগ্যতায় ফোবানা আর মূল ফোবানা’য় নেই। ফোবানায় নেই আয়-বায়ের স্বচ্ছতা, নেই কোন হিসাব-নিকাশ। নাম প্রকাশে অনিচ্ছুক এক কর্মকর্তা জানান, ভিতর থেকে দেখা ফোবানায় এবার এক নেতা তার নেতৃত্ব দেখাতেই তার সমর্থকদের নিয়ে একটি তথা কথিত সম্মেলন করে দেখিয়েছেন। ঐক্য তো দূরের কথা বিভক্ত করে হলেও সম্মেলন করাটাই তার জয় বলে তিনি মনে করছেন। অথচ প্রতিবছর ফোবানা সম্মেলনের নামে লাখ লাখ ডলার ব্যয় হলেও ফোবানা’র লক্ষ্য, উদ্দেশ্য বাস্তবায়িত হচ্ছে না। বরং অনেকে মনে করছেন ফোবানা নাচ-গানের সম্মেলনে পরিণত হয়েছে। সম্মেলনে সভা-সমাবেশ-সেমিনারের কথা থাকলেও তা নামে মাত্র হয় বলে অনেকের অভিযোগ। বড় অভিযোগ ফোবানার আয়-ব্যয় জন সমক্ষে প্রকাশ বা স্বচ্ছতা না দেখানো।

এদিকে বিভক্ত ফোবানা ঐক্যবদ্ধ করার প্রক্রিয়ার কথা শুনা গেলেও কতিপয় নেতাই ফেবানায় ঐক্য চান না বলে সংশ্লিস্টদের অধিকাংশই মনে করছেন। তারা বলছেন, ফোবানা ঐকবদ্ধ হলে তথা কথিত ঐ নেতাদের নেতৃত্ব থাকবে না। ফোবানায় নেতৃত্ব বহাল রাখাই তাদের লক্ষ্য ও উদ্দেশ্য। আবার কেউ কেউ দূর থেকেই ফোবানা বিভক্তির কলকাঠি নাড়ছেন। আবার বিভক্তির কারণে অনেকেই ফোবানা থেকে দূরে সরে গেছেন।

বিভক্ত ফোবানার চলমান প্রেক্ষপটে আদৌ ‘ফোবানা সম্মেলন’-এর প্রয়োজন আছে কিনা তাই এখন সচেতন প্রবাসীদের বড় প্রশ্ন।

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর
বাংলাদেশী কমিউনিটি সহ
অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম
এবং
একমাত্র
বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

Homeopathy & Herbal
হোমিওপ্যাথিক এন্ড হারবাল
ডাঃ এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA) Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

মহিলাদের:* অনিয়মিত ঋতুস্রাব * স্তনের টিউমার * চুল পড়া * শ্বেতপ্রদর বা লিউকোরিহিয়া * ডিম্বাশয়ের টিউমার (Ovarian Cyst) * Endometriosis, * জরায়ুর টিউমার (Uterus Tumors), * বন্ধ্যাত্ব * ঋতুস্রাবে বিলম্ব ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন ষ্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

37-15 73rd Street, Jackson heights, NY 11372.
Cell: 917-285-4804, Ph: 718-898-0939
www.vhvshop.com
Business Hours: Monday-Friday: 12:00PM-8:00PM, Saturday-Sunday: 12PM-5PM

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

- বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
- অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine | সীমিত সময়ের জন্য 15% Off | Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন

পপুলার ড্রাইভিং স্কুল

Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
917-301-2063

OPEN 7 DAYS

6 Hours
DDC Class
Good For TLC



বাসা থেকে ফ্রি পিকআপ এন্ড ড্রপ

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীদের ড্রাইভিং লাইসেন্স পেতে কি ধরনের কাগজপত্র বা ডকুমেন্টস লাগবে তা জানতে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

- ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্বাবধানে ড্রাইভিং শিখুন।
- ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ৫, ১০ ও ১৫ লেসনের প্যাকেজ ডীল।
- প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা (শনিবারসহ)

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

- 5 Hours Class Certificate
- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন ফ্রি বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট বই

Please Call
718-426-9453, 917-301-2063

Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave) ডিজিটাল ওয়ান এর উপরে

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৩ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

ই-মেইল :
শধফবৎরশরনৎরধ@মসধরষ.পড়স

ঠিকানা :
ঝাঁৎ ঙ ইধহবব ঝধহমববঃ অপধফবসু
১৪৬ গধৎষনড়ৎড়ঁময জড়ধফ
টঢ়ঢ়বৎ উধৎনু, চঅ ১৯০৮২

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com

CREDIT REPAIR

যত দ্রুত সম্ভব ক্রেডিট লাইন রিপেয়ার করুন

আমরা দীর্ঘ অভিজ্ঞতা সম্পূন্য ব্যক্তিদের মাধ্যমে গ্যারান্টি সহকারে ক্রেডিট রিপেয়ার করি।



বাড়ি, গাড়ি কেনা থেকে নিজেকে কেন বঞ্চিত করছেন?

ক্রেডিট লাইনে যে কোন ঝামেলাই আমরা রিমুভ করি।

Southeast USA Group Inc.
74-09 37th Avenue, Suit # 206, Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207, 917-566-1612 Fax: 718-412-3249

ELECTION COMMISSION

Bangladesh Society Inc.

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক

86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373

A Not-For-Profit, Tax Exempt 501(c)(3) Socio-Cultural Organization. Established: 1976 * Tax ID: 80-0508683

বাংলাদেশ সোসাইটির সম্মানিত ভোটারদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সোসাইটির বিলম্বিত নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নিম্নে পুন:তফসিল দেওয়া হইল।

নির্বাচনী পুন:তফসিল

১. ভোট কেন্দ্র ও ভোটিং মেশিন পাওয়া সাপেক্ষে নির্বাচন ১৪ই নভেম্বর, ২০২১ রোববার। সকাল-৯টা থেকে রাত ৯টা পর্যন্ত ভোট গ্রহন করা হইবে।

২. উডসাইড, জ্যামাইকা, ব্রকলীন, ওজনপার্ক এবং ব্রঙ্কসে ভোট গ্রহন করা হইবে।

৩. বিশ্বমহামারী কভিড-১৯ আক্রান্ত হয়ে রব-রুহুল প্যানেলের দুইজন প্রার্থীর মৃত্যুজনিত কারণে পুন:মনোনয়ন পত্র আহবান করা যাচ্ছে।

ক). সহ সভাপতি ১টি এবং সহ সাধারণ সম্পাদক ১টি পদে শুধুমাত্র রব-রুহুল প্যানেলের পক্ষ থেকে মনোনয়নপত্র গ্রহন করা হইবে।

খ). মনোনয়নপত্র ও প্যাকেজ বিক্রয় ০৯/১৪/২০২১ মঙ্গলবার সন্ধ্যা ৬ টা থেকে রাত ৮টা বাংলাদেশ সোসাইটির কার্যালয়।

গ). প্যাকেজ মূল্য ৫০০ ডলার, সহ সভাপতি পদে নমিনেশন ফি ৪০০০ ডলার এবং সহ সাধারণ সম্পাদক পদে নমিনেশন ফি ২৭০০ ডলার।

ঘ). দুই কপি পাসপোর্ট সাইজ ছবি, মানি অর্ডার কিংবা নগদ মনোনয়ন ফি সহ অবশ্যই নির্দিষ্ট প্যানেলের মনোনীত প্রার্থীর স্বপক্ষে ঐ প্যানেলের সভাপতি ও সাধারণ সম্পাদক প্রার্থী দ্বারা সত্যায়িত (নোটারাইজড) প্রত্যয়নপত্র সমেত মনোনয়নপত্র ০৯/২১/২০২১ মঙ্গলবার সন্ধ্যা ৬-৮টা সোসাইটির কার্যালয়ে গ্রহন করা হবে।

ঙ). মনোনয়নপত্র যাচাই-বাছাই-০৯/২৩/২০২১ সন্ধ্যা ৬ থেকে রাত ৮টা।

চ). মনোনয়নপত্র প্রত্যাহার ০৯/২৫/২০২১ সন্ধ্যা ৬ থেকে রাত ৮টা।

ছ). চুড়ান্তপ্রার্থী তালিকা প্রকাশ ০৯/২৬/২০২১ সোসাইটি কার্যালয়।

জ). ইতিমধ্যে যে সকল ভোটারের ঠিকানা পরিবর্তন হয়েছে, তাদের বর্তমান ঠিকানায় ভোট প্রদানের সুবিধার্থে বর্তমান ঠিকানা ভোটার তালিকায় সংযোজন বা সংশোধনের আবেদন সেপ্টেম্বর ১৭, ১৮, ১৯, ২৪, ২৫, ২৬ এবং অক্টোবর ১, ২, ৩, ২০২১ বিকাল ৪টা হতে সন্ধ্যা ৭টা পর্যন্ত সোসাইটির কার্যালয়ে কার্যকরী কমিটির তত্ত্বাবধানে গ্রহন করা হইবে। যোগাযোগ ভারপ্রাপ্ত সভাপতি- আব্দুর রহিম হাওলাদার ৯১৭-৩০১-২০৬৩, সাধারণ সম্পাদক- রুহুল আমিন সিদ্দিকী ৯১৭-৪৭৬-৫৩৮২, কোষাধ্যক্ষ- মোহাম্মদ আলী ৯১৭-৩০২-০৪৪৩

ঝ). ভোট কেন্দ্রের ২০০ গজের মধ্যে এবং কেন্দ্রের ভিতরে সংশ্লিষ্ট সকলকে অবশ্যই মাস্ক ব্যবহার করিতে হইবে এবং নির্বাচন সংশ্লিষ্ট কর্মরত সকলকে কভিড-১৯ ভ্যাকসিনেটেড হইতে হবে।

ঞ). *ভোট কেন্দ্রের পূণাঙ্গ ঠিকানা ও নির্বাচনী নিয়মকানুন (বাইলজ) পরবর্তীতে জানানো হবে।*

নির্বাচন ১৪ই নভেম্বর, ২০২১ রোববার

নির্বাচন কমিশন

এড. জামাল আহমেদ জনি
চেয়ারম্যান, ৯১৭-৮১৫-৫৫৪৪

মো: আব্দুল হাকিম মিয়া	মো: আনোয়ার হোসেন	কাওসারুজ্জামান কয়েছ	মো: রুহুল আমিন সরকার	খোকন মোশাররফ
কমিশনার	কমিশনার	কমিশনার	কমিশনার	কমিশনার
৩৪৭-৩৩২-৩৬৫৩	৩৪৭-৪২৯-৫৯৩২	৯১৭-৮২২-২২০৭	৭১৮-৭০৫-২২২৮	৯১৭-৬০৯-৬০৮৩

বি: দ্র: নির্বাচন সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত, তফসিল (বিধিমালা) পরিবর্তন, পরিবর্ধন বা সংশোধনের ক্ষমতা নির্বাচন কমিশন কর্তৃক সংরক্ষিত।

প্লেটোর ‘নিকৃষ্ট’ গণতন্ত্র এবং ‘উৎকৃষ্ট’ রাজনীতি



গোলাম মাওলা রনি

মহামতি প্লেটো যে সময়টিতে গ্রিসের এথেন্স নগরীতে বাস করতেন সেই সময়টি নানা কারণে ইতিহাসে অমর হয়ে আছে। পশ্চিমা দুনিয়া বলতে যা বোঝায় অথবা পাশ্চাত্যের ধনসম্পদ-আভিজাত্যের যে গর্ব তার পিতৃভূমি ছিল এথেন্স। পশ্চিমাদের ভাষা, সাহিত্য, রাজনীতি, শিক্ষা-দীক্ষা, অন্যান্য জাতিগোষ্ঠীর ওপর আধিপত্য লাভের কৌশল এবং যুদ্ধ বা বল প্রয়োগের রীতিনীতির সূতিকাগৃহ হিসেবে এথেন্সের যে নামডাক তার মূলে যে তিনজন দার্শনিককে কৃতিত্ব দেয়া হয় তাদের মধ্যমণি হলেন প্লেটো। তার ভুবনবিখ্যাত শিক্ষক সক্রেটিস এবং কালজয়ী ছাত্র অ্যারিস্টটল ছাড়াও তার প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয় ‘অ্যাকাডেমি’র কারণে তিনি মানবজাতির ইতিহাসে একক ব্যক্তি হিসেবে যতটা সুখ্যাতি অর্জন করেছেন অমন সুনাম আর সুখ্যাতি অন্য কোনো দার্শনিকের ভাগ্যে জোটেনি।

প্রাচীন গ্রিসের এথেন্স নগরীর অত্যন্ত অভিজাত ও ধনাঢ্য পরিবারে ৩৪৮ খ্রিষ্টপূর্বাব্দে তিনি যখন জন্মেছিলেন এবং জন্মের আশি বছর পর যখন তার মৃত্যু হয়েছিল তখন সেখানে এক অদ্ভুত গণতন্ত্র বহাল ছিল। এথেন্সের অভিজাত সমাজে তিনি ছিলেন যথেষ্ট প্রভাবশালী এবং গণতন্ত্রের নামে যারা দেশ শাসন করতেন তারা তাকে খুব সমীহ করতেন। তার পরও তিনি সারাটি জীবন গণতন্ত্রের বিরুদ্ধে কথা বলে গেছেন। তার সুবিখ্যাত দু’টি উক্তি– গণতন্ত্র হলো নিকৃষ্ট শাসনব্যবস্থা যেখানে মন্দ ও অযোগ্য লোকেরা অনায়াসে জাতির ঘাড়ে চেপে বসে উত্তম ও যোগ্য লোকদেরকে শাসন করার সুযোগ পায়। দ্বিতীয়, রাজনীতি করো; অন্যথায় তোমার চেয়ে অযোগ্য লোক তোমাকে শাসন করার কর্তৃত্ব পেয়ে যাবে।

প্লেটোর উল্লিখিত উক্তিগুলো নিয়ে হাজার বছর ধরে আলোচনা-সমালোচনা এবং তর্ক-বিতর্ক চলছে। প্লেটো কেনো গণতন্ত্রকে অপছন্দ করতেন, আবার অন্য দিকে রাজনীতিতে সক্রিয় অংশগ্রহণের পরামর্শ দিলেন তা নিয়ে বিস্তারিত আলোচনার আগে তার সময়ের রাজনীতি এবং সামাজিক প্রেক্ষাপট নিয়ে সংক্ষেপে আলোচনা করা আবশ্যক। প্লেটোর জীবৎকালকে ঐতিহাসিকরা ‘হেলেনীয় সময়’ বলে অভিহিত করেন। পৃথিবীর সর্বকালের সেরা মহাকবি হোমার রচিত ইলিয়াড মহাকাব্যের নায়িকা হেলেনের নামানুসারে প্রাচীন ইউরোপের প্রায় এক হাজার বছর সময়কালকে হেলেনীয় সময় বলা হয়। ইতিহাসের এবং ইংরেজি সাহিত্যের ছাত্ররা খুব ভালো করেই জানেন যে, ট্রোজান যুদ্ধের পটভূমি নিয়ে হোমার তার অনবদ্য সাহিত্যকর্ম ‘ইলিয়াড’ রচনা করেছিলেন। খ্রিষ্টের জন্মের সাড়ে সাতশত বছর আগে হোমার বর্তমান তুরস্কের সেই এলাকায় জন্মগ্রহণ করেন যেটির আদি নাম ছিল আয়োনিয়া। ধারণা করা হয়, হোমার জীবিকার সন্ধানে আয়োনিয়া ত্যাগ করে বর্তমান গ্রিসের নিয়ো দ্বীপে যান, যার ঐতিহাসিক নাম আইওস। হোমার রচিত ইলিয়াড প্রাচীন গ্রিসের দু’টি নগররাষ্ট্রের মধ্যকার যুদ্ধের বর্ণনা এবং সেই যুদ্ধের পরিণতিতে সমগ্র গ্রিসে রাজতন্ত্রের পরিবর্তে ধীরে ধীরে গণতন্ত্র প্রতিষ্ঠিত হতে থাকে। সেই গণতন্ত্র আবার জুলিয়াস সিজার কর্তৃক রহিত এবং সিজার কর্তৃক রাজতন্ত্র প্রতিষ্ঠার মাধ্যমে যে নতুন যুগের সৃষ্টি করে তার পূর্বপর্যন্ত সময়কালকে হেলেনীয় যুগ বলা হয়।

হোমার রচিত ইলিয়াডের নায়িকা হেলেন ছিলেন নগররাষ্ট্র স্পার্টার রাণী। তার স্বামী ও স্পার্টার শাসক মেনেলাউসের বন্ধু ছিলেন পার্শ্ববর্তী রাজ্য স্পার্টার যুবরাজ প্যারিস। মেনেলাউসের আমন্ত্রণে যুবরাজ প্যারিস স্পার্টায় বেড়াতে আসেন এবং বন্ধুপত্নী হেলেনার সঙ্গে পরকীয়ায় জড়িয়ে পড়েন। তার সম্পর্ক গভীর থেকে গভীরে পৌঁছালে প্যারিস ও হেলেন রাতের আঁধারে জাহাজযোগে স্পার্টা থেকে পালিয়ে অজানা গন্তব্যে চলে যান। এই ঘটনা ঘটেছিল হোমারের জন্মের এক শ’ বছর আগে অর্থাৎ ৮৫০ খ্রিষ্টপূর্বাব্দে। পরে ইতিহাসের জনক হিরোডোটাস যখন মিসরে গিয়েছিলেন তখন তিনি শুনতে পেয়েছিলেন যে, প্যারিস ও হেলেনকে বহনকারী জাহাজ মিসরের সমুদ্র উপকূলে আশ্রয় নিয়েছিল এবং তৎকালীন ফেরাউনের কাছে রাজনৈতিক আশ্রয় প্রার্থনা করে। কিন্তু শক্তিশালী স্পার্টা রাজ্যের সাথে একটি সম্ভাব্য রক্তক্ষয়ী যুদ্ধ এড়ানোর জন্য ফেরাউন ট্রয়ের যুবরাজ প্যারিস এবং তার প্রেমিকা হেলেনকে আশ্রয় না দিয়ে মিসর উপকূল ত্যাগ করার নির্দেশ দেন।

যুবরাজ প্যারিসের সঙ্গে হেলেনের পরকীয়া এবং পালিয়ে যাওয়ার ঘটনা পুরো গ্রিক সাম্রাজ্যকে অস্থির করে তোলে। স্পার্টার হর্তাকর্তারা পরকীয়ার বিষয়টি চেপে যান এবং প্রচার করতে থাকেন যে, যুবরাজ প্যারিস বিশ্বাস ভঙ্গ করে এবং রাজকীয় নীতি নৈতিকতা বিসর্জন দিয়ে বন্ধুস্ত্রী হেলেনকে অপহরণ করে ট্রয় নগরীতে নিয়ে গেছেন। প্রাচীন দুনিয়ার রীতি অনুযায়ী, রাজা-রাণী ছিলেন একটি জাতিগোষ্ঠীর সম্মান এবং মর্যাদার প্রতীক। ভিনদেশী যুবরাজ কর্তৃক স্পার্টার রাণি অপহৃত হয়েছেন– এই খবর প্রচারিত হওয়ার পর পুরো স্পার্টাতে যুদ্ধের দামামা বেজে ওঠে। অন্য দিকে স্পার্টার তুলনায় দুর্বল ও দরিদ্র রাষ্ট্র ছিল ট্রয়। সেখানকার রাজা এবং অভিজাতবর্গ প্রাণপণ চেষ্টা করেও স্পার্টার রাজাকে বুঝাতে পারলেন না, হেলেন ও প্যারিস পালিয়ে অন্যত্র চলে গেছে এবং তারা ট্রয়ে আসেনি। তদুপরি ট্রয়ের রাজা ও জনগণ যুবরাজ প্যারিসের অপকর্মের সঙ্গে জড়িত নয়। ট্রয় রাজ্যের সব কূটনৈতিক প্রচেষ্টা ব্যর্থ হলো এবং ক্ষুব্ধ স্পার্টাবাসী ট্রয় নগরী আক্রমণ করে তা জ্বালিয়ে-পুড়িয়ে একদম মাটির সঙ্গে মিশিয়ে দিলো।

হোমার রচিত ইলিয়াড মহাকাব্যের উল্লিখিত কাহিনীর সামাজিক ও রাজনৈতিক প্রভাব পাক-ভারতের দুই মহাকাব্য মহাভারত ও রামায়ণের মতোই হাজার হাজার বছর ধরে সংশ্লিষ্ট দেশ কাল ও সমাজকে নিদারুণভাবে প্রভাবিত করে আসছে। প্রায় পাঁচ হাজার বছর আগে রচিত রামায়ণ কিংবা মহাভারতের বিভিন্ন কাহিনী যেমন আজো ভারতবর্ষের রাজনীতি, অর্থনীতি ও সমাজনীতির নিয়ামক হয়ে ওঠে, তেমনি হোমার রচিত ইলিয়াড মহাকাব্য ছাড়াও তার আরেক মহাকাব্য ‘ওডিসি’র কাহিনী হাজার হাজার বছর ধরে পুরো ইউরোপের রাজনীতি-অর্থনীতি ও সমাজনীতিকে প্রভাবিত করে আসছে।

বেশির ভাগ পশ্চিমা ঐতিহাসিক বর্ণনা করেছেন যে, হোমার রচিত ইলিয়াডের কাহিনীর কোনো ঐতিহাসিক দলিল নেই। একটি প্রাচীন যুদ্ধ যার নেপথ্য কাহিনীর কোনো ঐতিহাসিক দলিল নেই, সেই যুদ্ধের পটভূমি নিয়ে একজন অন্ধ কবি যিনি লিখতে এবং পড়তে পারেন না, তার মনগড়া কবিতার ছন্দে রচিত কাহিনী বা গল্পকথা কিভাবে প্রাচীন গ্রিসের রাজতন্ত্রের কবর রচনা করেছিল তা গবেষণা করলে আধুনিক দুনিয়ার মানুষ বিস্ময়ে হতবাক হয়ে পড়ে। রাজতন্ত্রের অধীনে রাজা যেভাবে নিজেদের ঈশ্বরের অবতার হিসেবে পরিচয় দিতেন তার সাথে যুবরাজ প্যারিসের কুকর্ম নিদারুণ সঙ্ঘাত সৃষ্টি করেছিল। অন্য দিকে স্পার্টার রাজার ক্রোধ এবং ট্রয়ের পতনের মধ্যে যে বিচারহীনতা, নির্মমতা, অমানবিকতা, এসব পাশবিকতাকে হোমার কবিতার ছন্দে এমনভাবে ফুটিয়ে তুলেছেন যার কারণে প্রাচীন গ্রিসে রাজতন্ত্রের পরিবর্তে গণতন্ত্র চালু হয়ে গিয়েছিল।

সক্রেটিসের বিচারের জন্য যে বেঞ্চ স্থাপন করা হয়েছিল, সেখানে পাঁচশত বিচারক নিয়োগ দেয়া হয়েছিল। পৃথিবী সৃষ্টির পর কোনো রাষ্ট্রের সর্বোচ্চ আদালতের পাঁচ শ’ বিচারক একজন আসামির মৃত্যুদন্ড দেয়ার জন্য যুগপৎভাবে কাজ করেছেন, এমন নজির সক্রেটিসের বিচারকার্য ছাড়া দ্বিতীয়টি নেই। এত বড় প্রহসন যখন চলছিল ঠিক সেই সময়ে সক্রেটিসের ছাত্র প্লেটো সমাজের অতি উঁচুতলার প্রতিনিধি হওয়া সত্ত্বেও কিছুই করতে পারেননি।

প্লেটো যে সময়ে গণতন্ত্র সম্পর্কে হতাশা ব্যক্ত করেছিলেন সেটি ছিল হেলেনীয় যুগের ক্রান্তিকাল এবং গণতন্ত্রের বিকৃত কর্মকাণ্ডের ‘মধুমাস’। এথেন্সের শাসকরা যেভাবে রাষ্ট্রের নির্বাহী বিভাগ ও বিচার বিভাগকে একত্র করে ইচ্ছেমতো প্রতিপক্ষের ওপর বিচারের নামে প্রহসন চালাতেন তা এর আগের রাজতন্ত্রে কখনো ঘটেনি। ফলে সমাজের বিবেকবান মানুষ বিশেষত দার্শনিকরা সাজানো গণতন্ত্রের কুফল নিয়ে সোচ্চার হতে থাকেন এবং প্লেটোর শিক্ষক সক্রেটিস তৎকালীন সমাজে তার মতামতের জন্য এতটাই প্রভাবশালী হয়ে পড়েন যে, তাকে মেরে ফেলার জন্য তৎকালীন শাসকরা মানবজাতির ইতিহাসের সর্ববৃহৎ বিচারিক প্রহসনের আয়োজন করেন।

সক্রেটিসের বিচারের জন্য যে বেঞ্চ স্থাপন করা হয়েছিল, সেখানে পাঁচশত বিচারক নিয়োগ দেয়া হয়েছিল। পৃথিবী সৃষ্টির পর কোনো রাষ্ট্রের সর্বোচ্চ আদালতের পাঁচ শ’ বিচারক একজন আসামির মৃত্যুদন্ড দেয়ার জন্য যুগপৎভাবে কাজ করেছেন, এমন নজির সক্রেটিসের বিচারকার্য ছাড়া দ্বিতীয়টি নেই। এত বড় প্রহসন যখন চলছিল ঠিক সেই সময়ে সক্রেটিসের ছাত্র প্লেটো সমাজের অতি উঁচুতলার প্রতিনিধি হওয়া সত্ত্বেও কিছুই করতে পারেননি। এ অবস্থায় সক্রেটিসের বিচার এবং অন্যায়ভাবে তাকে প্রাণদন্ডে দন্ডিত করার দৃশ্য দেখে প্লেটোর অন্তরাত্মা কথিত গণতন্ত্র সম্পর্কে বিদ্রোহী হয়ে ওঠে। তার লেখনী, বক্তব্য এবং মতামতের ওপর ভিত্তি করে পরবর্তী কয়েক দশকের মধ্যে গ্রিসে গণতন্ত্রের কবর রচিত হয় এবং প্রাক হেলেনীয় যুগের মতো রাজতন্ত্র প্রতিষ্ঠিত হয়।

আমরা আজকের নিবন্ধের একদম শেষ পর্যায়ে চলে এসেছি। এবার বলব, কেন ২০২১ সালের সেপ্টেম্বর মাসে এসে সর্বকালের অন্যতম সেরা দার্শনিকগুরু প্লেটোর কথা মনে পড়ল এবং তার অমিয় বাণীগুলোর মধ্যে গণতন্ত্র ও রাজনীতি নিয়ে তার বক্তব্য কেন আমায় এই সময়ে প্রভাবিত করছে। আপনারা যদি বাংলাদেশের সাম্প্রতিক শাসনব্যবস্থা, বিচারব্যবস্থা এবং গণতন্ত্রের অগস্ত্যযাত্রার হালচাল নিয়ে তুলনামূলক বিচার বিশ্লেষণ ও পর্যালোচনা করেন তবে আমার অস্থিরতা এবং আজ থেকে প্রায় আড়াই হাজার বছর পূর্বে এথেন্স নগরীতে বসবাসরত মহামতি প্লেটোর মনোবেদনার চমৎকার একটি মিল খুঁজে পাবেন। আজকের সমাজে যা হচ্ছে তা কিন্তু প্লেটোর সমাজে এতটা নির্মম, নিষ্ঠুর এবং উলঙ্গভাবে ঘটত না। হেলেন ও প্যারিসের পরকীয়াকে অনৈতিক এবং অবমাননাকর আখ্যা দিয়ে আজ থেকে তিন হাজার বছর আগে যেভাবে সমাজ, সংসার, রাষ্ট্র অন্যায়ের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিল তা আজকের কোনো দেশে কল্পনাও করা যায় না। এখনকার দুনিয়ায় পরকীয়া, অবাধ যৌনাচার, দুর্নীতি, লুটপাট এবং গুম, হত্যা, ধর্ষণ, ক্ষমতার দম্ভ বা ক্ষমতার হাতিয়াররূপে বিবেচিত হয়। আজকের সমাজে প্লেটো জীবিত থাকলে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করে নিজের মতাদর্শের ছাত্রছাত্রী তৈরি করা তো দূরের কথা– ঘর থেকে বের হতে পারতেন না। এমনকি হঠাৎ হয়তো দালাল মিডিয়ায় এমন খবর বের হতো যে, ‘গহিন অরণ্যে প্লেটোর জঙ্গি প্রশিক্ষণ কেন্দ্রে অমুক বাহিনীর অভিযান। মদের বোতল, গাঁজার কৌটা, রামদায়ের হাতল, কুড়াল ধার করার শিলপাটা এবং জঙ্গি বইপুস্তকসহ প্লেটোকে তার সত্তরজন সহযোগীসহ গ্রেফতার করা হয়েছে। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে তার মূল সহচর অ্যারিস্টটলকে গ্রেফতার করা যায়নি। সে অভিযান পরিচালনাকারীদের চোখে বালিথেরাপি দিয়ে গন্ডারের পিঠে সওয়ার হয়ে সিনেমাটিক কায়দায় গভীর জঙ্গলে পালিয়ে গেছে।’

লেখক: সাবেক সংসদ সদস্য

সমাজ ও জীবন বাঁচাতে আর ইউ ওকে?

অজয় দাশগুপ্ত

সেপ্টেম্বর মাসের ৯ তারিখে অস্ট্রেলিয়ায় একটি অভিনব দিবস পালিত হয়ে গেল। আমি ঠিক জানি না দুনিয়ার আর কোনো দেশ বা সমাজে এমন কোনো দিন পালনের সংস্কৃতি আছে কি না। দিবসটির নাম ‘আর ইউ ওকে?’ এর বাংলা তর্জমা হওয়া উচিত, ‘আপনি ঠিক আছেন তো?’ সম্পর্কভেদে এটা তুই তুমিকেও সেভাবে বলা যেতে পারে। কেন এই দিবস? ওরা বলছে, এর মধ্য দিয়ে এমন একটা বিশ্ব গড়ে তোলা, যেখানে সবাই সবার সঙ্গে যুক্ত থাকবেন এবং এই নিবিড় আত্মীয়তা বা সৌজন্য মানুষকে আত্মহননের পথ থেকে মুক্ত রাখবে। পরিসংখ্যান বলছে, অস্ট্রেলিয়ার মতো ধনী, সচ্ছল ও উন্নত দেশ বা সমাজে গড়ে প্রতিদিন আট জন তাদের জীবন থেকে নিজেই বিদায় নেন, যার নাম আত্মহত্যা। পরিসংখ্যান এ-ও বলছে, গড়ে ৩০ জন আত্মহত্যার চেষ্টা করেন প্রতিদিন। কিন্তু কেন?

তার বিশ্লেষণে যাওয়ার আগে আসুন একবার বাংলাদেশের দিকে তাকাই। করোনাকালে গেল এক বছরে সারা দেশে আত্মহত্যা করেছে ১৪ হাজার ৪৩৬ জন নারী-পুরুষ। পারিবারিক জটিলতা, সম্পর্কের অবনতি, পড়াশোনা নিয়ে হতাশা, আর্থিক সংকট এসব আত্মহত্যা ঘটনার মূল কারণ। খেয়াল করুন, এই কারণগুলোর সঙ্গে করোনা রোগের কোনো সম্পর্ক নেই। এসব মানুষ জীবন বিসর্জন দিয়েছে স্বেচ্ছায়। বাধ্য হয়েছে, এই সুন্দর পৃথিবীকে বিদায় জানাতে। মনোবিজ্ঞানীরা বলছেন, মানুষ হতাশ হলে ঠুনকো কারণে নিজের আবেগ ধরে রাখতে পারে না। তখন সে নিজেকে একা মনে করে এবং আত্মহত্যার পথ বেছে নেয়। আপাতদৃষ্টিতে অন্যদের কাছে মৃত্যুর কারণ ছোট মনে হলেও ঐ কারণ ঐ মুহূর্তে ঐ ব্যক্তির জন্য অনেক বড় কারণ হয়ে সামনে এসেছিল।

দেখা যাচ্ছে, ধনী, গরিব বা মধ্যবিত্তের ব্যাপার নয়, নানা কারণে মানুষ আত্মহননের পথ বেছে নেয়। শিল্প-সংস্কৃতিতেও এর প্রভাব দেখেছি আমরা। বাংলাদেশের মেধাবী কবি জীবনানন্দ দাশ আত্মহননের জন্য ট্রামের মতো শ্লথগতির যান বেছে নিয়েছিলেন। এমন কাজ তিনি একা করেননি, বাংলা গানের সেরা গীতিকারদের একজন পুলক বাবুও জীবন দিয়েছিলেন নিজের মতো করে।

আত্মত্যাগ ও আত্মহত্যা কিন্তু এক বিষয় নয়। বহু মানুষ দেশ, সমাজ বা জনগণের জন্য নিজের জীবন দান করে শহিদ হন। তাদের কথা আলাদা। যাদের কথা বলছি, তাদের একজন মুনিয়া নামের মেয়েটি। এখনো স্পষ্ট নয়, তবে এটা বিশ্বাস করার যথেষ্ট কারণ আছে, সে আত্মহত্যা করেছিল। তার বোন বিচার চেয়ে বলেছে, মুনিয়া নাকি গর্ভবতী ছিল সে সময়। তাই যদি হয়, তো কী করার ছিল তার? তবে এটাই মানতে হবে এমন দুর্ঘটনা বা অসম্মান এড়ানোর জন্য জীবন থেকে পালানোই একমাত্র বিকল্প। অথচ তখন যদি তার পাশে কেউ থাকত বা তাকে অভয় দিত কিংবা তাকে মনিটর করত, তরুণীটি হয়তো জানে বেঁচে যেত।

ফিরে আসি অস্ট্রেলিয়ার কথায়। এই ‘আর ইউ ওকে’র শুরুও বেদনা দিয়ে।

এর শুরু হয়েছে অস্ট্রেলিয়ার এক ল্যার্কিন ফ্যামিলি থেকে। কর্তা ব্যারি ল্যার্কিনকে তার পরিবার ও বন্ধুরা যে পছন্দ করত না তা নয়। কিন্তু তিনি একদিন সবাইকে অবাক ও বিস্মিত করে আত্মহত্যা করলেন। কেউ ভেবে পেল না কী এমন হয়েছিল যে তাকে জীবন দিতে হলো। বহু বছর পর ২০০৯ সালে তার ছেলে গ্যাভিন ল্যার্কিন উপলব্ধি করলেন, তার পিতাকে কেউ কখনো বলেনি, ‘আর ইউ ওকে?’ শুধু এটুকু বলা বা তার খোঁজখবর নেওয়াটাই জরুরি ছিল। পরে একটি ডকুমেন্টারিতে তিনি এ কথা তুলে ধরেন। সারা দেশে ছড়িয়ে দেওয়ার জন্য একটি ছক তৈরি করেন। সেই থেকেই এই দিবসের সৃষ্টি।

মনে রাখতে হবে, যে দেশ যত উন্নত কিংবা যে সমাজ যত এগিয়ে, যত প্রতিযোগিতা, সেখানে মানুষ ততটাই সেলফিশ। ততই আত্মকেন্দ্রিক। এই আত্মকেন্দ্রিক মানুষে ভরা কলকাতা শহর। সেখানে আত্মহননের হার ভয়াবহ। ঢাকাও পিছিয়ে নেই। অথচ আমাদের দেশ বা সমাজে মানুষ অস্ট্রেলিয়া কিংবা ইউরোপ-আমেরিকার মতো বিচ্ছিন্ন নয়। এখনো ঘরে ঘরে তরকারি, মিষ্টি বিনিময় বহাল। গাঁওগেরামে তো সবাই সবার সঙ্গে ঘনিষ্ঠ। তবে ঢাকার মতো বড় শহরে তা তেমন সুখকর কিছু নয়। তবু এক ভাষা, এক সংস্কৃতি ও পরিচয় বলে অন্য সব দেশের তুলনায় মানুষ একে অপরের সঙ্গে বেশি জড়িয়ে। অন্যদিকে টাকাপয়সা ও সমাজ-নিরাপত্তা, পরিবেশ, খাদ্যে উন্নত দেশগুলোর মানুষ মূলত একা। এখানে এমন লোকজনও আছেন, যারা স্বামী-স্ত্রী ছাড়া কেউ কাউকে চেনেন না। ব্যাংকে কাজ করার সময় এক নারী এসেছিলেন ব্যাংক চেক নিয়ে। কথা বলে জানলাম, তার স্বামী মারা গেছেন। কেউ নেই তাদের। তিনি এই চেক জমা দিলে দাফন কোম্পানি সব ঠিক করে দেবে। কেউ নেই? এ নিয়ে কথা বলতে বলতে ভদ্রমহিলার চোখ ছলছল করছিল। আহা! বেদনা, সেই ভদ্রলোকের কেউ বেঁচে নেই আর। বহু বছর আগে অন্য এক দেশ থেকে এসেছিলেন তারা। ধীরে ধীরে সব ঘনিষ্ঠজন চলে যাওয়ার পর তাদের আর কেউ ছিল না। এই কাহিনি শোনার পর আমার দুই চোখ বেয়ে দুই ফোঁটা জল গড়িয়ে পড়েছিল। তা দেখে ভদ্রমহিলা বলেছিলেন, এই যে তুমি তৃতীয়জন, যে তার জন্য কাঁদলে। এমনই বিষণ্ন একা সমাজ এখানকার। এখানে এমন একটা ‘আর ইউ ওকে’ দিবস দরকার।

কিন্তু আজকের বাংলাদেশের অবস্থাও কি তেমন নয়? মানুষে মানুষে আজ না আছে ভালোবাসা, না কোনো আন্তরিকতা। বড় বড় শহরে মানুষের সঙ্গে মানুষের দূরত্ব যোজন যোজন। সবচেয়ে বড় ব্যাপার, ডিজিটাল বা বায়বীয় জগৎ খোলার পর মানুষ কবে কার মুখ ভালো করে দেখেছে জানে না। মা-বাবা আর সন্তানদের মধ্যেও এখন বিস্তর দূরত্ব। ডিজিটাল জগতে হাই-হ্যালো কিংবা আই লাভ ইউর তোড়ে আসল ভালোবাসা পালিয়েছে জানালা খুলে। না কেউ কারো হাতে হাত রাখে, না কাঁধে। আলিঙ্গনের মতো বিষয়টাও আজ আর চলে না। এই বাস্তবতায় মানুষ মানুষের কাছ থেকে ক্রমাগত দূরে যাবে, এটাই স্বাভাবিক।

একবার চন্তা করেন তো, কবে কখন কোথায় আপনি কাউকে চোখে চোখ রেখে জানতে চেয়েছেন, সে বা তিনি আসলে কেমন আছেন? কে খবর রাখে আমাদের অন্তরের খবর? মেকি সভ্যতা আমাদের জোর করে হাসতে ও কাঁদতে, আহা-উহু করতে শিখিয়েছে বটে, কেড়ে নিয়েছে আবেগ। এই কঠিন সময়ে ‘আর ইউ ওকে’ বা আপনি বা তুমি কেমন আছেন বা আছো–এটা জানতে চাওয়া একধরনের ওষুধ বৈকি। এর নাম সহমর্মিতা। এর নাম ভালোবাসা।

কেন এই দিবস আমরা পালন করি না? অন্তত একটা দিন বা এই দিনের কারণে নানা দিন আমরা কি আমাদের কাছের-দূরের মানুষের কাছে জানতে চাইতে পারি না আসলেই কেমন আছেন তারা? তাদের অন্তর বা মন কি ভালো আছে? তারা আমাদের বা আমরা কি তাদের বাহুতে মুখ রেখে একটু কেঁদে হালকা হতে পারি না?

এই ‘আর ইউ ওকে’ যদি কোনো মানুষের প্রাণ বাঁচায়, তো এর ব্যবহারে কী অসুবিধা? কেউ কি ভেবে দেখবেন? একবার হলেও জানতে চাইবেন, কেমন আছি আমরা সবাই?

লেখক: কলাম লেখক, সাংবাদিক। সিডনি, অস্ট্রেলিয়া



স্যাটে ১৬০০ তে ১৬০০ স্কোর করে বাংলাদেশী ড্যারিসের রেকর্ড

(শেষের পাতার পর)

লাভ করেন। তার এই স্কোর পাওয়াতে তার পরিবারে খুশীর জোয়ার বইছে। তার জন্যও এটি অত্যন্ত খুশীর খবর। কারণ তিনি এখন চাইলে যুক্তরাষ্ট্রের আইভি লীগসহ যে কোন বিশ্ববিদ্যালয়ে পূর্ন স্কলারশিপ নিয়ে পড়ার সুযোগ পেতে পারে। এটি তার জন্য যেমন বিপুল সম্ভাবনার দ্বার খুলে দিয়েছে পাশাপাশি তার পরিবারের জন্যও খুশির জোয়ার এনে দিয়েছে। এই রেজাল্টের কারণে এখন চাইলে যে কোন বিশ্ববিদ্যালয়ে যেতে পারবেন উচ্চ শিক্ষা গ্রহণ করার জন্য। তার এই সাফল্যের পেছনে তার নিজের ও তার পরিবারের চেষ্টার পাশাপাশি রয়েছে মামুনস টিউটোরিয়ালের বিশেষ অবদান কারণ তিনি মামুনস টিউটোরিয়ালে স্যাট বিষয়ের উপর টিউটোরিং-এ ক্লাস করেছেন। প্যান্ডামিকের মধ্যে তিনি করোনার সকল ভয় উপক্ষো করে সেখানে ক্লাস করেন। এবং স্যাট পরিক্ষার প্রস্তুতি নেন। সেখান থেকে প্রস্তুতি নিয়ে তিনি পরিক্ষাতে অংশগ্রহণ করেন ২৮ আগস্ট। তার রেজাল্ট প্রকাশিত হয় ১০ সেপ্টেম্বর, এই ফলাফল প্রকাশের খবরে , ১৬০০ স্কোর পাওয়াতে মামুনস টিউটোরিয়ালেও বইছে আনন্দের বন্যা। মামুনস টিউটোরিয়ালের কর্নধার ও ব্রক্সসের ইয়ঙ্কির একটি হাইস্কুলের টিচার শেখ আল মামুন বলেন, আমরা তার ব্যাপারে আশাবাদী ছিলাম। সে অত্যন্ত যত্নশীল তার লেখাপড়ার ব্যাপারে। আমরা তাকে স্যাটের ব্যাপারে প্রস্তুতি নিতে সহায়তা করেছি। তিনি প্রস্তুতি নিয়েছেন আমাদের নির্দেশনা ও পরামর্শ অনুযায়ী। তিনি স্যাটে ১৬০০ তে ১৬০০ স্কোর পেয়েছেন। তার সাফল্যে আমরা খুশী। তার এই সাফল্য আমাদের একার নয়, তার সাফল্য আমাদের মামুনস টিউটোরিয়ালের টিচারও ও স্টাফদের। তার চেয়েও বড় কথা তার নিজের চেষ্টা , তার পরিবারের চেষ্টাও সবচেয়ে বড় বিষয়। এছাড়া তার স্কুলের টিচারদের অবদান রয়েছে। সবাই তাকে সহায়তা করেছেন বলেই তিনি এই পর্যায়ের সাফল্য লাভ করতে সক্ষম হয়েছেন। আমাদের পক্ষ থেকে তার জন্য শুভ কামনা রইলো। তার ১৬০০ স্কোর পাওয়া উপলক্ষ্যে মা-মুনস টিউটোরিয়ালের জ্যাকসন হাইটের সেন্টারে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখানে শিক্ষার্থীদের সাথে অভিভাবকরাও যোগ দেন। আর যোগ দেন ড্যারিস লায়জাল রহমান ও তার বাবা, মা। এছাড়াও উপস্থিত ছিলেন মামুনস টিউটোরিয়ালের কর্নধার শেখ আল মামুন, মিনহাজ আহমেদ, মিস্টার স্কট, ফারিয়া আলম,কাওসারুজ্জামান, সাইদ রহমান,সাথী কাজী, মাম-নুর রহমান সহ অন্যরা।

অনুষ্ঠানে ড্যারিস লায়জাল রহমানকে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়। ফুলের তোড়া তুলে দেন শেখ আল মামুন ও অন্যান্য টিচাররা। ড্যারিস তার নিজের সম্পর্কে বলেন, আমি ড্যারিস লায়জাল রহমান, আমি বর্তমানে কুইন্স গেটওয়ে টু হেলথ সায়েন্সেস সেকেন্ডারি স্কুলের সিনিয়র ইয়ারের স্টুডেন্ট। এবং আমি নিজেকে একজন ব্যক্তি হিসেবে পরিচয় দিতে চাই। আমার জন্ম ২০০৪ সালে এবং ১৭ মাসের খুব কম বয়সে, আমি আনসুপারভাইসড লিখতে সক্ষম হয়েছিলাম। এবং আমার যখন ২ বছর বয়সের কিছুবেশি তখন আমি ইংরেজিতেও সাবলীলভাবে পড়তে সক্ষম হয়েছিলাম, এবং ৩ বছর বয়সের পরে, আমি আমার সাহিত্যের একমাত্র উৎস হিসেবে বিশ্বকোষ এবং বৈজ্ঞানিক কাজ পড়া। আমার শিক্ষক এবং মনোবিজ্ঞানীরা চিহ্নিত করেছেন এবং নির্ধারণ করেছেন যে আমাকে প্রথম থেকেই একটি ফটোগ্রাফিক স্মৃতি উপহার দেওয়া হয়েছিল। যখন আমি ২য় শ্রেনীতে পড়ি তখন আমি রসায়ন এবং জীববিজ্ঞানের সাথে বিজ্ঞান, বিশেষ করে চিকিৎসা বিজ্ঞান এবং মহাজাগতিকতার দ্বারা মোহিত হয়ে পড়ি। আমার বাবা -মা সারা জীবন ধরে বিভিন্ন ক্ষেত্র থেকে বিজ্ঞান পর্যবেক্ষণে আমার আগ্রহের অনেক ভিডিও ধারণ করেছেন। সেই সময়কালে, আমি অস্ত্রোপচার পদ্ধতির বিভিন্ন পদ্ধতি এবং আধুনিক ওষুধের উন্নত গবেষণায় ব্যাপক আগ্রহ তৈরি করেছি। আমার একাডেমিক ক্যারিয়ার জুড়ে, আমি সর্বদা পারফরম্যান্সের ক্ষেত্রে অত্যন্ত উন্নত ছিলাম, বিশেষ করে আমার সহপাঠীদের মধ্যে আলাদা ছিলাম।

অষ্টম গ্রেডে, নিউইয়র্ক সিটি বোর্ড অফ এডুকেশন কর্তৃক আমি আবার স্ট্যানফোর্ড-বিনেট আইকিউ মূল্যায়নের মাধ্যমে মূল্যায়ন করেছি, যেখানে আমি স্ট্যানফোর্ড-বিনেট আইকিউ স্কেলে ১৫৪ স্কোর অর্জন করেছি (আই-কিউ স্কোরের সীমা ১৫০-১৫৯), আমাকে বিশ্বের জনসংখ্যার ০.২% শীর্ষে শ্রেণীবদ্ধ করা হয়। ১২ বছর বয়সে, আমি অডিশন দিয়েছিলাম এবং এনবিসি টেলিভিশন নেটওয়ার্ক থেকে "জিনিয়াস জুনিয়রচ গেম শোতে প্রদর্শিত হওয়ার জন্য নির্বাচিত হয়েছিল, যা দুর্ভাগ্যবশত গেম শোতে পর্যাপ্ত অংশগ্রহণকারীদের খুঁজে না পাওয়ায় আর প্রচারিত হয়নি। হাই স্কুলে, দশম গ্রেডে, আমি সেন্ট জন্স বিশ্ববিদ্যালয় আয়োজিত "২০১৯ ফার্মেসির চেঞ্জিং ফেসেসচ সমৃদ্ধকরণ প্রোগ্রামে অংশগ্রহণ করেছি এবং পরিচালনা করেছি। গত বছর জুড়ে, আমি পাইথন ৩ প্ল্যাটফর্মে ৬ মাসের জন্য এআই প্রোগ্রামিং কোর্স নিয়েছি, যেখানে আমি শিখেছি কিভাবে ডেটা ম্যানিপুলেট করতে হয় এবং জ্যোতির্বিজ্ঞান অধ্যয়ন, পরিবেশগত অধ্যয়নে ব্যবহারের জন্য বিভিন্ন প্রোগ্রাম তৈরি করতে হয়, পাশাপাশি পাইথনে অ্যালগরিদম তৈরি করতে হয়।

জাতীয় ঐক্যের ডাক বাইডেনের

(প্রথম পাতার পর)

এরপর শুরু হওয়া ২০ বছরের আফগান যুদ্ধের সমাপ্তির কয়েক দিন পর স্থানীয় সময় শনিবার সন্ত্রাসী হামলায় হতাহতদের প্রতি শ্রদ্ধা ও শোক জানানো হয়। এ দিন সকালে নিউইয়র্কে নীরবতা পালনের মাধ্যমে বর্ষপূর্তির আনুষ্ঠানিকতা শুরু হয়। ওই সন্ত্রাসী হামলার বর্ষপূর্তির আগে যুক্তরাষ্ট্রের নাগরিকদের ঐক্যবদ্ধ থাকার ডাক দিয়েছেন প্রেসিডেন্ট জো বাইডেন। এ উপলক্ষে শুক্রবার তার বক্তব্যের একটি ভিডিও প্রকাশ করা হয়েছে। এতে তিনি বলেন, 'ঐক্যই আমাদের বড় শক্তি।' এ ছাড়া নিহতদের শ্রদ্ধা জানিয়ে বিবৃতি দিয়েছেন বিশ্বনেতারা। খবর এএফপি ও বিবিসির।

২০০১ সালের ১১ সেপ্টেম্বর (মঙ্গলবার) জঙ্গিগোষ্ঠী আল কায়দার সদস্যরা যাত্রীবাহী চারটি বিমান ছিনতাই করে যুক্তরাষ্ট্রের তিনটি স্থানে হামলা চালায়। এর মধ্যে দুটি বিমান নিউইয়র্কের বিশ্ব বাণিজ্য কেন্দ্রের টুইন টাওয়ারে আঘাত হানে। তৃতীয় বিমানটি দিয়ে দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সদর দপ্তর পেন্টাগনে হামলা চালানো হয়। চতুর্থ বিমানটি পেনসিলভানিয়ার একটি মাঠে বিধ্বস্ত হয়। এতে অন্তত দুই হাজার ৯৭৭ জন নিহত হন। সন্ত্রাসী ওই হামলা পর বদলে যায় বিশ্ব। যুক্তরাষ্ট্রের দীর্ঘ দিনের শত্রুরাও তখন মিত্র হয়ে পাশে দাঁড়ায় তাদের।

আধুনিক ইতিহাসের সবচেয়ে ঘৃণ্য ও ধৃষ্টতাপূর্ণ ওই হামলার ২০ বছরপূর্তি নানা আয়োজন ও আনুষ্ঠানিকতায় পালিত হয়েছে। ওই হামলায় নিহতদের প্রতি শ্রদ্ধা জানিয়েছে যুক্তরাষ্ট্রসহ বিশ্বের বিভিন্ন দেশের মানুষ। এ বর্ষপূর্তি উপলক্ষে নিউইয়র্কে হতাহতদের স্মরণে নির্মিত স্মৃতিসৌধ ও জাদুঘরে শ্রদ্ধা জানান সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটন, তার স্ত্রী হিলারি ক্লিনটন, সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা, তার স্ত্রী মিচেল ওবামা, প্রেসিডেন্ট বাইডেন ও তার স্ত্রী ফার্স্ট লেডি জিল বাইডেন, নিউইয়র্কের সাবেক মেয়র মাইকেল ব্লুমবার্গ, তার সঙ্গী দিয়ানা টেইলর, স্পিকার ন্যান্সি পেলোসি, সিনেটের মাইনরিটি নেতা চার্লস শুমার। পরে পেন্টাগন ও পেন-সিলভানিয়ায়ও শ্রদ্ধা জানান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট।

এর আগে শনিবার ছয় মিনিটের ওই ভিডিও বার্তা দেন বাইডেন। এতে তিনি বলেন, 'এই হামলার পর যারা ঝুঁকি নিয়েছেন, হামলায় যারা নিহত হয়েছেন এবং হামলার পর উদ্ধারকাজ পরিচালনা করতে গিয়ে যারা প্রাণ দিয়েছেন, তাদের প্রতি আমরা শ্রদ্ধা জানাই।'

বাইডেন বলেন, 'সন্ত্রাসী হামলার যত সময়ই পেরিয়ে যাক, এই স্মরণ সেই বেদনাকে ফিরিয়ে আনে। মনে হয় যেন কয়েক সেকেন্ড আগেই দুঃসংবাদটা এলো।'

বাইডেন স্বীকার করেছেন, ওই হামলার পর মুসলিমদের ওপর হামলার ঘটনা ঘটেছে। মানুষ ভয় ও ক্রোধ থেকে এটা করেছে। তিনি বলেন, এসব হামলার ঘটনায় যুক্তররাষ্ট্রের নাগরিকদের মধ্যে যে ঐক্য, তা খানিকটা ক্ষতিগ্রস্ত হয়েছিল, কিন্তু ভেঙে যায়নি। যুক্তরাষ্ট্রের 'সবচেয়ে বড় শক্তি' হচ্ছে ঐক্য, যা রয়ে গেছে।

এদিন সকালে নিউইয়র্কে এক মুহূর্তের জন্য নীরবতা পালনের মাধ্যমে ৯/১১ হামলার বর্ষপূর্তির আনুষ্ঠানিকতা শুরু হয়। এই কর্মদিবসে মোট ছয়টি মুহূর্ত নীরবতা পালন করবে যুক্তরাষ্ট্রবাসী।

ওইদিন বিশ্ব বাণিজ্য কেন্দ্রের অন্যদের সঙ্গে নিহত হন মাইকেল আইকেন। তার স্ত্রী মনিকা আইকেন মুরফি বলেন, 'এটা যুক্তরাষ্ট্রবাসীর জন্য উচ্চতর বার্ষিকী হবে।' তিনি আরও বলেন, 'বেঁচে যাওয়া অনেকের মতো আমার জন্যও ওই ব্যথা কখনও সারার নয়। যা ঘটেছিল, আমি ঠিক ওই মুহূর্তটাই অনুভব করি।'

ওই সন্ত্রাসীর হামলার পর যুক্তরাষ্ট্রের পুরো একটা প্রজন্ম বড় হয়েছে। এরই মধ্যে ওই হামলার পেছনের প্রধান ব্যক্তি ওসামা বিন লাদেনকে হত্যা করা হয়েছে। এ ছাড়া পরিকল্পনাকারীদেরও বিচার শুরু হয়েছে। অন্যত্র টুইন টাওয়ার নির্মাণ করা হয়েছে। আগের টুইন টাওয়ারে স্থানে স্মৃতিফলক নির্মিত হয়েছে।

এদিকে যুক্তরাষ্ট্রের প্রধানমন্ত্রী বরিস জনসন বলেছেন, যুক্তরাষ্ট্রে ৯/১১ হামলা আমাদের বিশ্বাস, স্বাধীনতা ও গণতন্ত্রকে নাড়া দিতে ব্যর্থ হয়েছে। ওই হামলায় যারা মারা গেছেন, তাদের মধ্যে ব্রিটেনের অন্তত ৬৭ নাগরিক ছিলেন। পৃথক বার্তায় যুক্তরাজ্যের রানী দ্বিতীয় এলিজাবেথ বলেন, 'আমরা পরিবার ও জাতির মধ্যে যারা নিহত হয়েছেন, আহত হয়েছেন এবং ক্ষতিগ্রস্ত পরিবারের প্রতি আমার শ্রদ্ধা ও প্রার্থনা।'

এ ছাড়া ইউরোপীয় ইউনিয়ন, অস্ট্রেলিয়া, ফ্রান্স, সু-ইজারল্যান্ড, ইতালিসহ বিশ্বের বিভিন্ন দেশের নেতারা পৃ থক বার্তায় হতাহতদের প্রতি শ্রদ্ধা জানান।

'মুখোশ' দিয়ে কাজে ফিরলেন পরীমণি

(প্রথম পাতার পর)

পরীমণি ডাবিং করেছেন বলে নির্মাতা সূত্রে জানা গেছে। 'মুখোশ' সিনেমার শুটিং শেষে কিছু অংশের ডাবিং বাকি ছিল। নির্মাতা জানান, আর একদিন ডাবিং করলেই সিনেমার কাজ শেষ হবে।

এদিকে জানা গেছে, হঠাৎ করেই অসুস্থ হয়ে পড়েছেন পরীমণি। যে কারণে তিনি ডাবিং শেষ করতে পারেননি। ২০১৯-২০ অর্থ বছরে সরকারি অনুদানের জন্য মনোনীত হয়েছে 'মুখোশ'। সিনেমায় পরীমণি ছাড়াও মোশাররফ করিম, রোশান, তারেক স্বপন ও প্রাণ রায়সহ অনেকে অভিনয় করেছেন। এই সিনেমার মাধ্যমে চলচ্চিত্র নির্মাতা হিসেবে অভিষেক হয় পরিচালক শুভর। পাশাপাশি চলচ্চিত্রের কাহিনি-চিত্রনাট্য, সংলাপও রচনা করেছেন তিনি। ব্যাচেলর ডটকম প্রোডাকশনের ব্যানারে নির্মিত হচ্ছে সিনেমাটি।

যুক্তরাষ্ট্রে ইসলাম বিদ্বেষ সত্ত্বেও বৃদ্ধি পাচ্ছে মুসলমান

(প্রথম পাতার পর)

করে, যাদের সংখ্যা ২০০২ সাল থেকে বেড়ে দ্বিগুণ হয়েছে। তবে, টুইন টাওয়ার পতনের পর যুক্তরাষ্ট্রে ইসলাম বিদ্বেষ বাড়লেও এ পর্যন্ত আমেরিকান মুসলিম সম্প্রদায়ের আকার বেড়েছে দ্বিগুণেরও বেশি, যা প্রায় সাড়ে ৩ মিলিয়ন।

মুসলমানরা এখন যুক্তরাষ্ট্রের অন্যতম শিক্ষিত ধর্মীয় গোষ্ঠী। মিশিগানে ১৫ শতাংশেরও বেশি ডাক্তার মুসলমান, যদিও রাজ্যটির মুসলমান জনসংখ্যা ৩ শতাংশেরও কম। এবং মুসলমান শিল্পী, সাংবাদিক এবং রাজনীতিবিদরা ধীরে ধীরে নিজ নিজ ক্ষেত্রগুলোর শীর্ষ তালিকাতে স্থান করে নিচ্ছেন। মার্কিন মুসলমানদের মধ্যে শুধু উৎকর্ষই ঘটছে না, বিস্ময়করভাবে সহিংস মৌলবাদও কমছে। ২০০১ সাল থেকে মুসলমান মৌলবাদী হামলায় ১০৭ জন নিহত হয়েছে বলে ধারণা করা হয়, যা শ্বেতাঙ্গ আধিপত্যবাদীদের হামলার তুলনায় কম। সেই হতাহতের প্রায় অর্ধেক সঙ্ঘটিত হয়েছে একটি সমকামী ক্লাবে গণহত্যায়, যা ইসলাম দ্বারা অনুপ্রাণিত কি না, এখনও প্রমাণিত নয়।

সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, যিনি যুক্তরাষ্ট্র থেকে মুসলমানদের বিতাড়িত করার প্রতিশ্রুতি দিয়ে রিপাবলিকানদের ৬০ শতাংশ সমর্থন অর্জন করেছিলেন। তার উদ্বৃতি দিয়ে মিশিগানের জরুরি পরিচর্যা চিকিৎসক আলী দাবাজা বলেন, 'যদিও আমরা একীভূত হওয়ার চেষ্টা করি, কিন্তু এই পরিস্থিতির মধ্যেই আমরা বাস করি।' যুক্তরাষ্ট্রে শ্বেতাঙ্গবাদ এবং এই মানসিক বিকৃতির বিরুদ্ধে উদারতা এবং গতিশীলতার ক্ষেত্রে মুসলমানরা এখন সফল সংখ্যালঘু। দেশটিতে সংবিধানগত সুযোগ-সুবিধা, ধর্মীয় স্বাধীনতা, নাগরিক সংস্কৃতি মুসলমান অভিবাসী এবং তাদের বংশধরদের শ্বেতাঙ্গদের তুলনায় বেশি দেশপ্রেমিক এবং কথিত জিহাদে খুব কম আগ্রহী করে তুলেছে। এক্ষেত্রে 'আমেরিকান ড্রিম' সর্বদা ইসলামী উগ্রবাদের বিরুদ্ধে প্রতিষেধক হিসেবে কাজ করেছে।

তারপরও ইসলামের প্রতি বিষোদগার ছড়িয়ে দেয়া হয়েছে মূলত এই কারণে যে, যুক্তরাষ্ট্রের বৃহত্তর শেতাঙ্গ অধ্যুষিত সংস্কৃতিতে অপ্রত্যাশিতভাবে মুসলিম নামধারী একজন কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট (বারাক ওবামা) নির্বাচিত হয়েছিলেন। মুসলমানদের ক্রমবর্ধমান উৎকর্ষ এবং বিস্তৃতির কারণে মার্কিন শেতাঙ্গবাদীরা তাদের ইউরোপীয় মিত্রদের তুলনায় কট্টর ইসলামী চর্চার থেকে বরং মুসলমান অভিবাসন সম্পর্কে বেশি উদ্বিগ্ন। ট্রাম্প যখন বারাক ওবামাকে 'মুসলমান' এবং 'বিদেশি' তকমা দিয়ে রাজনীতিতে আসেন, তখন তিনি বোঝাতে চেয়েছিলেন যে, শব্দ দু'টি সমার্থক। এরপর তিনি মুসলমান-বিষোদগারকে তার প্রেসিডেন্ট নির্বাচনের প্রচারণার মূল বিষয় করে তোলেন। পরবর্তী বিশ্লেষণে দেখা গেছে যে, ইসলাম বিদ্বেষ তার ভোটারদের সবচেয়ে লক্ষ্যনীয় বৈশিষ্ট্য। এবং এটি শ্বেতাঙ্গবাদীদের অশ্বেতাঙ্গ বিরোধী ঘৃণাতত্ত্বের অন্যতম উপজীব্য। এই হ'ল, মুসলমান সম্প্রদায়সহ অশ্বেতাঙ্গ মার্কিন সংখ্যালঘুদের বাস্তবতা।

তবে, এর মধ্যেও মুসলমানদের উত্থান অব্যাহত রয়েছে। ঘটনাচক্রে, কোভিড-১৯ কট্টর ট্রাম্প ভোটার বা শ্বেতাঙ্গবাদীদের জন্য একটি ভিন্ন বাস্তবতা তৈরি করেছে। করোনা আক্রান্ত হয়ে যাদের হাসপাতালে ভর্তি হওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি, তারা আমেরিকান-মুসলমান বিরোধী। কিন্তু তাদের চিকিৎসকদের মধ্যে অনেকে মুসলমান। আর প্রকৃতির প্রহসন হ'ল, ধর্ম-বর্ণ নির্বিশেষে মৃত্যুর বাস্তবতা। যখন মানুষ বা তাদের প্রিয়জন মৃত্যুর বিরুদ্ধে যুদ্ধ লিপ্ত হয়, তখন তাদের সমস্ত রাজনৈতিক দর্শন ম্লান হয়ে যায়।

১১-এর ক্ষত ২০ বছর পরও সারেনি

(প্রথম পাতার পর)

১১ সেপ্টেম্বর দেশটিতে একসঙ্গে চারটি সমন্বিত সন্ত্রাসী হামলার ঘটনা ঘটে। দুটি বিমান নিউইয়র্কের ওয়ার্ল্ড ট্রেড সেন্টার ধ্বংস করে। একই দিন ভার্জিনিয়ার আরলিংটনে তৃতীয় বিমান হামলা করে। এসব হামলায় প্রায় তিন হাজার মানুষ নিহত হন। ছয় হাজারের বেশি মানুষ আহত হয়। ১০ বিলিয়ন ডলারের অবকাঠামো ধ্বংস হয়। কিন্তু ২০ বছর পরও নাইন-ইলেভেনের (৯/১১) ক্ষত সারেনি। ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের টুইন টাওয়ারে সন্ত্রাসী হামলার পেছনে ওসামা বিন লাদেন ও তার সন্ত্রাসী দল আল কায়দা জড়িত ছিল। ৯/১১ নামে খ্যাত ওই হামলার বিপরীতে সন্ত্রাস বা জঙ্গিবাদের বিরুদ্ধে লড়াই শুরু করে যুক্তরাষ্ট্র। সন্দেহের আওতায় থাকা জঙ্গি সংগঠন আল কায়দার বিরুদ্ধে বিশ্বব্যাপী যুদ্ধ চালাতে গিয়ে ২০ বছরে যুক্তরাষ্ট্রের প্রায় ৮ ট্রিলিয়ন ইউএস ডলার খরচ হয়েছে। এসব যুদ্ধে বিভিন্ন দেশে ৯ লাখেরও বেশি মানুষ প্রাণ হারিয়েছেন। ব্রাউন ইউনিভার্সিটির কস্টস অব ওয়ার প্রজেক্টের এক প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে।

২০০১ সালের ১১ সেপ্টেম্বর ছিল মঙ্গলবার। এদিনের সন্ত্রাসী হামলায় প্রায় ৬০টি দেশের ২ হাজার ৭৪৯ মানুষ নিহত হন। তাদের মধ্যে ১২ জন বাংলাদেশিও ছিলেন। সেদিন যারা নিহত হয়েছিলেন, তাদের প্রত্যেকের নাম অবিস্মরণীয় হয়ে রয়েছে বিধ্বস্ত টুইন টাওয়ারের স্থলে নির্মিত স্মৃতিসৌধে। একটি জলাধারের চার ধারে নির্মিত উঁচু বেদিতে তাদের নাম উৎকীর্ণ করা।

নাইন-ইলেভেনে সন্ত্রাসী হামলার আশু প্রতিক্রিয়া ছিল আফগানিস্তানে পালটা মার্কিন হামলা। আল কায়দার সন্ত্রাসী হামলার প্রতিশোধ নিতে যে যুদ্ধ শুরু হয়েছিল, তা এখন শেষ। দেশটি থেকে প্রত্যাহার করা হয়েছে মার্কিন সেনা। ক্ষমতায় এসেছে তালেবান। কিন্তু ২০ বছর পরও সারেনি সেই নাইন-ইলেভেনের ক্ষত।

যুক্তরাষ্ট্রে ৯/১১-এর সন্ত্রাসী হামলার ২০ বছর পূর্তির আগে প্রকাশিত এ প্রতিবেদন প্রকাশ করে কর্তৃপক্ষ। এক দশকেরও বেশি সময় আগে প্রতিষ্ঠিত কস্টস অব ওয়ার প্রজেক্টে সম্পৃক্ত ছিল ওয়াটসন ইনস্টিটিউট ফর ইন্টারন্যাশনাল অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স। তাদের সঙ্গে সহপরিচালকের দায়িত্ব পালন করেছেন ব্রাউন ইউনিভার্সিটির দুজন মেধাবী গবেষক স্টফানি স্যাভেল ও ক্যাথরিন লুৎজ।

১ সেপ্টেম্বর ওয়াটসন ইনস্টিটিউট আয়োজিত এক ইভেন্টে অধ্যাপক ক্যাথরিন বলেন, 'যুদ্ধটি ছিল দীর্ঘ, জটিল ও ভয়াবহ। অধিকাংশ ক্ষেত্রেই ব্যর্থ হয়েছে এবং ৮০টিরও বেশি দেশে যুদ্ধ এখনো অব্যাহত রয়েছে।'

শোক ছাড়ছে না : কানেটিকাটের ব্লুমফিল্ডে নিজের বাড়িতে সিন্ডি মিকগিন্টি বলেন, 'লোকজন প্রায় আমাকে বলে, ২০ বছর তো হয়ে গেল। কিন্তু শোক তোমাকে ছাড়ছে না, এটা তুমি ছাড়তে পারবে না।' সিন্ডির বয়স এখন ৬৪ বছর, দুই ছেলে ডেভিড আর ড্যানিয়েলকে লালনপালনের জন্য মন কতটা শক্ত করে তাকে লড়তে হয়েছে, সে কথাই তিনি স্মরণ করছিলেন। সেসময় ছেলেদের একজনের বয়স ছিল সাত বছর, অন্যজনের আট।

মিকগিন্টি বলেন, ওরা এখন প্রাপ্তবয়স্ক হয়ে উঠেছে। কিন্তু ওদের বড় করে তুলতে আমাকে অনেক কিছুই করতে হয়েছে। ড্যানিয়েলের বয়স এখন ২৮ বছর, কিছুদিন হলো তিনি বিয়েও করেছেন। মায়ের দুঃখ, ছেলের বিয়ের দিনটাও দেখতে পারেননি মাইক (মিকগিন্টির স্বামী)।

মিকগিন্টি এখন '৯/১১ ডে' নামে একটি আলাভজনক প্রতিষ্ঠানের একজন পরিচালক। তিনি বলেন, আমরা চাই ওইদিনে যারা প্রাণ হারিয়েছেন এবং দেশের জন্য যারা কাজ করেছেন, তাদের প্রত্যেকের স্মরণে মানুষ ভালো কোনো কাজ করবে। ওই হামলার পর যে ঐক্য তৈরি হয়েছিল, আবারও সেই অবস্থান তৈরির এটা একটা উপায়।'

সাপ্তাহিক ২৫ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

বীর মুক্তিযোদ্ধা ম আ মুক্তাদীর স্বরণে

মোঃ গয়াছুর রহমান গয়াছ

সত্তর ও আশির দশকের আপোসহীন ছাত্রনেতা, সিলেটও জাতীয় দাবিদাওয়া, গরীব মানুষের রাজপথের আন্দোলনের লড়াকু সৈনিক যুক্তরাজ্যে বাংলাদেশী কমিউনিটির বিভিন্ন আন্দোলন-সংগ্রামের অগ্রসৈনিক বিশিষ্ট মুক্তিযোদ্ধা ম. আ. মুক্তাদির এর ২৪তম মৃত্যুবার্ষিকী ১৪ সেপ্টেম্বর। ম আ মুক্তাদির স্মৃতি কল্যাণ ট্রাষ্ট প্রত্যেক বৎসর বাংলাদেশ; লন্ডন, আমেরিকায় এই দিবস উজ্জাপন করে থাকে। মুক্তাদির ভাইয়ের রাজনৈতিক সহযোদ্ধা সরকারি মদন মোহন বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্র সংসদের ভিপি ও বাসদ ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদের সভাপতি শাহাব উদ্দিন ভাই এর বিশেষ উদ্যোগে দেরিতে হলেও উনার শুভানুধ্যায়ীরা ট্রাষ্ট গঠন করেন। এ বৎসর কোভিডের কারণে সীমিত পরিসরে এবং লেখনির মাধ্যমে তাকে স্বরণ করা হচ্ছে। মুক্তাদির ভাইয়ের স্মিতি আমাকে সবসময় প্রেরনাও তাড়া করে সে নিয়েই আমার আজকের নিবেদন।

মুক্তাদির ভাইয়ের সঙ্গে আমার এমন কিছু স্মৃতি রয়েছে যা তাঁকে আমার মনের মনিকোঠায় চির-অম্লান করে রেখেছে। তাঁর সঙ্গে খুব কাছাকাছি থাকার সুযোগ হয়েছিলো ১৯৮০-৮১ সালে সরকারি মদনমোহন বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্র সংসদ নির্বাচনকে সামনে রেখে। শাহাব ভাই যখন ভিপি প্রার্থী ছিলেন আমি তখন আমি ছাত্রলীগ (মান্না-আক্তার) মদনমোহন বিশ্ববিদ্যালয় কলেজ শাখার সভাপতি ও ছাত্র সংসদ নির্বাচনে সমাজসেবা বিষয়ক সম্পাদক পদে প্রার্থী ছিলাম। ১৯৮২ সালের ২৪ মার্চ জেনারেল এরশাদ যখন সামরিক শাসন জারি করেন সেই আন্দোলনের একজন সূর্য সৈনিক ছিলেন মুক্তাদির ভাই। তখন প্রায় রাত্রে মুক্তাদির ভাই, আমি ও শামীম সিদ্দিকীকে একসঙ্গে আত্মগোপনে থাকতে হয়েছে। আজকের মধুবন মার্কেট এটাছিল সিলেট সরকারি পাইলট হাই স্কুলের ছাত্রাবাস তৎকালীন জিয়াউর রহমান সরকারের শিক্ষা মন্ত্রী শাহ আজিজুর রহমান গোপনে বিক্রি করেন।তার প্রতিবাদে সিলেটের ছাত্র জনতা গভীর আন্দোলনে ফেটে পড়েন সেই আন্দোলনের ও প্রথম সারির নেতা ছিলেন মুক্তাদির ভাই। সিলেট বিভাগ আন্দোলন, সিলেট বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার আন্দোলন, সিলেট আন্তর্জাতিক বিমানবন্দর, বাংলাদেশের জাতীয় সম্পদ তেল, গ্যাস অবৈধভাবে বিদেশী কোম্পানি নাইকোর কাছে চুক্তি বাতিলের দাবিতে আন্দোলনে মুক্তাদীর ভাই ছিলেন আপোসহীন নেতা। সেসব আন্দোলনে মুক্তাদির ভাইয়ের সাথে মিছিলে থাকার সুযোগ আমার ও হয়েছিল। সেই যে তাঁর সঙ্গে আমার সম্পর্কের সুত্রপাত ঘটে এর সমাপ্তি ঘটে তাঁর ইন্তেকালের মধ্য দিয়ে। লন্ডনে আসার পরও সবসময়ই তাঁর কাছাকাছি ছিলাম। তিনি ছিলেন একজন সাদা মনের মানুষ এবং সত্যিকারের দেশপ্রেমিক।

ম আ মুক্তাদির রাজনীতি করতেন মানুষের মৌলিক অধিকার প্রতিষ্ঠার জন্য। সমাজের আমূল পরিবর্তন ও অগ্রসর চিন্তার মানুষের বিপব ঘটানোর লক্ষ্যে আজীবন সংগ্রাম করে গিয়েছিলেন। নির্যাতন আর জেল-জুলুমকে আলিঙ্গন করে নিয়েছিলেন নতুন সূর্যোদয়ের আশায়। তিনি মৃত্যুর আগ মুহূর্ত পর্যন্ত নিপীড়িত, নির্যাতিত ও অবহেলিত মানুষের অধিকার আদায়ের লক্ষ্যে একজন নিবেদিত সমাজকর্মী হিসেবে নিজেকে উৎসর্গ করেছিলেন। তিনি আমৃত্যু স্বপ্ন দেখেছেন একটি অসাম্প্রদায়িক, শোষণহীন বাংলাদেশের।

আপোসহীন এই ছাত্রনেতা, বাংলাদেশ সমাজতন্ত্র প্রতিষ্ঠার লক্ষ্যে জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদ এর জন্মলগ্নে জাসদ ছাত্রলীগে যোগ দেন এবং জাসদ সংগঠনের বলিষ্ঠ সংগঠক হিসেবে ১৯৭৩ সালে সিলেট জেলা ছাত্রলীগের (জাসদ) সাংগঠনিক সম্পাদকের দায়িত্ব লাভ করেন। ১৯৭৪ সালে তিনি এমসি কলেজ থেকে বিএ পরীক্ষা দেন। ১৯৭৬ সালের ৯ জুন জাসদ রাজনীতির চরম দুর্দিনে জেলা জাসদ ছাত্রলীগের আহ্বায়ক মনোনীত হন তিনি। ১৯৭৭ সালে বাংলাদেশ জাসদ ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদের সদস্য নির্বাচিত হন। ১৯৭৯ সালে তিনি দ্বিতীয় বার ছাত্রলীগ কেন্দ্রীয় সংসদের সদস্য নির্বাচিত হন। ১৯৮০ সালে বাসদ প্রতিষ্ঠা হলে তিনি বাসদের কেন্দ্রীয় সদস্য ও সিলেট জেলা বাসদের সমন্বয়কের দায়িত্ব পালন করেন। এ দায়িত্ব গ্রহণে তিনি কিছুদিন বাসদ ছাত্রলীগের কেন্দ্রীয় সহ-সভাপতির দায়িত্ব পালন করেন। এক কথায় সিলেটে বাসদের জন্মদাতা ম. আ. মুক্তাদির। বাসদ এবং ছাত্রলীগ যতদিন থাকবে মুক্তাদিরও ততোদিন প্রতিষ্ঠাতা হিসেবে বেঁচে থাকবেন।

১৯৭১ সালে পাকিস্তানী হানাদার বাহিনীর হাত থেকে বাঙালী মা-বোনদের ইজ্জত রক্ষা, দেশমাতৃকাকে মুক্ত ও একটি স্বাধীন লাল সবুজের পতাকার জন্য নিজের জীবন বাজি রেখে যাঁরা মহান মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলেন তাদেরই একজন বীর সন্তান সিলেটের দক্ষিণ সুরমার কদমতলী গ্রামের বীর মুক্তিযোদ্ধা মরহুম ম আ মুক্তাদির। তিনি মেজর সি আর দত্তের নেতৃত্বে ৪নং সেক্টরে একজন সক্রিয় মুক্তিযোদ্ধা হিসেবে বলিষ্ঠ ভূমিকা রাখেন।

ম আ মুক্তাদির রাজনীতি করতেন মানুষের মৌলিক অধিকার প্রতিষ্ঠার জন্য। সমাজের আমূল পরিবর্তন ও অগ্রসর চিন্তার মানুষের বিপব ঘটানোর লক্ষ্যে আজীবন সংগ্রাম করে গিয়েছিলেন। নির্যাতন আর জেল-জুলুমকে আলিঙ্গন করে নিয়েছিলেন নতুন সূর্যোদয়ের আশায়। তিনি মৃত্যুর আগ মুহূর্ত পর্যন্ত নিপীড়িত, নির্যাতিত ও অবহেলিত মানুষের অধিকার আদায়ের লক্ষ্যে একজন নিবেদিত সমাজকর্মী হিসেবে নিজেকে উৎসর্গ করেছিলেন। তিনি আমৃত্যু স্বপ্ন দেখেছেন একটি অসাম্প্রদায়িক, শোষণহীন বাংলাদেশের।

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সার্পোট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com







কানকুন ঘুরে এলো বাংলা ট্যুর

(শেষের পাতার পর)

বাংলাদেশী পরিচালিত ভ্রমণ প্রতিষ্ঠান বাংলা ট্যুর। এরই ধারাবাহিকতায় গত ২৯ আগস্ট বাংলা ট্যুরের একটি ভ্রমণ গ্রুপ মেক্সিকোর সবচেয়ে গুরুত্বপূর্ণ পর্যটন কেন্দ্র "ক্যানকুন" থেকে ঘুরে এসেছে।

গ্রুপটি ২৯ আগস্ট ভোর পাঁচটায় ক্যানকুনের উদ্দেশ্যে নিউজার্সী লিবার্টি এয়ারপোর্ট ত্যাগ করে। তারা সেখানে প্রাচীন মায়ান সভ্যতার নিদর্শন "চিচেন ইতজা", ক্যারিবিয়ান সমুদ্রের ১০ মিটার পানির নীচে বৃটিশ ভাস্কর জেশন ডিকেয়ার্সের পরিকল্পনায় তৈরি আন্ডার ওয়াটার মেরিন পার্ক, ক্যানকুন শহরের নানান পর্যটক আকর্ষন স্থানগুলো পরিদর্শন করে। ভ্রমণ শেষে গ্রুপটি ২ সেপ্টেম্বর নিউইয়র্ক ফিরে আসসে। বরাবরের মতই ট্যুর গাইডের দ্বায়িত্ব পালন করেন প্রতিষ্ঠানের সিইও হাবিব রহমান।

জানা গেছে, বাংলা টুরের আরো কয়েকটি গ্রুপ যথাক্রমে ২৫ সেপ্টেম্বর ক্যানকুন, ১৫ অক্টোবর পানামা এবং ১৫ নভেম্বর হাওয়াই দ্বীপে যাবে বলে প্রতিষ্ঠানটির পক্ষ থেকে জানানো হয়েছে। আগ্রহীরা ৩৪৭-২৮০-৭২৬৯ এই নাম্বারে যোগাযোগ করে বুকিং দিতে পারবেন। প্রেস বিজ্ঞপ্তি ।

নিউইয়র্ক পুলিশের ট্রাফিক বিভাগেও বাংলাদেশীদের জয়জয়কার

(শেষের পাতার পর)

বাংলাদেশী বংশোদ্ভূত কর্মকর্তা। নিয়মিত পুলিশের পাশাপাশি এখন ট্রাফিক বিভাগে পাহাড়সম সাফল্য এসেছে।

সম্প্রতি ট্রাফিক এজেন্ট থেকে সুপাইভাইজার পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন চার শতাধিক বাংলাদেশী। আর এই সাফল্যের নেপথ্যে রয়েছে বাংলাদেশী আমেরিকান পুলিশ আসোসিয়েশন (বাপা)। বাপা'র মিডিয়া লিয়াজো ডিটেকটিভ জামিল সারোয়ার জনি জানান, ১৯৯৬ সালে নিউইয়র্ক পুলিশ বিভাগের সঙ্গে যুক্ত হয় ট্রাফিক বিভাগ। ২০০০ সালে ট্রাফিক বিভাগে বাংলাদেশীদের যোগদান বাড়তে থাকে। তিনি জানান, বর্তমানে নিউইয়র্ক সিটিতে



ট্রাফিক বিভাগে প্রায় ৯০০ বাংলাদেশী বংশোদ্ভূত আমেরিকান কর্মরত আছেন। এই দীর্ঘ ২১ বছরে নিউ-ইয়র্ক পুলিশে সুপারভাইজার পদে কর্মরত ছিলেন প্রায় মাত্র ১০৫ জন বাংলাদেশীর। এই হিসাব সামান্য কমবেশী হতে পারে। অন্যদিকে বহু বাংলাদেশী ট্রাফিক এজেন্ট হিসাবে যোগ দিলেও সুপারভাইজার হিসাবে পদোন্নতি পাচ্ছিলেন না। যোগ্যতা থাকা সত্ত্বেও যথাযথ প্রশিক্ষণ বা পরামর্শ পাচ্ছিলেন না তারা।

এ ব্যাপারে বাংলাদেশী আমেরিকান পুলিশ আসোসিয়েশন এগিয়ে আসে। ২০০০ সালের মার্চ মাসে একসঙ্গে তারা প্রায় চারশ বাংলাদেশী ট্রাফিক এজেন্টকে প্রশিক্ষণ প্রদান করেন। এরপর তারা অংশ নেন পদোন্নতির পরীক্ষায়। আর এই প্রশিক্ষণের মাধ্যমে আসে শতভাগ সাফল্য। পরীক্ষায় উত্তীর্ণ ৮৫২ জনের মধ্যে চারশ জনই বাংলাদেশী। এমনকি মেধা তালিকায় উত্তীর্ণ প্রথম একশ জনের তালিকায় ৫০ জনই বাংলাদেশী।

বাপার সিনিয়র ভাইস-প্রেসিডেন্ট সার্জেন্ট এরশাদ সিদ্দিকী জানান, ট্রাফিক এজেন্টদের জন্য সুপারভাইজার পরীক্ষার আগে অনলাইন চ্যাটরুম তৈরী, ক্লাশ পরিচালনা, অনলাইন পাঠ সংযোজন, অনলাইন মডেল পরীক্ষার প্রশ্ন তৈরী ও অন্যান্য সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য বাপার সাবেক ট্রাস্টি সার্জেন্ট আব্দুল লতিফ ও বাপার সাবেক বোর্ড মেম্বার আব্দুল জলিলকে দায়িত্ব প্রদান করা হয়েছিলো আমরা সফলতাও পেয়েছি এবং পরবর্তীতেও আমরা এর ধারাবাহিকতা বজায় রাখার আশা ব্যক্ত করেন। পরীক্ষার বিষয় ভিত্তিক তথ্য উপস্থাপন করেন ডিপার্টমেন্ট সুপারভাইজার-২ মোহাম্মদ ইসলাম, ট্রাফিক ম্যানেজার মোহাম্মাদ নুসরাত আলী, বাপা'র প্রেসিডেন্ট ক্যাপ্টেন কারাম চৌধুরী, বাপার সিনিয়র ভাইস-প্রেসিডেন্ট সর্জেন্ট এরশাদ সিদ্দিকী বাপার প্রাক্তন সভাপতি লেফটেন্যান্ট কমান্ডার শামসুল হক, বাপা'র সাবেক বোর্ড মেম্বার সার্জেন্ট ফুয়াদ হোসাইন, বাপার প্রতিষ্ঠাতা প্রাক্তন সভাপতি লেফটেন্যান্ট সৈয়দ সুমন (অবঃ) এছাড়া প্রস্তুতি ক্লাসের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন বাপার সেক্রেটারী লেফটেন্যান্ট একেএম আলম (প্রিন্স), বাপা বোর্ড মেম্বার অফিসার রাসেক মালিক, অফিসার মাহাবুব জুয়েল, অফিসার মামুন সরদার, অফিসার মেহেদী মামুন, অফিসার জসিম মিয়া, নিউইয়র্ক পুলিশের অক্সিলারি লেফটেন্যান্ট সৈয়দ এনায়েত আলী ট্রাফিক সুপারভাইজার আলী চৌধুরী, মোঃ মহিউদ্দিন সহ বাপা'র অন্যান্য সদস্যবৃন্দও টিউটেরিয়াল ক্লাশে উপস্থিত হয়ে সবাইকে সহযোগিতা প্রদান করেন। উল্লেখ্য, নিউ-ইয়র্ক পুলিশ বিভাগে চার শতাধিক নিয়মিত অফিসার রয়েছেন। যাদের মধ্যে বেশ কয়েকজন নারী কর্মকর্তাও রয়েছেন।

বাংলাদেশী সহকর্মীদের পেশাগত উন্নয়ন ছাড়াও কমিউনিটির জন্য নিরলসভাবে কাজ করছে বাপা। যা ইতিমধ্যে ব্যাপক প্রশংসিত হয়েছে।

বাপা'র প্রেসিডেন্ট ক্যাপ্টেন কারাম চৌধুরী এবং সেক্রেটারী লেফটেন্যান্ট একেএম আলম (প্রিন্স) ট্রাফিক বিভাগে সুপারভাইজার হিসাবে উত্তীর্ণ হওয়া বাংলাদেশীদের উত্তীর্ণ হাওয়া ট্রাফিক এজেন্টদের অভিনন্দন জানিয়েছেন।





জ্যাকসন হাইটসে ৯/১১'র বিংশতম

(শেষের পাতার পর)

সেই স্মরণিকায় বাংলাদেশী অধ্যুষিত জ্যাকসন হাইটসও আমেরিকার অন্যান্য শহরের মত বিরাট দুটো শোকসভা অনুষ্ঠানের মাধ্যমে তা পালন করে। সকলের অনুষ্ঠানটি স্থানীয় পুলিশ প্রিসিংক্ট-১১৫তে এবং বিকালের অনুষ্ঠানটি স্থানীয় ট্র্যাভার্স পার্কে অনুষ্ঠিত হয়। দুটো অনুষ্ঠানেই মোহাম্মদী সেন্টারের এন্টাই টেরোরিজম এওয়ারন্যাস এর পরিচালক ইমাম কাজী কায়্যূমকে বিশেষ অতিথি হিসেবে আমন্ত্রিত ছিলেন।

কম্যিউনিটি এ্যাফেয়ার্স অফিসার মেইনকোর পরিচালনায় পুলিশ প্রিসিংক্ট ১১৫র শোকসভার প্রার্থনায় অন্যান্য ধর্মীয় নেতাদের সাথে ইমাম কাজী কায়্যূমও যোগদান করেন। ৯/১১ এ দায়িত্বে থাকা উক্ত পিসিংক্টের পুলিশ অফিসারদের নাম একে উচ্চারণ করে তাঁদের ও তাঁদের পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয়। ক্যাপ্টেন জামীল তাহেরী আমন্ত্রিত অতিথিদের সেখানে স্বাগত জানান।

কমিউনিটি বোর্ড-৩ কুইন্সের বৈকালিক অনুষ্ঠানটি শুরু হয় বিকেল সাড়ে ৫টায়। ২০ বছর আগের ভয়াবহ সেই ৯/১১ এর ঘটনাকে স্মরণ করে ধর্মীয় নেতারা প্রার্থনার মাধ্যমে নিহতদের স্মরণ করেন।

উল্লেখ্য, কমিউনিটি বোর্ডের বিগত ১০ম শোকানুষ্ঠানে ইমাম কাজী কায়্যূম প্লানিং কমিটি মেম্বার হিসেবে কাজ করেছেন। প্রকাশ থাকে যে, ৯/১১'র পর ২০০৫ সনে আমেরিকায় এ জাতীয় প্রথম ইসলামী সেন্টার, যা স্থাপনের মূল উদ্দেশ্যগুলোর মধ্যে সন্ত্রাসবাদের বিরুদ্ধে কাজ করা ও মুসলিম কমিউনিটিকে বিভিন্ন ধর্মীয় সন্ত্রাসী তৎপরতা থেকে বিরত রাখা ও সচেতনতা সৃষ্টি করাই হলো মোহাম্মদী সেন্টার ও এর এন্টাই টেরোরিজম এওয়্যারনেস ইউনিটের কাজ ও উদ্দেশ্য। যা দেশে-বিদেশে হচ্ছে প্রচুর সমাদৃত।

সায়গন থেকে কাবুল ঃ যুক্তরাষ্ট্রের বিদায়ে সেই

(প্রথম পাতার পর)

পাততাড়ি গুটিয়ে নেওয়াকে। রাজনৈতিক বিশ্লেষকেরাও ভিয়েতনাম যুদ্ধের মতোই আফগানিস্তানেও যুক্তরাষ্ট্রের একধরনের পরাজয়ের কথা বললেন।

দ্বিতীয় যুদ্ধের পর বৈশ্বিক প্রেক্ষাপটে কর্তৃত্বের আসনে চলে আসে যুক্তরাষ্ট্র। এরপর থেকে তারা যে কয়টি যুদ্ধে জড়িয়েছে তার মধ্যে সবচেয়ে দীর্ঘমেয়াদি ছিল ভিয়েতনাম ও সদ্য সমাপ্ত আফগান যুদ্ধ। ভিয়েতনাম যুদ্ধ শুরু হয় গত শতকে। ১৯৬৫ সালে যুক্তরাষ্ট্র সরাসরি যুদ্ধে জড়ায়। পরে ব্যাপক ক্ষয়ক্ষতির মুখে পড়ে দেশটি থেকে আমেরিকান সেনাদের ফিরিয়ে নেওয়া হয় ১৯৭৩ সালে। ১৯৭৫ সালে যুক্তরাষ্ট্রের সমর্থনপুষ্ট তৎকালীন দক্ষিণ ভিয়েতনামের রাজধানী সায়গনের পতন হয়। অপর দিকে আফগান যুদ্ধ শুরু হয় বেশ ২০০১ সালে। ৩১ আগস্ট আনুষ্ঠানিকভাবে দেশটি থেকে সব সেনা ফিরিয়ে নেয় যুক্তরাষ্ট্র সরকার। ভিয়েতনামের যুদ্ধক্ষেত্র থেকে বিদায় ঘটেছিল প্রতিপক্ষ উত্তর ভিয়েতনামের সঙ্গে শান্তিচুক্তি করে, সেই একই পরিণতি দেখা গেছে আফগানিস্তানে। অভিযানের মধ্য দিয়ে যে তালেবানকে ক্ষমতাচ্যুত করা হয়েছিল, তাদের সঙ্গে শান্তিচুক্তি করেই বিদায় নিয়েছে যুক্তরাষ্ট্র। আর তাদের বিদায়ের মধ্যেই আবার আফগানিস্তানের নিয়ন্ত্রক হয়ে উঠেছে তালেবান।

যেভাবে ভিয়েতনাম যুদ্ধে জড়ায় যুক্তরাষ্ট্র

ভিয়েতনামে যুক্তরাষ্ট্রের আগ্রাসন ছিল তৎকালীন সোভিয়েত ইউনিয়নের সঙ্গে দেশটির স্নায়ুযুদ্ধের ফসল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ভিয়েতনামের নিয়ন্ত্রণ যায় ফ্রান্সের হাতে। তবে দেশটির স্বাধীনতাকামী নেতারা ঔপনিবেশিক এই শাসন মেনে নিতে পারেননি। দেশটিতে শুরু হয় স্বাধীনতার দাবিতে যুদ্ধ। আট বছরের যুদ্ধ শেষে ফ্রান্সের শাসন থেকে মুক্তি মেলে ভিয়েতনামের বাসিন্দাদের। দুটি অংশে ভাগ হয়ে যায় দেশটি–উত্তর ও দক্ষিণ ভিয়েতনাম। উত্তর ভিয়েতনামে শাসনব্যবস্থা গড়ে তোলে কমিউনিস্ট সরকার। আর দক্ষিণ ভিয়েতনামের শাসনক্ষমতা যায় মার্কিনপন্থী পুঁজিবাদী সরকারের হাতে।

তবে একই জাতি হয়ে আলাদা দুটি দেশ মেনে নিতে পারেনি উত্তর ভিয়েতনাম। অভিন্ন দেশের লক্ষ্যে দক্ষিণ ভিয়েতনামের সঙ্গে সংঘাতে জড়িয়ে পড়ে তারা। ছিল পুঁজিবাদ ও সমাজতন্ত্রের দ্বন্দ্বও। এ নিয়ে সংঘাত চরমে ওঠে। পুঁজিবাদী দক্ষিণ ভিয়েতনামকে অস্ত্র ও আর্থিক সহায়তা দিয়ে সাহায্য করে যুক্তরাষ্ট্র। অপর দিকে সমাজতান্ত্রিক আদর্শের কারণে উত্তর ভিয়েতনাম পাশে পেয়েছিল সোভিয়েত ইউনিয়ন ও চীনকে।

ভিয়েতনাম যুদ্ধে যুক্তরাষ্ট্র সরাসরি অংশ নেয় ১৯৬৫ সালে। দক্ষিণ ভিয়েতনামের পক্ষে লড়তে দেশটিতে পাঠানো হয় লাখ লাখ মার্কিন সেনা এবং গোয়েন্দা সংস্থা সিআইএর সদস্যদের। তবে দেশটিতে সুবিধা করে উঠতে পারেনি মার্কিনরা। দীর্ঘ এ যুদ্ধে প্রাণহানি ঘটে ৫৮ হাজারের বেশি মার্কিন সেনার।

ভিয়েতনামে যুক্তরাষ্ট্রের পরাজয়ের কারণ

ভিয়েতনাম যুদ্ধে যুক্তরাষ্ট্রের কৌশল ছিল সরাসরি আক্রমণের মাধ্যমে শত্রুপক্ষকে পরাস্ত করা। তাদের এমনভাবে ঘায়েল করা যেন বিরোধীরা প্রতি আক্রমণের জন্য পিঠ তুলে না দাঁড়াতে পারে। তবে এ কৌশল কাজে আসেনি। যুক্তরাষ্ট্রের আক্রমণে উত্তর ভিয়েতনামের ভিয়েত কং নামে পরিচিত পিপলস আর্মির কমিউনিস্ট সেনাবাহিনীর অনেক সদস্যের মৃত্যু হলেও এর থেকেও বেশি যোদ্ধা নতুন করে যোগ দিয়েছিল। পাশাপাশি যুদ্ধের ফলে অবকাঠামোগত ক্ষতিও দ্রুত পুষিয়ে নিয়েছিল তারা। এদিকে সরাসরি যুদ্ধে জড়ানোর চেয়ে ভিয়েত কংদের কৌশল ছিল যুদ্ধের সময় বাড়িয়ে শত্রুপক্ষের ধৈর্যের পরীক্ষা নেওয়া। যুদ্ধ কৌশলের অংশ হিসেবে ব্যাপকভাবে গেরিলা হামলা চালানো শুরু করে তারা। উত্তর ভিয়েতনামের জন্য এসব কৌশল খুবই কার্যকর হয়ে ওঠে। অতর্কিত চালানো হামলায় হাজারে হাজারে মাকিন সেনা মারা যেতে থাকে।

আমেরিকান সেনাদের লাশের সারি যুক্তরাষ্ট্রের নাগরিকদের মনে ভিয়েতনাম যুদ্ধবিরোধী মনোভাব তৈরি করে।










জ্যামাইকায় নাইট সকার টুর্ণামেন্ট শুরু

(শেষের পাতার পর)

পার্কের (৯৪-১ ২০২ স্ট্রীট, হলিস নিউইর্য়ক- ১১৪২৩) মাঠে শুরু হয়েছে "নাইট সকার টুর্ণামেন্ট-২০২১"। চলবে ১৯ সেপ্টেম্বও পর্যন্ত। প্রতিদিনের খেলা চলবে রাত ৯টা থেকে মধ্যরাত ১২টা পর্যন্ত। এতে মিডিয়া পার্টনার হিসেবে থাকছে টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা।

টুর্ণামেন্টের অর্গানাইজার হাসানুজ্জামান সুমন, মনি খান, আনজাম রাফী ও আরিফুল ভূঁইয়া জিয়া জানান- তরুণদেরকে খেলাধুলার প্রতি উৎসাহিত করার জন্য এবং তরুণরা যাতে বিপথে না যায়, তাদেরকে খেলাধুলায় বেশী বেশী করে সম্পৃক্ত করার জন্য তাদের এই আয়োজন। তারা আরো জানান, টুর্ণামেন্টে অংশগ্রহন করা মোট ৫টি দল হচ্ছে- ঢাকা স্করপিয়ন সকার স্পোটিং, চেজারর্স স্পোটিং, এ.জী. স্পোটিং ক্লাব, আর.এস.সি. স্পোটিং এবং রিও'স নাইট স্পোটিং। রবীন লীগ ভিত্তিতে একে অপরের মোকাবেলা করবে এবং পয়েন্ট তালিকায় শীর্ষে থাকা প্রথম ৪টি দল সেমিফাইনালে উত্তীর্ণ হবে। আগামী ১৯ সেপ্টেম্বর রাত ১০টায় ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

টুর্নামেন্টের স্পন্সর হিসেবে থাকছে- এটর্নি র‍্যান্ডি বি. সিগেল ল' অফিস, বিসিএল অফ ইউ.এস.এ, মিরচ, জ্যামাইকা স্যোশাল অ্যাডল্ট ডে কেয়ার, জ্যামাইকা ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার, জ্যামাইকা বাংলাদেশ সোসাইটির সভাপতি বাহলুর সৈয়দ উজ্জল, অভিজাত গ্রুপ, আই. জে ক্রিয়েটিভ সলিউশান, এন.ওয়াই ইন্সুরেন্স ও ব্রোকারেজ, সিলেট মোটরস এবং এমপায়ার স্টেট ইন্সুরেন্স।

উদ্বোধনী দিনে জ্যামাইকা স্যোশাল অ্যাডল্ট ডে কেয়ারের তানজীর হক, কমিউনিটি অ্যাকটিভিষ্ট মিজান চৌধুরী, বাপা'র ট্রেজারার রাসেক মালিক, জ্যামাইকা বাংলাদেশী ইয়্যুথ ফোরামের ভাইস- প্রেসিডেন্ট রিমেল, রিও'স নাইট স্পোটিং স্বত্বাধীকারী মো: কাশেম, আই. জে ক্রিয়েটিভ সলিউশাসের মো: কামরুল ইসলাম সনি, অ্যাড এন্ড টেক আইটি সলিউশানের মো: খন্দকার রাকীব মাঠে উপস্থিত ছিলেন। এছাড়াও মাঠে আরো উপস্থিত ছিলেন- মইন খান, বাবু চৌধুরী, রুমন চৌধুরী, মাজেদ, নাসির, করিম, ফারুক আহমেদ, সবুজ আহমেদ, সাহাদী, উল্লাহ, আফতাব, হাসিব প্রমুখ। খেলার ধারাভাষ্যে ছিলেন খন্দকার।

উদ্বোধনী দিনের প্রথম খেলায় চেজারর্স স্পোটিংকে হারিয়ে, ঢাকা স্করপিয়ন সকার স্পোটিং ১-০ গোলে জয়লাভ করে। উল্লেখ্য, ঢাক স্করপিয়ন সকার স্পোটিং খেলছে আর্জেন্টিনার জার্সি পওে, এই ক্লাবের স্বত্বাধীকারী হলেন হাসানুজ্জামান সুমন, চেজারর্স স্পোটিং খেলছে স্পেনের জার্সি পওে, এই ক্লাবের স্বত্বাধীকারী ফয়সাল আহমেদ, এ.জী. স্পোটিং ক্লাব খেলছে ইতালীর জার্সি পরে, এই ক্লাবের স্বত্বাধীকারী হলেন আরিফুল ভূঁইয়া জিয়া, আর.এস.সি. স্পোটিং খেলছে জার্মানীর জার্সি পরে, এই ক্লাবের স্বত্বাধীকারী হলেন মো: রুমন চৌধুরী এবং রিও'স নাইট স্পোটিং খেলছে পর্তূগালের জার্সি পরে, এই ক্লাবের স্বত্বাধীকারী হলেন মো: কাশেম।

পয়েন্ট তালিকায় যৌথভাবে ৬ পয়েন্ট পেয়ে শীর্ষস্থানে আছে ঢাকা স্করপিয়ন সকার স্পোটিং ও এ.জী. স্পোটিং ক্লাব।

জ্যামাইকা বাংলাদেশী ইর্য়ুথ ফোরামের প্রেসিডেন্ট মো: জাসেম ও সেক্রেটারী তানভীর ভূঁইয়া তরুণদের নিয়ে এই উদ্যোগকে সাফল্যমন্ডিত করার জন্য খেলাপ্রিয় মানুষ সহ সকল পৃষ্ঠোপোষকদেও প্রতি আহবান জানান।

যে বন্ধু কল্যাণের চাবিকাঠি

(শেষের পাতার পর)

যায়। যার কাছে মনের সব লুকানো কথা আস্থা ও বিশ্বাসের সঙ্গে খুলে বলা যায়। আত্মার সঙ্গে আত্মার শক্তিশালী বন্ধন হলো, বন্ধু।

বন্ধুত্ব মানুষের জীবনের একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। কখনো কখনো এই বন্ধুত্ব হতে পারে মানুষের সফলতার সোপান, আবার কখনো কখনো বন্ধু নির্বাচনে ভুল করার কারণে এই বন্ধুত্বই হতে পারে চরম ব্যর্থতার কারণ। আনাস বিন মালিক (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'নিশ্চয় কতক লোক আছে, যারা কল্যাণের চাবিকাঠি এবং অকল্যাণের দ্বার রুদ্ধকারী। পক্ষান্তরে এমন কতক লোকও আছে যারা অকল্যাণের দ্বার উন্মোচনকারী এবং কল্যাণের পথ রুদ্ধকারী। সেই লোকের জন্য সুসংবাদ, যার দুই হাতে আল্লাহ কল্যাণের চাবি রেখেছেন এবং সেই লোকের জন্য ধ্বংস, যার দুই হাতে আল্লাহ অকল্যাণের চাবি রেখেছেন।' (ইবনে মাজাহ, হাদিস : ২৩৭)

অতএব, বন্ধু নির্বাচনে সব সময় এমন মানুষকে অগ্রাধিকার দিতে হবে, যে কল্যাণের পথ দেখাবে। এবং অকল্যাণের পথ থেকে বন্ধুকে ফিরিয়ে আনতে আপ্রাণ চেষ্টা করবে। পক্ষান্তরে এমন লোকদের বন্ধু তালিকা থেকে দূরে রাখা উচিত, যারা বন্ধুকে অকল্যাণের পথে ঠেলে দেবে। তাঁর দুনিয়া-আখিরাত ধ্বংসের কারণ হবে। কারণ আত্মার সঙ্গে আত্মার বন্ধুত্ব কল্যাণকর; কিন্তু প্রেতাত্মার সঙ্গে আত্মার সম্পর্ক ভয়ংকর। আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, রাসুল (সা.) বলেন, 'মানুষ তার বন্ধুর রীতিনীতির অনুসারী হয়। কাজেই তোমাদের প্রত্যেকেই যেন লক্ষ করে, সে কার সঙ্গে বন্ধুত্ব করছে।' (আবু দাউদ, হাদিস : ৪৮৩৩)

যেহেতু বন্ধুত্ব ও বন্ধুদের আচার-আচারণ মানুষের জীবনে ব্যাপক প্রভাব ফেলে। তাই যে বন্ধু সর্বদা আল্লাহর কথা স্মরণ করাবে, কখনো বিপথগামী হতে গেলে সে তার বন্ধুকে আল্লাহর কথা স্মরণ করিয়ে দিয়ে সতর্ক করবে, সে ধরনের বন্ধু নির্বাচন করাই বুদ্ধিমানের কাজ। আবু মুসা (রা.) বলেন, আল্লাহর রাসুল (সা.) বলেছেন, 'সৎ সঙ্গী ও অসৎ সঙ্গীর উদাহরণ মিসক বিক্রেতা ও কর্মকারের হাঁপরের মতো। আতর বিক্রেতাদের থেকে শূন্য হাতে ফিরে আসবে না। হয় তুমি আতর খরিদ করবে, না হয় তার সুঘ্রাণ পাবে। আর কর্মকারের হাঁপর হয় তোমার ঘর অথবা তোমার কাপড় পুড়িয়ে দেবে, না হয় তুমি তার দুর্গন্ধ পাবে।' (বুখারি, হাদিস : ২১০১)। বন্ধু নির্বাচনে কোন ধরনের মানুষকে অগ্রাধিকার দিতে হবে, সে ব্যাপারে পবিত্র কোরআনের স্পষ্ট নির্দেশনা অনুসরণ করা উচিত। পবিত্র কোরআনে ইরশাদ হয়েছে, 'আর মুমিন পুরুষ এবং মুমিনা নারীরা একে অপরের বন্ধু। তারা ভালো কথার শিক্ষা দেয় এবং মন্দ কাজ থেকে বিরত রাখে। নামাজ প্রতিষ্ঠিত করে, জাকাত দেয় এবং আল্লাহ ও রাসুলের নির্দেশ অনুযায়ী জীবন-যাপন করে। তাদের ওপর আল্লাহ তাআলা অনুগ্রহ করবেন। নিশ্চয়ই আল-াহ পরাক্রমশালী সুকৌশলী।' (সুরা : আত তওবা, আয়াত : ৭১)

যারা মহান আল্লাহর দেওয়া নির্দেশনা অনুযায়ী বন্ধু নির্বাচন করবে না এবং বন্ধুর দ্বারা প্রভাবিত হয়ে ঈমান-হারা হবে, কিয়ামতের দিন তাদের আপসোসের সীমা থাকবে না। কিন্তু সেদিন তাদের কিছুই করার থাকবে না। পবিত্র কোরআনে ইরশাদ হয়েছে, 'জালিম ব্যক্তি সেদিন নিজের দুহাত কামড়াতে কামড়াতে বলবে, হায়, আমি যদি রাসুলের সঙ্গে সৎপথ অবলম্বন করতাম। হায়, দুর্ভোগ আমার, আমি যদি অমুককে বন্ধুরূপে গ্রহণ না করতাম! আমাকে তো সে বিভ্রান্ত করেছিল আমার কাছে উপদেশ পৌঁছার পর। আর শয়তান তো মানুষের জন্য মহাপ্রতারক।' (সুরা : ফুরকান, আয়াত : ২৭-২৯)

তাই প্রতিটি মানুষের উচিত, বন্ধু নির্বাচনে এমন লোকদের প্রাধান্য দেওয়া, যাদের মধ্যে মহান আল্লাহ কল্যাণ রেখেছেন। মহান আল্লাহ সবাইকে বন্ধু নির্বাচনে সতর্ক হওয়ার তাওফিক দান করুন।

জমজমাট আয়োজনে নিউইয়র্কে তিন দিনের বাংলাদেশ সম্মেলন সমাপ্ত







নিউইয়র্ক (ইউএনএ): প্রবাসে বাংলাদেশ, দেশীয় কৃষ্টি-কালচার তুলে ধরার পাশাপাশি দূর্নীতিমুক্ত বালাদেশ প্রত্যাশায় জমজমাট আয়োজনে নিউইয়র্কে অনুষ্ঠিত হলো তিন দিনের বাংলাদেশ সম্মেলন। যুক্তরাষ্ট্রের লেবার ডে উইকেন্ডে অর্থাৎ ৩, ৪ ও ৫ সেপ্টেম্বর যথাক্রমে শুক্র, শনি ও রোববার স্থানীয় লাগোর্ডিয়া ম্যারিয়ট হোটেলের বলরুমে অনুষ্ঠিত হয়। এটি ছিলো তৃতীয় সম্মেলন। এবারের সম্মেলন কমিটির চেয়ারম্যান ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী মোহাম্মদ আজাদ, কনভেনর ছিলেন বিশিষ্ট চিকিৎসক ডা. চৌধুরী সারোয়ারুল হাসান এবং মেম্বার সেক্রেটারী ছিলেন আলমগীর খান আলম। সম্মেলনের অনুষ্ঠানমালার মধ্যে ছিলো রিভার ক্রুজ, আলোচনা, বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর পূর্তি, কাব্য জলসা, চিত্র প্রদর্শনী আর সাংস্কৃতিক অনুষ্ঠান। ছিলো বিভিন্ন পসরা সাজানো বেচা-কেনার একাধিক স্টল। খবর ইউএনএ'র।

সম্মেলনের উদ্বোধনী দিনে শুক্রবার ছিলো নিউইয়র্কের ঐতিহাসিক ইষ্ট রিভারের তীরে স্কাইলাইন প্রিন্সেসের বিলাসবহুল জাহাজে নদী ভ্রমণ। এর আগে অপরাহ্নে বর্ণাঢ্য আয়োজনে রং বে রং-এর বেলুন উড়িয়ে সম্মেলনের উদ্বোধন করেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী, একুশে পদকপ্রাপ্ত রথীন্দ্র নাথ রায়। এসময় সর্বস্তরের প্রবাসী বাংলাদেশীরা উপস্থিত ছিলেন। এরপর দুই শতাধিক প্রবাসী নিয়ে ক্রুজটি ম্যানহাটারের চারিদিক পরিভ্রমণ করে। এসময় নদ, প্রকৃতি আর সন্ধ্যার আলোকজ্জল সৌন্দর্য সবাই উপভোগ করে মুগ্ধ হন। এছাড়াও সুধীজন শুভেচ্ছা বক্তব্য রাখেন। সাছে ছিলো এবং সঙ্গীত পর্ব আর র‍্যাফেল ড্র। ক্রুজ পর্বের অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন আশরাফুল হাসান ও সোনিয়া।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সদস্য সচিব আলমগীর খান আলম। এছাড়াও শুভেচ্ছা বক্তব্য রাখেন সম্মেলন কমিটির চেয়ারম্যান ছিলেন মোহাম্মদ আজাদ ও কনভেনর ডা. চৌধুরী সারোয়ারুল হাসান। আরো বক্তব্য রাখেন বাংলাদেশী-আমেরিকান পুলিশ এসোসিয়েশনের সভাপতি ক্যাপ্টেন করম চৌধুরী, কোষাধ্যক্ষ রাশিক মালিক, কমিউনিটি লীডার মনিরুল ইসলাম, কবি-লেখক ইশতিয়াক রুপু, কমিউনিটি অ্যাক্টিভিস্ট শিবলী সাদিক প্রমুখ।

বাংলাদেশের স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী উপলক্ষে বিশেষ প্রামান্য চিত্র প্রদর্শনীর মধ্যদিয়ে শনিবার সম্মেলনের দ্বিতীয় দিনের অনুষ্ঠান শুরু হয়। সাংবাদিক শামীম আল আমীন নির্মিত 'একটি দেশের জন্য গান' প্রামাণ চিত্রে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ, উন্নয়ন-অগ্রগতির কথা তুলে ধরা হয়। এদিন অনুষ্ঠিত কাব্য জলসায় অংশ নেন প্রবাসের কবি যথাক্রমে এবিএ সালেউদ্দিন, ফকির ইলিয়াস, শাহীন ইবনে দিলওয়ার ও ফারহানা ইয়াসমীন তুলি সহ সৈয়দ মামুনুর রশীদ, আহমদ সউল, শিবলী সাদিক, সেলিম ইব্রাহীম, শেলী জামান খান, ভায়লা সেলিনা লিজা, রোকেয়া দীপা, মাহফুজ, রওশন হাসান, শাহীন আক্তার মৌ প্রমুখ। সঞ্চালনায় ছিলেন কবি-জলসা কমিটির চেয়ারম্যান ইশতিয়াক রূপু।

এদিন 'প্রবাসে বাঙালীর উন্নতি এবং সমস্যা' বিষয়ক সেমিনারে আলোচনায় অংশ নেন কনভেনর ডা. চৌধুরী সারোয়ারুল হাসান, কমিউনিটি নেতা ফাহাদ সোলায়মান প্রমুখ। সঞ্চালনায় ছিলেন সাংবাদিক রিমন ইসলাম। এছাড়াও অন্যান্য পর্বে শুভেচ্ছা বক্তব্য রাখেন জেবিবিএ'র সাবেক সাধারণ সম্পাদক তারেক হাসান খান।

তিন বাংলা কবি সাহিত্যিকদের নিয়ে অনুষ্ঠানের মধ্য দিয়ে শুরু হয় সম্মেলনের তৃতীয় ও শেষ দিনের অনুষ্ঠানমালা। এই পর্বের উদ্বোধন করেন তিন বাংলা'র সভাপতি কবি ও সাংবাদিক সালেম সুলেরী। অনুষ্ঠানে ডা. চৌধুরী সারোয়ারুল হাসান, আলমগীর খান আলম ও আশরাফুল হাসান বুলবুলকে উত্তরীয় পড়িয়ে দেন সালেম সুলেরী।

কবি রওশন হাসানের সঞ্চালনায় এতে 'তিন বাংলা'র কবি, সাহিত্যিকগণের মধ্যে শামসুন এলিট, আশিস দেব রায়, নাসিমা আক্তার, তোফায়েল ইবনে সোলায়মান, তিলক দেব রায়, সুলতানা ফেরদৌসী, শহীদ উদ্দিন অংশ নেন। এরপর অনুষ্ঠিত সাংস্কৃতিক অনুষ্ঠান সহ মাজিদ ডিয়ারের ফ্যাশন শো। এছাড়াও প্রতিদিন ছিলো মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে এতে বিভিন্ন দিন বাংলাদেশের জনপ্রিয় শিল্পী সৈয়দ আব্দুল হাদী, স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী শহীদ হাসান, রেজওয়ানা চৌধুরী বন্যা, শুভ্র দেব ও শায়রা রেজা সহ প্রবাসের জনপ্রিয় শিল্পীদের মধ্যে সঙ্গীত পরিবেশন করেন ড. তনিমা হাদী, শাহ মাহবুব, কৃষ্ণা তিথি, রোকসানা মির্জা, শামীম সিদ্দিকী, নূরুজ্জামান লাল্টু, সেলিম ইব্রাহীম, রোজি আজাদ, রুবিনা শিল্পী, মরিয়ম মারিয়া, বীনা বর্মণ, আমানত হোসেন প্রমুখ। নৃত্য পরিবেশন করেন প্রিয়া ড্যান্স আর নৃত্যাঙ্গলী'র শিল্পীরা। বাদ্যযন্ত্রে ছিলেন তবলায় তপন মোদক ও সজীব মোদক, অক্টোপ্যাডে রিদ, লীড গিটারে চঞ্চল, কী বোর্ডে এম জামান এবং মন্দিরায় শহীদ উদ্দিন।

'বাংলাদেশ সম্মেলন'-এর বিভিন্ন পর্ব উপস্থাপনায় ছিলেন প্রবাসের বিশিষ্ট উপস্থাপক আশরাফুল হাসান বুলবুল। বিপুল সংখ্যকপ্রবাসী বাংলাদেশী প্রতিদিন সন্ধ্যা থেকে মধ্যরাত পর্যন্ত অনুষ্ঠানটি উপভোগ করেন।

সম্মেলন কমিটির কনভেনর ডা. চৌধুরী সারোয়ারুল হাসান এবং মেম্বার সেক্রেটারী আলমগীর খান আলম ইউএনএ প্রতিনিধি-কে জানান, প্রতিবছর লেবার ডে উইকেন্ডে নিউইয়র্কে 'বাংলাদেশ সম্মেলন' অনুষ্ঠিত হবে। একজন্য কমিউনিটির সবার সার্বিক সহযোগিতা কামনা করে বলেন- আমরা আগামীতে আরো বড় পরিসরে আরো ব্যাপক আয়োজনে সম্মেলন করার প্রত্যাশা করছি।

বাংলা পত্রিকা'র সাংস্কৃতিক প্রতিনিধি অপু জানান, লাগোর্ডিয়া ম্যারিয়ট হোটেলের অডিটরিয়ামে বিপুল দর্শকদের উপস্থিতি দেখা যায়। বাংলাদেশ সম্মেলনে নিউইয়র্কের বিভিন্ন সংগঠন অংশ গ্রহন করেন। 'তিন বাংলা' ছিলো এর মধ্যে উল্লেখযোগ্য। ছোট ছোট নৃত্য শিল্পীদের নৃত্যে মুখর সন্ধ্যাটি ছিল দৃষ্টি নন্দিত। জনপ্রিয় সঙ্গীত শিল্পী শুভ্র দেব গান গেয়ে দর্শক মাতিয়েছেন। স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী শহীদ হাসানের গান দর্শকদের আনন্দ দিয়েছে। একুশে পদক প্রাপ্ত বাংলাদেশের জনপ্রিয় কণ্ঠ শিল্পী সৈয়দ আব্দুল হাদি এবং শান্তি নিকেতন থেকে রবীন্দ্র সংগীতে ডিগ্রীধারী, বহু পদকে সম্মানিত শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা'র গান শ্রোতাদের মন ভরিয়েছে। বন্যা বলেন- করোনা ভাইরাসের এই মরন থাবার পরেও আমাদের জীবন এখনও চলমান। তাই তিনি সবাইকে নিয়ে গাইলেন "আগুনের পরশ মনি ছুঁয়াও প্রাণে"। আনন্দিত দর্শক আনন্দিত রেজওয়ানা চৌধুরী বন্যা বলেন- করোনার পরে এই প্রথম স্টেজে গান করলাম। বাংলাদেশে এখনো সম্ভব না। তারপরে সৈয়দ আব্দুল হাদী মঞ্চে এলে উপস্থিত সকল দর্শক তাকে দাঁড়িয়ে সম্মান প্রদর্শণ করেন। তিনি তার জনপ্রিয় বেশ কিছু গান পরিবেশন করেন। তার সাথে কন্যা শিল্পী ড. তনিমা হাদীও দ্বৈত গান করেন। হল ভরা দর্শকের অনুরোধে তিনি "আছেন আমার মোক্তার, আছেন আমার ব্যারিষ্টার" গানটি পরিবেশন করেন। উপস্থিত সকল দর্শকও তার সাথে গাইতে থাকেন। শিল্পী বাংলাদেশ সম্মেলনের আয়োজকদের প্রশংসা করেন। প্রশংসা করেন এর্টনী মঈন চৌধুরী এই সুন্দর আয়োজনের জন্য।

তিন দিনব্যাপী এই আয়োজনে নতুন প্রজন্মের শিল্পীদের অংশগ্রহন সম্মেলনের উজ্জ্বলতা বাড়িয়েছে বলে অনেকের অভিমত। সম্মেলনে প্রবাসের জনপ্রিয় শিল্পীদেও মধ্যে শাহ মাহাবুব, কৃষ্ণা তিথি, রোকসানা মির্জা, মামুন প্রমুখ শিল্পীরা অংম নেন।

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.

37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-



Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الإتحاد ETIHAD AIRWAYS

KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

IRS e file

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের
একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান

OUR SERVICES

International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয়
ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

KAKATUA 25th Anniversary 1990 2015

KAKATUA AGENCY

Authorised IRS e-file Provider

কাকাতুয়া এজেন্সী



পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

ENROLLED AGENT

OUR SERVICES ARE:

Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

Afzal Hossain MD
Ashwad Afzal MD, FACP
Sanjeev Palta MD, FACC

Board certified in Internal Medicine

87-81 169th street, Jamaica NY 11432
Tel: 718-297-4300, Fax: 718-297-4302

Board certified in Cardiology

We perform tests in the office:

ECG

We treat all heart patients and have tests performed in our office by our experienced Internist and Cardiologist.

- EKG/Electrocardiogram
- Echocardiogram
- Cardiac stress test
- Vascular studies
- Allergy Test
- Nerve Test/Sudoscan
- TB/PPD testing
- Spirometry/Lung Test
- Peak flow
- Test for Heartburn







Blood test done in the office

We provide Vaccines for:

- Hepatitis A
- Hepatitis B
- Influenza
- Meningitis
- Measles
- Mumps
- Pneumococcal
- Rubella
- Tetanus/Tdap
- Varicella

- Physical Exam
- Pre-employment Exam
- Physical for school
- CDL certification
- TLC Certification
- Home Health Aid/HHA Certification

We accept most insurance and have arrangement for treating uninsured patients at low costs.

Office Hours

Mon-Thurs	10am-6pm
Friday	11:30am-6pm
Saturday	10am-3pm

Call us today at 718-297-4300

Law Office of Md Golam Mostofa, Esq.

OUR SERVICES:

- Personal Injury all kinds
- Medical Mal Practice
- Accident in Construction Work and Car Accidents
- Lead Poisoning
- Slip and Fall
- All Civil Matters
- Immigration all kinds & investments
- Real Estate, Business
- Bankruptcy
- Criminal Case
- Landlord-Tenant
- Family Matter-Divorce
- Employment Matter, Etc.





Attorny M. Mostofa, Esq.

LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh,
Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK. Barrister-At-Law, London.,
LL.M, USA. Attorney-At-Law, NY

7226 Broadway, 3rd Floor, Jackson Heights, NY 11372, Phone: 718-565-2661

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com

DEBT SOLUTIONS BANKRUPTCY

- আমরা গ্যারান্টি সহকারে আপনার কার্ড বিল কমিয়ে দিতে পারি।
- মাত্র ১২ থেকে ৩৬ মাসে আপনি সম্পূর্ণভাবে দেনামুক্ত হতে পারবেন।



BHUIYAN
917-832-7619

BT & T GROUP LLC

37-12, 75th Street, Suite #203, Jackson Heights, NY 11372
Phone: 917-832-7619 | Fax: 718-425-9293

Hillside Accounting Services Inc.

Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration

*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ



Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

Address

87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

BRONX OFFICE
1268 Whiteplains Road.
Bronx,
NY 10472
718-792-6991

JACKSON HEIGHTS OFFICE
37-33 77th St. # 1,
Jackson Heights
NY 11372
718-478-6100



* স্বল্পমূল্যে চিকিৎসার ব্যবস্থা
* জীবানুমুক্ত যন্ত্রপাতি
* সর্বাধুনিক প্রযুক্তি। অভিজ্ঞ ডাক্তার
* মেডিকেইড। ইন্সুরেন্স। ইউনিয়ন - কার্ড গ্রহণ
* Visa / Master Card / American Express / Discover সহ অন্যান্য ক্রেডিট কার্ড গ্রহণ
* সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারে Implant / Braces চিকিৎসা

আপনাদের সেবায়



DR. WALI KHAN
D.D.S.



DR. M. M. ABDUR ROB D.D.S.

কম্বাইন্ড রিজিওনাল বোর্ড কর্তৃক স্বীকৃত বাঙ্গালি ডেন্টিস্ট বাংলাদেশ আর্মির প্রাক্তন **ডেন্টাল সার্জন**

আমরা সর্বনিম্ন মূল্যে সর্বাধুনিক প্রযুক্তিতে দাঁত ও মাড়ির সব ধরনের চিকিৎসা করে থাকি।

আমরা মেডিকেইড, ইন্সুরেন্স ও ইউনিয়ন প্লান গ্রহন করি



আপনাদের সেবায় আমাদের দুটি শাখা

QUEENS DENTAL CARE
28-55, 34St, 2Floor, Astoira
(at the corner of 30 AVE. & 34St)
718-204-0672
বিকেল ৫টা থেকে রাত ৯টা, রোববার এপয়েন্টমেন্ট নিতে হবে

BRONX OFFICE
780E. Tremont Ave. Bronx
718-731-6176
সকাল ৯:৩০ থেকে বিকেল ৪:৩০, রোববার বন্ধ।



WELCOME TO
Your Medical Home

SABOOR WAIZUN MEDICAL PC
Caring For Your Health

INAMULHAQUE M SABOOR,MD
Board Certified Internal Medicine
USCIS Designated Civil Surgeon

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
FAX: (914) 500-6570
Sat, Tues and Thursday:
1:00PM- 8:00PM

JAMAICA
167-10 HIGHLAND AVE
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
FAX: (718) 558-0290
Mon, Wed & Friday:
11:00AM to 5:00PM

Office Hours
Sat, Tues and Thursday: 1:00PM- 8:00PM
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

Available on call 24 hours a day, 7 days a week 365 days a year

---

ড্রাইভিং লাইসেন্সের ১০০% গ্যারান্টি

ড্রাইভিং শিখতে ভয় পাচ্ছেন? বারবার ফেল করছেন? তাদেরকে চুক্তিতে থিয়োরি দিয়ে ও প্র্যাকটিক্যালি সরলভাবে শতভাগ নিশ্চয়তা সহকারে শেখানো হয়।



যোগাযোগ:
রাজীব খান
347-279-8327
nukdu345@gmail.com

Vital Accounting Inc.

File your Tax with experienced professional.

* Income tax:
* Individual/ Personal Tax (All states)
* Business Tax (Corporation, Partnership)
* Sales tax (Food Vendor, Corporation)
* Payroll Tax
* Business Incorporation
* Immigration Services



Atikur Rahman
Masters in Economics
MBA (Accounting), MAFM
Tel: 718-820-2212

37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372

আপাতত: বেইসমেন্টে অভিযান নয় : মেয়র

বাংলা পত্রিকা রিপোর্ট: হারিকেন আইদা'র প্রভাবে আকস্মিক বন্যায় সবচেয়ে বেশি ক্ষতিক্ষতি হয়েছে নিউইয়র্ক সিটির বেইসমেন্ট। বেইসমেন্টে পানি ঢুকে একরাতে প্রাণ হারান ১১ জন বাসিন্দা। এ বিপর্যয়ের পর বেইসমেন্টে নগরবাসীর বসতি নিয়ে সমালোচনার ঝড় বইছে। অভিযান চালিয়ে বেইসমেন্ট থেকে মানুষকে সরিয়ে নেয়ার দাবীও তুলেছেন কেউ কেউ।

অবৈধভাবে ভাড়া দেয়া বাসার মালিকদের জরিমানা'র দাবী উঠেছে।

তবে, সিটি মেয়র বিল ডি ব্লাজিও আপাতত বেইসমেন্টে অভিযান না চালিয়ে বাসা মালিকদের জরিমানা করতে অনিচ্ছুক। গত ৬ সেপ্টেম্বর বুধবার এ ঘোষণা দিয়ে মেয়র বলেন, ঝড়ের কারণে বাস্তুচ্যুত বাসিন্দারা এখন বাড়িতে ফেরার চেষ্টা করছেন। এ অবস্থায় চলতি বছর বাড়িওয়ালাদের কোন জরিমান করা হবেনা। নিউইয়র্ক শহরে ৫০ হাজারের বেশি অবৈধ বেইসমেন্টে এক লাশের বেশি মানুষ বসবাস করেন বলে ধারণা হয়।

করোনাভাইরাস মোকাবিলায়

(শেষের পাতার পর)

চিকিৎসাতেও কালোজিরার ব্যবহার হয়। রান্নাঘরের এক পরিচিত উপকরণ হলো কালোজিরা। সম্প্রতি বিজ্ঞানীদের আবিষ্কার করেছেন যে করোনা চিকিৎসায় কালোজিরা ব্যাপক কার্যকরী।

সিডনির ইউনিভার্সিটি অফ টেকনোলজির এক সমীক্ষায় দেখা যাচ্ছে, কালোজিরার মধ্যে এমন একটি উপাদান রয়েছে যা সার্স-কোভ-২ নামক করোনা ভাইরাস সৃষ্টিকারী ভাইরাসের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে পারে। এই বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা কানিজ ফাতিমা সাদের ভাষায়, "নানান অধ্যায়ন থেকে প্রমাণ মিলছে কালোজিরায় উপস্থিত থাইমোকিউনন নামক সক্রিয় উপাদান টি কোভিড এর স্পাইক প্রোটিনের সঙ্গে আটকে গিয়ে ভাইরাসটিকে ফুসফুসের সংক্রমণ ঘটানোর থেকে প্রতিরোধ করবে"।

ফিজিওলজি নামক জার্নালে এই সমীক্ষার রিপোর্ট প্রকাশ করে বলা হয় কালোজিরা ও থাইমোকুইনন কোভিড এর চিকিৎসায় আশার আলো দেখাচ্ছে। তবে কালোজিরার গ্যাস্ট্রোইনটেস্টাইনাল শোষণ হওয়ার কারণে এটি একটি থেরাপিউটিক এজেন্ট হিসেবে বিকশিত হবার পথে বাধাপ্রাপ্ত হচ্ছে। তবে ন্যানোটেকনোলজির মাধ্যমে এই বাধা কাটিয়ে ওঠার সুযোগ রয়েছে। সম্প্রতি কালোজিরা ওরাল মেডিকেশন হিসেবে কার্যকরী হয়েছে এবং রোগীদের মধ্যে ইতিমধ্যেই ন্যাজাল স্প্রে ও টপিক্যাল পেস্ট হিসেবে এর ডোসেজ চালু করা হয়েছে।

শুধু কোভিডের ক্ষেত্রেই নয় ইনফ্লুয়েঞ্জা ভাইরাস ও ত্বকে গুরুতর সংক্রমণ কারী ব্যাকটেরিয়া বিনাশেও কালোজিরা কার্যকরী। এছাড়াও উচ্চ রক্তচাপ, হাই কোলেস্টেরল এবং ডায়াবেটিস মেলিটাস এর চিকিৎসাতেও সমানভাবে কার্যকারী এই উপাদান। সাইনোসাইটিস, অষ্টিওআর্থাইটিস এবং শিশুকালীন এপিলেপসির চিকিৎসায়ও কালোজীরে সুফলদায়ী।

জেনে নিন নিয়মিত কালোজিরা খাওয়ার উপকারিতা:

পেটের সমস্যায়: নিয়মিত পেট খারাপের সমস্যা থাকলে কালোজিরা সামান্য ভেজে গুঁড়ো করে ৫০০ মিলিগ্রাম হারে ৭-৮ চা চামচ দুধে মিশিয়ে সকালে ও বিকেলে সাত দিন ধরে খেলে উল্লেখযোগ্য ফল পাওয়া যায়।

রোগ প্রতিরোধ ক্ষমতা: রোগ প্রতিরোধ ক্ষমতাকে শক্তিশালী করে কালোজিরা। নিয়মিত কালোজিরা খেলে শরীরের প্রতিটি অঙ্গপ্রত্যঙ্গ সতেজ থাকে। এতে করে যে কোনও জীবানুর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে দেহকে প্রস্তুত করে তোলে এবং সার্বিকভাবে স্বাস্থ্যের উন্নতি করে।

হাঁপানি বা শ্বাসকষ্ট জনিত সমস্যায়: যারা হাঁপানি বা শ্বাসকষ্ট জনিত সমস্যায় ভুগে থাকেন তাদের জন্য কালোজিরা অনেক বেশি উপকারী। প্রতিদিন কালোজিরার ভর্তা রাখুন খাদ্য তালিকায়। কালোজিরা হাঁপানি বা শ্বাস কষ্টজনিত সমস্যা দূর করে।

সর্দিতে: প্রচন্ড সর্দি হয়ে মাথা যন্ত্রণা হচ্ছে? এ ক্ষেত্রে কালোজিরা পুঁটলিতে বেঁধে শুঁকতে হবে। তবে পুঁটলিতে নেওয়ার আগে তা রগড়ে নিতে হবে। তাতে গন্ধ বের হয় এবং উপকার হয়।

মাথা ব্যথা: প্রচন্ড মাথা ব্যথা? কালোজিরে বেটে কপালে প্রলেপ দিলে ও মিহি গুঁড়োর নস্যি নিলে উপকার হয়।

চুলকানিতে: কালোজিরা ভাজা তেল গায়ে মাখলে চুলকানিতে উপকার হয়।

ডায়াবেটিক রোগীদের জন্য: কালোজিরা ডায়াবেটিক রোগীদের রক্তের গ্লুকোজ কমিয়ে দেয়। এতে করে কালোজিরা ডায়াবেটিক নিয়ন্ত্রনে রাখতে সহায়তা করে।

স্মৃতি দুর্বলতায়: স্মৃতিভ্রংশ ও স্মরণশক্তির দুর্বলতায় কালোজিরে খুব কার্যকর।

শিশুর বৃদ্ধিতে: শিশুদের কালোজিরা খাওয়ানোর অভ্যাস করলে দ্রুত শিশুর দৈহিক ও মানসিক বৃদ্ধি ঘটে।

প্রবীন প্রবাসী হাজী আব্দুল

(শেষের পাতার পর)

হাজী আব্দুল মালেক (৮৫) ইন্তেকাল করেছেন। ইন্নাল্লিলাহি ওয়া ইন্না ইলাহি রাজেউন। তিনি গত ৯ সেপ্টেম্বর বৃহস্পতিবার ইন্তেকাল করেন। তিনি দীর্ঘদিন ধরে আল্যামা রোগে ভুগছিলেন। নিউইয়র্কে বাংলাদেশী রেষ্টুরেন্ট ব্যবসায়ীদের মধ্যে তিনি প্রথম উদ্যোক্তা ছিলেন। তার ইন্তেকালে কমিউনিটিতে শোকের ছায়া নেমে এসেছে। তিনি সিলেটের গোলাপগঞ্জ উপজেলা'র সন্তান।

এদিকে মরহুমের নামাজে জানাজা গত শনিবার ব্রুকলীনের আল আমান ইসলামিক সেন্টারে বাদ জোহর তার নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। তিনি মদিনা মসজিদের চারবার সভাপতির দায়িত্ব পালন করেন।

হাজী আব্দুল মালেকের ইন্তেকালে মদিনা মসজিদ পরিচালনা কমিটির সভাপতি এডভোকেট নাসির উদ্দিন ও সেক্রেটারী এনায়েত হোসেন জালাল গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন। এছাড়াও এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির সভাপতি সোহেল আহমেদ ও সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিনও শোক ও সমবেদনা প্রকাশ করেছেন।

হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, **বাংলাদেশ সুপ্রীমকোর্ট**)।

ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
৩৪৭-৮৪৯-৭৫২৩

Income Taxes & Immigration

আমরা অত্যন্ত সততা ও দক্ষতার সহিত নির্ভুল তথ্যের ভিত্তেতে ইনকাম ট্যাক্স রিটার্ণ করে থাকি। অধিক রিফান্ডের লোভে ভুল তথ্য দিয়ে ফেডারেল ও স্টেটের অডিটের ঝামেলায় না গিয়ে সঠিক তথ্যের ভিত্তিতে ট্যাক্স রিটার্ণ করে ঝামেলা মুক্ত থাকুন।



নিউইয়র্কে বাড়ি ক্রয় বিক্রয় আবাসিক ও কমার্শিয়াল, রিয়েল এস্টেট এজেন্ট, নোটারী পাবলিক।

Md. Harunur Rashid (Milon)
MSS.Pol.Science
ITP.CUNY, H&R Block
Cell: 718-341-3927
Email: harunur69@aol.com

RASHID ENTERPRISE
Bangladesh Plaza, 2nd Fl., #206, 37-15,73rd Street, Jacksone Heights, NY 11372
Tel: 718-458-0575, Fax: 347-642-3276

আমাদের নিকট নিম্নলিখিত সেবা পাবেনঃ

ইমিগ্রেশনঃ
ফ্যামিলি পিটিশন ও কে-ভিসা
রিমোভ কন্ডিশন
এফিডেভিট অব সাপোর্ট
বিনা পরীক্ষায় সিটিজেনশীপ
এমপ্লয়মেন্ট অথরাইজেশন
সিএসএস লুলাক
রিফিউজি, এসাইলম, গ্রীণকার্ড রিনিউ

AUTHORIZED IRS e-file PROVIDER
IRS authorised e-file provider

ইনকাম ট্যাক্সঃ
ব্যক্তিগত ও ব্যবসা
ট্যাক্সি ক্যাব ও ফুড ভেন্ডার
পার্টনারশীপ, কর্পোরেশন
পেরোল এন্ড সেলস ট্যাক্স
ব্যবসা সেটআপ
কর্পোরেশন ও এলএলসি গঠন

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



ভ্রমণ

নায়াগ্রা ফলস, অরল্যান্ডো ডিজনি, মায়ামি, কী ওয়েস্ট, গ্রান্ড ক্যানিয়ন, লাস ভেগাস সহ আমেরিকার যে কোন স্টেটে ভ্রমণের জন্য যোগাযোগ করুন:

বাংলা ট্যুর
৩৪৭ ২৮০ ৭২৬৯

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00

প্যাকেজ-২
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00

প্যাকেজ-৩
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00

প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

নিউইয়র্কের টাইম স্কয়ারে হিন্দু সম্প্রদায়ের ব্যতিক্রমী প্রতিবাদ

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কের টাইম স্কয়ারে ঝুমন দাসসহ ডিজিটাল সিকিউরিটি আইনে আটকদের মুক্তির দাবিতে এক ব্যতিক্রমী প্রতিবাদ সমাবেশ করেছে প্রবাসী হিন্দু সম্প্রদায়। স্থানীয় সময় গত ৩ সেপ্টেম্বর শুক্রবার বিকেলে টাইম স্কয়ার প্রাঙ্গনে হরিনাম সংকীর্তনের সুরে সুরে প্রতিবাদ জানান সংগঠনের নেতাকর্মীরা।

যুক্তরাষ্ট্র হিন্দু কোয়ালিশনের আয়োজনে এই সমাবেশে যুক্তরাষ্ট্র হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ঐক্য পরিষদ, ফেডস অব বিজেপি, মহামায়া মন্দির, শ্রী কৃষ্ণ ভক্ত সংঘ, শ্রী কৃষ্ণ ভক্তসংঘ (ব্রঙ্কস), রাধামাধব মন্দির, গৌরনিতাই মন্দির, ব্রঙ্কস পূজা কমিটি, নিউইয়র্ক বুড্ডিস্ট টেম্পল, পূজা উৎযাপন পরিষদ ও গ্লোবাল বেঙ্গলী হিন্দু কোয়ালিশনের শতাধিক ভক্ত অংশ নেন।

সমাবেশে কমিউনিটি নেত শীতাংশু গুহ, নিতাই বাগচী, গোবিন্দ বানিয়া, দীনেশ মজুমদার, প্রকাশ গুপ্ত, দীপক দাশ, সুকান্ত দাশ টুটুল, রনবীর বড়ুয়া, ডা. প্রভাত দাস, আশীষ ভৌমিক, রমেশ নাথ, দ্বীজেন ভট্টাচার্য, দেবাশীষ দেবনাথ, সবিতা দাস, সুশীল সিংহা, সুশীল সাহা, প্রদীপ কুন্ড, প্রদীপ ভট্টাচার্য, বিষ্ণু গোপ, রনিজত সাহা, রুমা ভৌমিক, সাবিত্রী সাহা, কুমার বাবুল সাহা, বিশ্বজিৎ চক্রবর্তী, তরুন সাহা, তপন সেন প্রমুখ বক্তব্য রাখেন।

সমাবেশে ঝুমন দাসের নিঃশর্ত মুক্তি চেয়ে বক্তারা ডিজিটাল সিকিউরিটি আইনে আটক সকল সংখ্যালঘুর অবিলম্বে মুক্তি দেয়ার জন্য প্রধানমন্ত্রীর কাছে আহবান এবং সংখ্যালঘুদের বিভিন্ন দাবি-দাওয়া মেনে নেয়ার জন্যে বাংলাদেশ সরকারের প্রতি আহ্বান জানান।





আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD
Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD
Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট, TLC/Motor Vehicle Exam, মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT — 8 Weeks Course, 4 Hours Each Class, Total 32 Classes (4 days/week), Total Cost : $2000.00, Time : 2 pm to 6 pm

SHSAT — 8 Weeks Course, 5 days/week, Total Cost : $2000.00, Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH — 1st Grade to 6th Grade, 8 weeks course, 3 Hrs./day, 4 days/week, Cost : 600.00

Get 25% Discount sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education Is Our Priority!

Congratulations to all our Students who made into Specialized High School



Mohammed M. Alam
M.Com (Management). LL.B

জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস
167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432
Tel: 718-480-3313, Cell: 917-600-4937
Email: mahbubtax@yahoo.com

AUTHORIZED IRS e-file PROVIDER

ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী

আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্‌স ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোর্ট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পূরনে সহায়তা করা হয়।

কন্ডো বিক্রয়

ব্রঙ্কস, পার্কচেস্টার, নিউইয়র্ক, ১ বেডরুমের কন্ডো বিক্রয় হবে। ৬ ট্রেন সাবওয়ে এবং মেসির নিকটে। Asking price $210000. Please contact # **934-234-7361**

সেমিবেসমেন্টভাড়া

ব্রঙ্কস পার্কচেস্টার কাছে ৬ ট্রেনে ২২৫৭ নিউ বল্ড এভিনিউ সেমিবেসমেন্ট ২ বেড রুমের বাসা ভাড়া হবে। **যোগাযোগঃ ৭১৮-৮৬৪-৭৩৬৭**

আবশ্যক

এলমহার্স্টে একটি মেডিক্যাল অফিসের রিসেপশনিষ্ট হিসেবে পার্ট টাইম লোক আবশ্যক। প্রয়োজনে প্রশিক্ষণ দেওয়া হবে। যোগাযোগ: ৭১৮-৭৪৯-৪৭৭২
আ-১৬/২৩

আবশ্যক

ব্রঙ্কসের ১৭০৮ ইউনিভার্সিটি এভিনিউস্থ একটি ফ্রাইড চিকেন এন্ড পিজা স্টোরের ফ্রন্ট ও ব্যাক পজিশনে কাজ করার জন্য লোক আবশ্যক। যোগাযোগ: ৩৪৭-৬৫৪-২৩৬১
আ-১৬/২৩/৩০

তান্দুরী শেফ আবশ্যক

আলবেনীতে একটি বাংলাদেশী রেষ্টুরেন্টে একজন তান্দুরী শেফ আবশ্যক। থাকা ফ্রি বেতন আলোচনা সাপেক্ষে। যোগাযোগ: মি. রহমান (৫১৮-৫০৬-৯৮৮২)
আ-১৬/২৩

সেমিবেসমেন্টভাড়া

১৯০ স্ট্রীট এবং ৯০ এভিনিউ, ইসাইবনে মরিয়ম মসজিদের পাশে ২ বেডরুমের সেমিবেসমেন্ট সাথে কিচেন এবং বাথসহ ভাড়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৬২৪-৩১৩৫

রুম ভাড়া

কুইন্সের পার্সন্স বলেভার্ড ও হিলসাইড এভিনিউ এলাকায় কর্মজীবি সিঙ্গেল অথবা স্বামী স্ত্রী'র কাছে একটি প্রাইভেট হাউজের রেনোভেটেড রুম ভাড়া হবে (দুটি ফুল বাথরুম আছে)। নিরাপদ ও শান্তিপূর্ণ পরিবেশ। যোগাযোগ: ৯১৭-৮০৬-৪৩৮৮
আ-০২

রুম ভাড়া

করোনায় সেভেন ট্রেন সাবওয়ে থেকে দুই ব্লক দূরে একটি এপার্টমেন্টের এক বেডরুম একজন কর্মজীবির পুরুষের কাছে ভাড়া দেওয়া হবে। মাসিক ভাড়া ৩৫০ ডলার (গ্যাস ও ইলেক্ট্রিসিটি অন্তর্ভুক্ত নয়)। বাসায় গেষ্ট নেওয়া যাবে না। যোগাযোগ: ৭১৮-৫০৭-৪১৬৯
আ-০২

এপার্টমেন্ট ভাড়া

এস্টোরিয়ার ৩১-১৩ ২১স্ট্রীট ঠিকানার তিন বেডরুম, লিভিং রুম, কিচেন, একটি ফুল বাথ-এর এপার্টমেন্টে বাসা (থার্ড ফ্লোর) ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৯১৭-৫৪১-১৭৭৯
আ-০২

আবশ্যক

নিউইয়র্কের বেসাইড এলাকায় সেভেন ইলেভেন/গ্যাস ষ্টেশন-এ কাজ করার জন্য জরুরী ভিত্তিতে পার্ট টাইম/ফুল টাইম লোক আবশ্যক। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৫৯৮৯
আ-০২

বাসা ভাড়া

ইষ্ট এলহার্স্ট-এর নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ ও ৩২ এভিনিউর উপরে প্রথম তলায় একটি দুই বেডরুমের বাসা ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩
আ-০২

এপার্টমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৪৬ স্ট্রীট এবং ১০৫ এভিনিউতে তিন বেডরুম এবং দুই বাথরুমের এপার্টমেন্ট ভাড়া দেওয়া হবে। তিন ব্লকের মধ্যে এলআইআরআর এয়ার ট্রেন এবং সাবওয়ে। যোগাযোগ: ৭১৮-৮৮৬-০৮৫৪
জুলা-০৫/১২

রুমমেট চাই

ব্রুকলীনের চার্চ-ম্যাকডোনাল্ডের সন্নিকটে ৪৬৫ ওশান পার্কওয়ে অ্যাপার্টমেন্ট বাসায় বিশাল একটি রুমে অধুমপায়ী পুরুষ রুমমেটের নিকট ভাড়া দেওয়া হবে। যোগাযাগে: ৬৩১-৫৬৮-১১৭৩
জু-২৮/জু-০৫

মহিলা হাউস কিপার আবশ্যক

কুইন্সে ছোট পরিবারের জন্য একজন মহিলা হাউস কিপার আবশ্যক। মান সম্পন্ন রান্না অঅর সাধারণ পরিচ্ছন্নতার কাজ। সপ্তাহে ৫/৬দিন কাজ। বেতন এবং সময়সূচী আলোচনা সাপেক্ষে। যোগাযোগ: ৭১৮-২০৭-৩৭৫৭
জু-২৮/জু-০৫

অ্যাটিক ভাড়া

ব্রঙ্কসের পার্কচেষ্টার এলাকায়, জেরেগা সাবওয়ে থেকে মাত্র দুই ব্লকের মধ্যে এক বেডরুম, এক বাথরুম, লিভিং রুম, ডাইনিং স্পেস ও কিচেন সহ অ্যাটিক ভাড়া দেয়া হবে। বাংলাদেশী গ্রোসারী, মসজিদ ও স্কুল এক ব্লকের মধ্যে।
জু-২৮/জু-০৫

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকা স্টেটের ৮৭ এভিনিউ এবং ১৮৮ স্ট্রীটের মাঝে দুই বেডরুমের বেসমেন্ট আগষ্ট মাস থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৬০৭-৩১৯৮ অথবা ৩৪৭-৫৫৮-৭৭৪
জু-২৮/জু-০৫

ইয়েলো ট্যাক্সি মেডালিয়ন বিক্রি

গাড়ীসহ হুইলচেয়ার ট্যাক্সি মেডালিয়ান বিক্রয় হবে। আগ্রহী ব্যক্তি যোগাযোগ করুণ। মূল্য আলোচনা সাপেক্ষ। যোগাযোগ: ৩৪৭-৩৪৫-৮৭০০
আ-৩০/সে-০৬

আবশ্যক

একটি গ্যাস ষ্টেশনে কাজ করবার জন্য ফুল টাইম কেশিয়ার আবশ্যক। বিনিয়োগ করতে ইচ্ছুক হলে আলোচনা সাপেক্ষে তাকে পার্টনারশীপ দেয়া যেতে পারে। যোগাযোগ: **৯১৭-৭৪৪-৭৩০৮**

বেসমেন্ট ভাড়া

কুইন্সের জ্যামাইকায় ২ বেডরুম/১ বেডরুমের বেসমেন্ট ছোট পরিবারের কাছে ভাড়া দেওয়া হবে। (হিন্দু হলে ভালো হয়। কারণ বাসার সবাই হিন্দু)। যোগাযোগ: গোপ (৩৪৭-৬০৫-৯৫৮২)
আ-৩০/সে-০৬

আবশ্যক

বাংলাদেশী পরিবারের একটি দশ বছরের বাচ্চাকে সোমবার থেকে শুক্রবার বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৮টা পর্যন্ত দেখাশুনা করার জন্য একজন বাংলাদেশী মহিলা প্রয়োজন। ৩৫-৪৭ বছর বয়সী প্রার্থীকে ভালো ইংলিশ জানতে হবে। সেলারী ১৭ ডলার ঘন্টা। যোগাযোগ: ৯১৭-২৮৫-৩৭৯৪ অথবা ৩৪৭-৫৭৯-৯৮৭৮
জু-২৮/জু-০৫

বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজের নিরিবিলি পরিবেশে দুজন থাকার জন্য বেসমেন্ট স্টুডিও এপার্টমেন্ট সকল ইউটিলিটি ও ইন্টারনেট ভাড়া হবে। কিউ২ ও কিউ৮৩ বাস কাছাকাছি। ভাড়া ১১০০ ডলার। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৭৩৩৯ অথবা ৩৪৭-৯২৩-১২৯৯
জুন-২১/২৮

বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজের ১৬০-১৯ ৭৬ এভিনিউতে বেসমেন্ট স্টুডিও এপার্টমেন্ট ইউটিলিটি এবং ইন্টারন্টে ২জনের কাছে ভাড়া হবে। কিউ-২ এবং কিউ-৮৩ কাছাকাছি। শান্ত পরিবেশ। যোগাযোগ: ৩৪৭-৭৪৪-৭৩৩৯ অথবা ৩৪৭-৯২৩-১২৯৯
জুন-১৪/২১

বাসা ভাড়া

জ্যামাইকার হিলসাইড এভিনিউ ও হাইল্যান্ড এভিনিউর মাঝে ১৬৯ স্ট্রীটে ৩ বেডরুমের বাসা জুলাই মাস থেকে ভাড়া দেওয়া হবে। লিভিং রুম, ডাইনিং, কিচেন ২ বাথরুম সহ। যোগাযোগ: ৯২৯-৩৯৮-৮২৮৩
জুন-১৪/২১

বাসা ভাড়া

ওজোনপার্কের ১০৬-২৪ ৭৫ স্ট্রীটের সেকেন্ড ফ্লোরে এক বেডরুমের বাসা জুলাই মাস থেকে ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭-৬০৩-৩১৯৭ অথবা ৩৪৭-৫৫৮-৬৭৭৪
জুন-১৪/২১

লোক আবশ্যক

জমজমাট রেস্টুরেন্ট এবং ভালো পরিবেশে কাজের জন্য জারুরী ভিত্তিতে অভিজ্ঞ তান্দুরী শেফ আবশ্যক। **যোগাযোগঃ +১ (৫১৬) ৯৭৪-৬৮৭২**

রেস্টুরেন্ট বিক্রি

জমজমাটপূর্ণ খুবই ভালো লোকেশনে একটি রেস্টুরেন্ট বিক্রি হবে। **যোগাযোগঃ +১ (৫১৬) ৯৭৪-৬৮৭২**

বাড়ী বিক্রি

কুইন্স ভিলেজের ৮৯-৫৩ ২০৮ স্ট্রীটে ২২০০ স্কয়ার ফিট সেমি ডিটাচ ৩ বেডরুম, ১.৫ বাথরুম, লিভিং রুম, ডাইনিং রুম, ইট এন্ড কিচেন, ফুললী ফার্নিসড বাড়ী মালিক কর্তৃক বিক্রি হবে। মূল্য: ৬৯৫,০০০ ডলার। যোগাযোগ: ৯১৭-৯৩২-৫৭৪২ (তাহসিন) অথবা ৩৪৭-৯১২-৩১৯৫ (ইসরাত) জুন-১৪/২১

বাসা ভাড়া

ইস্ট এলমহাসবট এর নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্ট্রীটটের উপর দোতালায় একটি এক বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩
জুন-১৪/২১

স্টুডিও ভাড়া

জ্যামাইকার ১২৫ স্ট্রীট ও হিলসাইড এভিনিতে স্বামী-স্ত্রী বা কর্মজীবী মহিলার কাছে স্টুডিও রুম ভাড়া দেওয়া হবে। জুন-০৭/১৪

আবশ্যক

নর্থ ব্রঙ্কসের একটি কন্সট্রাকশন কোম্পানীতে কাজের জন্য পুরুষ ও মহিলা কর্মী আবশ্যক। বেতন যোগ্যতা অনুসারে। যোগাযোগ: ৯১৭-৪১৬-৫৯৩৯
আ-০২/০৯

HELP WANTED
A growing New York based company looking for an well motivated individual for it's **Sales and Customer Service** position. Candidates with some of the Sales, Marketing and Customers handling experience will be given priority. Pay may start at 20.00 - 25.00 per hour, space to learn and such potential to grow. It is a full time in-office job. Excellence in rapport and communication skill is a must. Total position available: 3 (three).

email: sunjob2016@gmail.com
Text: 917 468-3317

আবশ্যক

জ্যামাকাইকার একটি গ্রোসারী স্টোরে কাজ করার জন্য একজন লোক আবশ্যক। লটো ও কুইক ড্র বিষয়ে অভিজ্ঞ হতে হবে। যোগাযোগ:
৬৪৬-৩৩৮-৭১৩৬
আ-২৩/৩০

অবশ্যক:
কুইন্সে খুবই চোট একটা পরিবারের জন্য একজন মহিলা কুক (Cook) অবশ্যক। মান সমপন্ন রান্না (fine cookings) এবং সাথে হাউসকিপিং এর কাজ। সপ্তাহে কয় দিন, আওয়ারস এবং বেতন সাক্ষাতে আলোচনা হবে।
Call: 718 207-3757

আবশ্যক

ফ্লোরিডার কিওয়েষ্ট-এ গ্রোসারী স্টোরে কাজের জন্য জরুরী ভিত্তিতে লোক আবশ্যক। ভালো সুযোগ-সুবিধা সহ থাকার ব্যবস্থা রয়েছে। শান্তিপ্রিয় এলাকা, জিরো ক্রাইম, যাতায়াতের জন্য গাড়ীর প্রয়োজন নেই। বাসা থেকে স্টোর হাঁটা পথ। প্রার্থীর কমপিউটার ব্যবহার জানা থাকলে ভালো।

যোগাযোগ: ৩০৫-৮৯৬-৯৫৪৭

জুন-২১/২৮

বিনামূল্যে হেলথ ইন্স্যুরেন্স চান

আপনি কি বিনামূল্যে নিউইয়র্ক ষ্টেট অনুমোদিত হেলথ ইন্স্যুরেন্স পেতে চান? তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে হেলথফাস্ট, ফিডালিস কেয়ার, মেট্রোপ্লাস, ইউনাইটেড হেলথ কেয়ার সহ অন্যান্য ইন্স্যুরেন্স প্লান পেতে সহায়তা করব!

শেখ সিরাজ, বাংলাদেশ সেন্টার
Bangladesh Center Inc
ফোন: ৯১৭-৫৪৭-৬৮৩২

মুসলিম কাজী অফিস

Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

MATRIMONIAL SERVICE

কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444



রাস্তা থেকে জিয়ার নামফলক নামিয়ে নিল বাল্টিমোর সিটি কর্তৃপক্ষ

(শেষের পাতার পর)

সারাটোগা স্ট্রিটের উপর "জিয়াউর রহমান ওয়ে' নামফলক লাগিয়েছিল বাল্টিমোর সিটি কর্তৃপক্ষ। কিন্তু আওয়ামী লীগ নেতা-কর্মীদের তীব্র প্রতিবাদের মুখে গত ৯ সেপ্টেম্বর বৃহস্পতিবার সেই নামফলক নামিয়ে নিতে বাধ্য হয়েছে বাল্টিমোর সিটি কর্তৃপক্ষ। এই ঘটনায় কমিউনিটিতে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নেতৃবৃন্দ বলছে, স্বাধীন বাংলাদেশের প্রথম স্বৈরশাসক, 'জাতির জনক' বঙ্গবন্ধুর হত্যাকারী, আদালত কর্তৃক স্বীকৃত ঠান্ডা মাথার খুনি জিয়াউর রহমানের নামে কোনো সভ্য দেশে রাস্তার নামকরণ হতে পারেনা বিধায় স্বাধীনতার স্বপক্ষের তীব্র প্রতিবাদের মুখে নামফলক নামিয়ে নেয় বাল্টিমোর সিটি কর্তৃপক্ষ।

অপরদিকে বিএনপি নেতৃবৃন্দ বলছেন, জিয়াউর রহমান (বীরোত্তম) বাংলাদেশের স্বাধীনতার ঘোষক, বীর মুক্তিযোদ্ধা, শহীদ রাষ্ট্রপতি তিনি আওয়ামী প্রতিহিংসার শিকার। বাল্টিমোর সিটি কর্তৃপক্ষ-কে আওয়ামী লীগের লোকেরা ভুল বুঝিয়ে, মিথ্যা তথ্য দিয়ে "জিয়াউর রহমান ওয়ে' নামফলক প্রত্যাহার করতে বাধ্য করেছে।

অভিনন্দন: এদিকে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড.সিদ্দিকুর রহমান ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ এক বিবৃতিতে বলেছেন- মেরিল্যান্ডের বাল্টিমোর সিটিতে গত মাস তিনেক আগে একটি স্ট্রিটের ভগ্নাংশের নামকরণ করা হয় 'খুনি' জিয়াউর রহমানের নামে। স্বৈরাচার, খুনি জিয়াউর রহমানের নামে এই নামকরণের বিরুদ্ধে সমগ্র যুক্তরাষ্ট্রে বসবাসকারী দেশ প্রেমিক আওয়ামী নেতাকর্মীরা ঘৃণা প্রকাশ করে আসছে। ফলশ্রুতিতে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের প্রাক্তন সাধারণ সম্পাদক শামীম চৌধুরী এই নামকরণ অপসারণের প্রক্রিয়া শুরু করেন এবং আজ (৯ সেপ্টেম্বর) এই ঘৃণিত ব্যক্তির নাম অপসারিত হয়।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের প্রচার সম্পাদক দুলাল মিয়া এনাম প্রেরিত বিবৃতিতে নেতৃদ্বয় আরো বলেন, 'এই প্রক্রিয়ায় আরো জড়িত ছিলেন বঙ্গবন্ধু ফাউন্ডেশনের যুক্তরাষ্ট্র সভাপতি এবং মেট্রো ওয়াশিংটন আওয়ামী লীগের প্রাক্তন সভাপতি ড. খোন্দকার মনসুর, মেরিল্যান্ড স্টেট আওয়ামী লীগের সভাপতি শেখ সেলিম এবং সাধারণ সম্পাদক তাপস মজুমদার এবং আরও যারা এ ব্যাপারে সহযোগিতা বা অংশগ্রহণ করেছেন সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করছি।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সকল নেতাকর্মীদের পক্ষ থেকে আমরা আবারও উপরোক্ত সবাইকে প্রাণঢালা অভিনন্দন এবং ধন্যবাদ জানাচ্ছি তাদের এই যুগান্তকারী পদক্ষেপের জন্য। সেই সঙ্গে ভবিষ্যতেও আমরা এই প্রবাসের মাটিতে যে কোন অযৌক্তিক কর্মকান্ড সন্মিলিতভাবে প্রতিহত করার প্রত্যয় ব্যক্ত করছি।'

যেভাবে জিয়ার নাম অপসারণ করা হলো

(শেষের পাতার পর)

মেয়র মি. ব্রেনডন স্কট যুক্তরাষ্ট্র বিএনপির চাপে এবং তাদের দেওয়া মিথ্যা তথ্যের ভিত্তিতে সেই শহরের একটি সড়কের নাম রেখেছিলেন 'জিয়া ওয়ে'। খবরটি পেয়ে অবাক এবং মর্মাহত হয়েছিলেন আওয়ামী লীগের দপ্তর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া, তথ্য ও গবেষণা সম্পাদক ড. সেলিম মাহমুদ, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের নেতারা, বিশেষ করে দপ্তর সম্পাদক মোহাম্মদ আলী সিদ্দিকী এই ভেবে যে, যুক্তরাষ্ট্রের মতো একটি গণতান্ত্রিক দেশে অন্য দেশের একজন সামরিক স্বৈরশাসকের নামে রাস্তা হতে পারে না। তারা প্রতিজ্ঞা করেন এই নাম অপসারণ করার সব চেষ্টাই করতে হবে।

তিনি ঢাকায় বিভিন্নজনের সঙ্গে যোগাযোগ করেন। সেটার ধারাবাহিকতায় সপ্তাহ তিনেক আগে এক দিন ড. সেলিম মাহমুদ এবং ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া এবং আওয়ামী লীগের আইনবিষয়ক উপকমিটির সদস্য অ্যাডভোকেট কুমার দেবল আমার বাড়ি এলে আমরা কৌশল নির্ধারণ করি। আমার ওপর দায়িত্ব প্রদান করা হয় আমাদের হাই কোর্ট-সুপ্রিম কোর্ট জিয়াউর রহমান সম্পর্কে যেসব নিন্দামূলক মন্তব্য করেছে, সেগুলো সংক্ষিপ্ত আকারে বালটিমোর মেয়রের কাছে পাঠানোর। আমি সেই মতে বাল্টিমোরের মেয়র সাহেবকে যা লিখলাম তা হলো এই যে, ২০১১ সালের মার্চ মাসে হাই কোর্ট বিভাগ এক মামলার রায়ে জিয়াউর রহমানকে ঠান্ডা মাথার খুনি বলে উল্লেখ করে।

আমার লেখায় আমি আরো উল্লেখ করি যে, পঞ্চম এবং সপ্তম সংশোধনী মামলার রায়ে আমাদের সর্বোচ্চ আদালতের আপিল এবং হাই কোর্ট বিভাগ জিয়া, মোশতাক এবং বিচারপতি সায়েম এই তিনজনকে অগণতান্ত্রিক এবং অসাংবিধানিক পন্থায় বন্দুকের জোরে ক্ষমতা দখল করার দায়ে শুধু ভর্ৎসনাই করেনি বরং তাদের রাষ্ট্রদ্রোহী বলেও আখ্যায়িত করেছে। রায়ে বলা হয়েছে, এদের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের এবং অসাংবিধানিক প্রক্রিয়ায় ক্ষমতা দখলের জন্য মামলা হওয়া উচিত এবং জনগণ যেন সর্বকাল তাদের ঘৃণার চোখে দেখে। উচ্চ আদালতসমূহ আরো বলেছে, জিয়া গং তাদের শপথ ভঙ্গ করে আগ্নেয়াস্ত্রের জোরে ক্ষমতা দখল করে দেশে সংবিধানের এবং গণতন্ত্রের অগ্রযাত্রাকে ব্যাহত করেছে। আইন অনুযায়ী জিয়া গংদের কোনো যোগ্যতা ছিল না দেশের রাষ্ট্রপতি হওয়ার, যা করে তারা শপথ ভঙ্গের অপরাধে অপরাধী।

বঙ্গবন্ধু হত্যায় জিয়ার ভূমিকার কথা উল্লেখ করে আমি উল্লেখ করি যে, বঙ্গবন্ধু হত্যা মামলায় দেওয়া সাক্ষ্যগুলো নিরঙ্কুশভাবে প্রমাণ করে যে, 'জাতির জনক'-এর হত্যায় জিয়ার প্রত্যক্ষ ভূমিকা ছিল, যে কথা কি না জিয়ার অতি আপনজন ব্যারিস্টার মওদুদ আহমদ তার পুস্তক 'চ্যালেঞ্জ অব ডেভেলপমেন্ট'-এ পরিষ্কার করেই লিখেছেন। এ ছাড়াও ১৯৭৬ সালের ২ আগস্ট লন্ডনে এক টেলিভিশন টকশোতে দুজন খুনি যথা কর্নেল ফারুক এবং রশিদ অকপটেই প্রকাশ করেছে যে, তারা জাতির পিতার হত্যা পরিকল্পনা নিয়ে তৎকালীন দ্বিতীয় সেনাপ্রধান জিয়ার সঙ্গে আলাপ করেছে এবং জিয়া তাদের পুলিশে না দিয়ে বরং উৎসাহিত করে তখনই রাষ্ট্রদ্রোহের অপরাধ করেছিল। তদুপরি ১৯৭৬ সালের ৩০ মে লন্ডনের বহুল প্রচারিত 'সানডে টাইমস' পত্রিকায় এক পূর্ণ পৃষ্ঠা লিখনীর মাধ্যমে সাজাপ্রাপ্ত খুনি কর্নেল ফারুক জাতির পিতা হত্যায় জিয়ার ভূমিকার বিশদভাবে উল্লেখ করে। তাছাড়াও প্রথমে মোশতাক এবং পরে জিয়া খুনিদের বিচারের হাত থেকে রক্ষা করার জন্য প্রথমে ইনডেমনিটি অধ্যাদেশ এবং ১৯৭৯ সালে ইনডেমনিটি আইন প্রণয়ন করেছিল, যার কারণে জাতির পিতা হত্যা মামলা ২১ বছর করা যায়নি। পরে বর্তমান সরকার ক্ষমতায় এসে সে আইন বাতিল করার পর বিচার হয়। তদুপরি জিয়া জাতির পিতা হত্যাকারীদের পদোন্নতি দিয়ে বাংলাদেশের বিভিন্ন দূতাবাসে লোভনীয় পদে পদায়ন করেছে, যে ঘটনাসমূহ নিস্ক্রিদ্রভাবে প্রমাণ করে যে, জিয়া জাতির পিতা হত্যায় জড়িত ছিল, যে কথা হাইকোর্টে সাক্ষী দেওয়ার সময় বিশ্ববিখ্যাত আমেরিকান নাগরিক সাংবাদিক লরেন্স লিপসুলজও বলেছেন। অন্যান্য মামলার রায়েও হাই কোর্ট উল্লেখ করেছে যে, জিয়া সহস্রাধিক মুক্তিযোদ্ধাকে প্রহসনের বিচারের মাধ্যমে বস্তুত হত্যা করেছে। এমতাবস্থায় আব্রাহাম লিংকনের দেশে, প্রধান বিচারপতি জন মার্শালের দেশে অন্য দেশের একজন অস্ত্রের জোরে ক্ষমতা দখলদারের নামে, যাকে সে দেশের সর্বোচ্চ আদালত একজন খুনি, একজন দেশদ্রোহী, গণতন্ত্রের এবং সাংবিধানিক প্রক্রিয়া ব্যাহতকারী হিসেবে আখ্যায়িত করেছে, তার নামে কোনো সড়ক থাকতে পারে না।

অন্যদিকে সিদ্দিকী সাহেবসহ যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নেতারাও বহু স্বাক্ষর সংবলিত একটি প্রতিবাদলিপি পাঠালে বাল্টিমোরের মেয়র সাহেব দুটি প্রতিবাদলিপি এবং তার সঙ্গে সংযুক্ত সমস্ত তথ্য-উপাত্ত, যথা হাই কোর্ট, সুপ্রিম কোর্টের রায়, পর্যালোচনা করে আমাদের সঙ্গে জুম প্ল্যাটফরমে আলাপ করার সিদ্ধান্ত নিলে আমরা কজনা, যথা যুক্তরাষ্ট্র থেকে মোহাম্মদ আলী সিদ্দিকী, শামীম চৌধুরী, ড. প্রদীপ রঞ্জন কর, মঞ্জুর চৌধুরী, অ্যাড. শাহ মোহাম্মদ বখতিয়ার, এম এ করিম জাহাঙ্গীর, জালাল উদ্দিন জলিল, টি মোল্লা, রুমানা আক্তার, শহিদুল ইসলাম ছাড়াও বাংলাদেশ থেকে যোগদান করেন বিচারপতি শামসুদ্দিন চৌধুরী মানিক (এই প্রবন্ধের লেখক) এবং সুচিন্তা ফাউন্ডেশনের সভাপতি অধ্যাপক মোহাম্মদ এ আরাফাত। ওই জুম মিটিংয়ে অংশগ্রহণ করে আমাদের দাবি উত্থাপন করি। বাল্টিমোর মেয়রের পক্ষে ছিলেন ক্যাটলিনা রদ্রিগেজ, ডেভিড লিয়াম প্রমুখ। ওই ভার্চুয়াল অনুষ্ঠানে সবার কথা ও মতামত শোনার পর মেয়রের পক্ষে পরিষ্কার ঘোষণা দেওয়া হয় যে, 'জিয়া ওয়ে' নামে যে সড়কটির নামকরণ করা হয়েছিল, তা মুছে দেওয়া হলো এবং সড়কের দেয়াল থেকে 'জিয়া ওয়ে' নামের নেমপ্লেটও বিনা বিলম্বে তুলে নেওয়া হবে।

ওই সিদ্ধান্ত নিশ্চিতভাবে বাংলাদেশের গণতান্ত্রিক শক্তির জয়। কেননা আদালত কর্তৃক ঘোষিত একজন খুনি, বন্দুকের জোরে ক্ষমতা দখলদার স্বৈরশাসকের নামে পৃথিবীর কোনো গণতান্ত্রিক দেশের রাস্তার নাম থাকতে পারে না। এই মহৎ কাজে যারা অংশ নিয়েছেন তারা সবাই সাধুবাদ পাওয়ার দাবিদার।

লেখক: বাংলাদেশের আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি।

বাংলাদেশ সোসাইটি'র নির্বাচন ১৪ নভেম্বর : ইসি

(শেষের পাতার পর)

জল্পনা-কল্পনার পর ইসি নির্বাচনের নতুন তারিখ ঘোষণা করায় প্রাণ ফিরে এসেছে সোসাইটির সাথে সংশ্লিস্টদের। বিশেষ করে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী দুই প্যানেল 'রব-রুহুল' ও 'নয়ন-আলী' প্যানেলের প্রার্থীরা নতুন কৌশল নিয়ে মাঠে নামার প্রস্তুতি নিচ্ছেন।

উল্লেখ্য, বিগত ২০১৮ সালের ২০ অক্টোবর বাংলাদেশ সোসাইটি নিউইয়র্ক-এর কার্যকরী পরিষদের নির্বাচন অনুষ্ঠান হওয়ার কথা ছিলো। নির্বাচনে 'রব-রুহুল' ও 'নয়ন-আলী' প্যানেল ছাড়াও সভাপতি ও সাধারণ সম্পাদক পদে আরো দু'জন প্রার্থী অংশ নিচ্ছেন। নির্বাচন ঘিরে সোসাইটির তিন সদস্য যথাক্রমে আলী আকবর, জিআর চৌধুরী ও শফিকুল ইসলাম গত বছরের ১৮ অক্টোবর কুইন্স সুপ্রীম কোর্টে মামলা (ইনডেক্স নং ৭৮০৭/২০১৮) করেন। এদের মধ্যে দুজন 'নয়ন-আলী' প্যানেলের সদস্য প্রার্থী ছিলেন, ত্রুটির কারণে যাদের মনোনয়নপত্র বাতিল হয়েছিলো। মামলার বিবাদী ছিলেন বাংলাদেশ সোসাইটি ইনক ও নির্বাচন কমিশনের প্রধান এস এম জামাল ইউ আহমেদ এবং সোসাইটির সভাপতি কামাল আহমেদ।

মামলা পরবর্তী আইনগত ব্যবস্থার পাশাপাশি মহামারী করোনা পরিস্থিতির কারণে স্বাভাবিক কারনেই নির্বাচন পিছিয়ে পড়ে। ফলে হতাশা বিরাজ করে সোসাইটির সাথে সংশ্লিস্ট সহ প্রার্থীদের মধ্যে। সকল ঝামেলা মিটিয়ে এখন নির্বাচনের তারিখ ঘোষণা হওয়ায় সকল মহল চাঙ্গা হয়ে উঠেছে।

এদিকে সোসাইটির নির্বাচন কমিশনের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে: বাংলাদেশ সোসাইটি ইনক'র সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সোসাইটি ইনক এরনির্বাচন কমিশন ধারাবাহিক ভাবে আসন্ন নির্বাচনের দুই প্যানেলের প্রতিনিধি ও স্বতন্ত্র প্রার্থী, ট্রাস্টি বোর্ড ও কার্যকরী কমিটি, সোসাইটির সংবিধান সম্পর্কে অভিজ্ঞতা সম্পন্ন ব্যাক্তিবর্গ এবং সবশেষে সোসাইটির ট্রাস্টি বোর্ডের সাথে মতবিনিময় সভার সুপরামর্শে, নির্বাচন কমিশন সবদিক বিবেচনায় রেখে সোসাইটির অনাকাঙ্খিত ও বিলম্বিত নির্বাচন ভোট কেন্দ্র ও ভোটিংমেশিন পাওয়া স্বাপেক্ষে আগামি ১৪ নভেম্বর ২০২১, রবিবার সম্পন্ন করার সিদ্ধান্তগ্রহণ করেছে। অচিরেই পত্রিকার মাধ্যমেনির্বাচনী তফশীল ঘোষণা করা হবে। নির্বাচন কমিশন সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করছে। সোসাইটির নির্বাচন কমিশনার মো: রুহুল আমিন সরকার প্রেরীত এক প্রেস বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে।

ভুল ভুলে ভালোয় নজর

(শেষের পাতার পর)

পেরেছিলেন। তবে গত রোববার (১২ সেপ্টেম্বর) রাতে আই-পিএল খেলতে সংযুক্ত আরব আমিরাতের পথে রওনা হওয়ার আগে মাত্র তিন দিনের মুক্ত জীবনও অফুরন্ত ব্যস্ততায় কেটে গেছে সাকিব আল হাসানের। যে ব্যস্ততা ব্যবসায়ী সাকিবের, পণ্যদূত সাকিবেরও। ব্যবসার নানা দিগন্তে ডানা মেলতে থাকা এই অলরাউন্ডারকে আগের দিন দেখা গেছে একটি অ্যাসেট ম্যানেজমেন্ট কম্পানির উপদেষ্টা পরিষদে তাঁর অন্তর্ভুক্তির আনুষ্ঠানিক ঘোষণার অনুষ্ঠানে। পরদিন তিনিই আবার আরেক স্থানীয় হোটেলে ডিবিএল সিরামিকসের পণ্যদূত হয়ে হাজির। বাজার চাহিদাও এমন তুঙ্গে যে এন্ডোর্সমেন্টের দিক থেকে অন্য তারকাদের সঙ্গে ব্যবধানও ক্রমশ বাড়িয়েই চলেছেন আন্তর্জাতিক টি-টোয়েন্টির ইতিহাসে সর্বোচ্চ উইকেটশিকারি হিসেবে লাসিথ মালিঙ্গাকে ছাড়িয়ে যাওয়ার অপেক্ষায় থাকা বোলার। এ ক্ষেত্রে তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী তামিম ইকবাল যেখানে ১০টি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনে দেখা দেন, সেখানে সাকিবের সংখ্যাটি রোববার '২০' ছুঁয়ে ফেলল। সুরক্ষা বলয়ে টানা খেলার ঠাসা সূচির মধ্যে থেকেও ব্যবসা আর দূতিয়ালির জগতে সরব জীবন তাই কঠিনই হওয়ার কথা। সাকিব অবশ্য জানালেন, এই জীবনও সহজ করে নেওয়ার উপায় বের করে ফেলেছেন তিনি, 'ম্যানেজ করতে হয়, একজন পেশাদার খেলোয়াড়কে এসব ম্যানেজ করেই এখন চলতে হয়। তো সেই জিনিসটাই সেরা উপায়ে করার চেষ্টা করছি।'

তাঁর চেষ্টা থাকে মাঠেও নিজের সেরাটা উজাড় করে দেওয়ার। তবে বাংলাদেশ দলের ব্যাটসম্যানদের কেউই অস্ট্রেলিয়া এবং নিউজিল্যান্ড সিরিজে মিরপুরের ধীরগতির অসমান বাউন্সের উইকেটে সুবিধা করতে পারেননি। বোলারদের সৌজন্যে টানা দুটো সিরিজ জিতলেও ব্যাটিংয়ের দিক থেকে টি-টোয়েন্টি বিশ্বকাপের সেরা প্রস্তুতি হলো কি না, সে প্রশ্ন রয়েই গেছে। সাকিব নিজেও আগের দিন সে প্রশ্ন উসকে দেওয়ার মতো এমন মন্তব্য করেছেন, 'এ রকম উইকেটে কেউ ১০-১৫টি ম্যাচ খেললে তাঁর ক্যারিয়ারই শেষ হয়ে যেতে পারে।' যদিও এই ব্যাপারটি এক পাশে সরিয়ে রেখে তিনি জয়ের অভ্যাস গড়ে তোলার বিষয়টিকেও গুরুত্ব দিয়েছেন সর্বাধিক।

জয়ের অভ্যাস গড়ে উঠলেও মিরপুরের উইকেটে সিরিজ জিতে বাংলাদেশ আবার 'ফলস সেন্স অব কনফিডেন্স' নিয়ে বিশ্বকাপে যাচ্ছে না তো। টাইলসের পণ্যদূত হওয়ার অনুষ্ঠানে সংবাদমাধ্যমের এই জিজ্ঞাসার মুখেও পড়তে হলো সাকিবকে। জবাবে দৃষ্টিভঙ্গি বদলানোর অনুরোধই যেন জানাতে চাইলেন তিনি, 'দেখুন, আপনি যদি ভুল ধরতে চান, যেকোনো জিনিসেরই ভুল ধরা সম্ভব। সুতরাং ভুলটা একটু কম দেখে ভালোর দিকে যদি তাকান, তাহলে অনেক ভালো কিছু দেখতে পাবেন। আপনার দেখার দৃষ্টিটা আসলে কেমন, সেটি বুঝতে হবে।' সাকিব বরং অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডের বিপক্ষে সিরিজ জয়ে দেখা সম্মিলিত পারফরম্যান্সেই উদ্বুদ্ধ হলেন বেশি, 'আমার কাছে মনে হয়, সব ক্রিকেটারই কমবেশি পারফরম করছে এবং আমরা একটি দল হিসেবে খেলতে পারছি। এটিই জেতার বড় কারণ।'

প্রশ্ন থাকলেও টি-টোয়েন্টি র‍্যাংকিংয়ে বাংলাদেশ বড় এক লাফ দিয়েছে এই দুটি সিরিজ জয় দিয়েই। ১০ নম্বরে থাকা দল এক মাসের মধ্যেই উঠে এসেছে ৬ নম্বরে। বিশ্বকাপে ঠিক এই জায়গা থেকেই আবার শুরু করবে বাংলাদেশ। ওমানে অনুষ্ঠেয় প্রথম পর্ব শুরুর আগে সেখানে একটু আগেভাগেই প্রস্তুতি নিতে চলে যাবে বাংলাদেশ দল। সাকিব আর মুস্তাফিজুর রহমানের প্রস্তুতি অবশ্য অন্যদের তুলনায় জমাটই হওয়ার কথা, যেহেতু তাঁরা সংযুক্ত আরব আমিরাতে আইপিএল খেলবেন। ওই আসরে খেলার জন্য দেশ ছাড়ার আগে গতকাল সন্ধ্যায় বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) সভাপতি নাজমুল হাসানের সঙ্গী হয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গেও দেখা করতে গিয়েছিলেন, যা ছিল মাত্র তিন দিনের অবসরে প্রচন্ড ব্যস্ত থাকার শেষ ধাপ।

এ যে আমার দীর্ঘ প্রবাস জীবনে প্রথম!

(শেষের পাতার পর)

সুইজারল্যান্ড বলা হতো। নেটিভ আমেরিকান ক্রীড়াবিদ জেমস ফ্রান্সিস থর্পের নামে শহরটির নামকরণ করা হয়। যদিও জিম থর্প এই শহরে জন্মগ্রহণ করেননি, বেড়ে উঠেননি কিংবা তাঁকে এখানে সমাহিত করা হয়নি। তাঁর নামে শহরটির নামকরণ করা হয়েছে, কারণ তিনি ছিলেন প্রথম নেটিভ আমেরিকান ক্রীড়াবিদ যিনি অলিম্পিক স্বর্ণপদক জিতেছিলেন। ১৯১২ সালে অর্জন করা সম্মানজনক এই পদক পরের বছর, অর্থাৎ ১৯১৩ সালে তাঁর কাছ থেকে কেড়ে নেয়া হয়। ১৯০৯ এবং ১৯১০ সালে কিছু নিয়ম লঙ্ঘনই ছিল এর কারণ। জিমের মৃত্যুর ৩০ বছর পর সমর্থকদের দীর্ঘদিনের প্রচেষ্টা আর আইনি পদক্ষেপের হুমকির ফলে ১৯৮৩ সালে কর্তৃপক্ষ পদকটি ফিরিয়ে দেয় তাঁর পরিবারকে। বিশ শতকের প্রথমার্ধে জিম থর্পকে সর্বকালের সর্বশ্রেষ্ঠ ক্রীড়াবিদ হিসেবে ঘোষণা করা হয়েছিল। আমরা যখন 'জিম থর্প্ব শহরে পা রাখি, আমার ভেতরের বহুদিনের ঘুমন্ত খেলোয়াড়সুলভ মনটি জেগে উঠেছিল যেন। স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় জীবনের দুর্দান্ত সেই সময়গুলো ভেসে ওঠে চোখের সামনে। বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় একাধিকবার চ্যাম্পিয়ন হয়েছিলাম। আমার শহরের ইন্টারস্কুল হ্যান্ডবল, ভলিবল, ফুটবল খেলায় অংশগ্রহণ করেছি বহুবার। দেশ ছেড়ে আসার পর শোকেস ভর্তি আমার সকল অর্জন, পুরস্কার দেখে দেখে অশ্রুজল বিসর্জন দিতেন আমার মমতাময়ী মা। শহরটিতে পা রাখার মুহূর্তে আমার মনে হয়েছে, আমি যে শহরে দাঁড়িয়ে আছি, এটি প্রথম অলিম্পিক স্বর্ণপদক বিজয়ী একজন খেলোয়াড়কে সম্মান জানিয়ে তাঁর নামে নামকরণ করা শহর! যে শহরে আছে ছোট ছোট দোকান, রেস্তোরাঁ, মিউজিয়াম এবং লেহাই জর্জ সিনিক রেলপথ (lehigh Gorge Scenic Railway)।

আমরা পরিবার ও বন্ধুদের বিশাল বহর নিয়ে শনিবার বিকেলের শেষ ট্রেনটি ধরার উদ্দেশ্যে টিকেট কাটলাম। বাষ্পচালিত ইঞ্জিন আর ট্রেনের খোলা জানালায় বাতাসের বিপরীতে মুখ বাড়িয়ে প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করা, এ যে আমার দীর্ঘ প্রবাস জীবনে প্রথম! চারটা বেজে তিরিশে ট্রেনটি ছেড়ে যায়। আমরা মুগ্ধ হয়ে নৈসর্গিক সৌন্দর্য উপভোগ করছিলাম। ট্রেন হিশ হিশ শব্দে ছুটে চলছিল ওভার ব্রিজের উপর দিয়ে। নিচে স্রোতস্বিনী নদীর ফেনায়িত জল। লেহাই নদী। কখনো ঘন জঙ্গলে কিংবা পাথরের প্রাচীরের ভেতর ঢুকে পড়ছিল ট্রেনটি। জল গড়িয়ে পড়া পাহাড়ের পাশ ঘেঁষে যেতে যেতে মনে হয়েছে নিঃসঙ্গ পাহাড় কোনো অব্যক্ত বেদনায় শতাব্দীর পর শতাব্দী কেঁদে চলেছে অবিরত। দূরে, বহুদূরে দাঁড়িয়ে ছিল ঘন সবুজ 'পোকোনো মাউন্টেইন্স'। যাত্রীদের কেউ একজন বলছিল, শরত-হেমন্ত এই স্থান ভ্রমণের জন্যে সঠিক সময়। সেই সময় গাছের পাতা বর্ণিল রূপ ধারণ করে। তখন চারপাশটা অদ্ভুত সুন্দর দেখায়। ট্রেনটি লেহাই জর্জ স্টেট পার্ক পর্যন্ত গিয়ে থামে। স্বল্প বিরতিতে আবার উল্টোপথে ছুটে চলে গন্তব্যের উদ্দেশ্যে। বাচ্চারা আনন্দে চিৎকার করছিল। আমরা এতক্ষণ বাঁদিকের দৃশ্য দেখছিলাম। ফিরতি পথে জায়গা বদল করে ডানদিকের জানালার পাশে বসি। কখনো ঝোঁপের আড়ালে, কখনো নদীর উপর দিয়ে চলছি তো চলছি। আচমকা দূর থেকে ভেসে আসে জলের কলকল শব্দ। যতই নিকটে আসি, শব্দটি আরও প্রকট হয়ে উঠে। বাইরে তাকাতেই নজরে এলো ঝর্ণা। প্রাচীন পাহাড়ের কোল ঘেঁসে প্রাকৃতিক ঝর্ণা। প্রবল বাতাস বইছিল। বাইরে হাত বাড়িয়ে বাতাস ধরার চেষ্টা করি। মুখ বাড়িয়ে খাড়া দেয়াল, লেহাই নদী, জলপ্রপাত, ঘন গাছেপালা দেখি। খুব ছোটবেলায় বাবার সঙ্গে দাদার বাড়ি যাবার সময় আমি এমন করে ট্রেনের জানালায় মুখ বাড়িয়ে ধানক্ষেত, সর্ষেক্ষেত দেখতাম। ছোট ছোট হাত বাড়িয়ে এমনি করে বাতাস ধরতে চাইতাম। প্রকৃতির অদ্ভুত এই সৌন্দর্য দেখে আনন্দে মরে যেতে চাইতাম।

৭০ মিনিটের এই রেলগাড়ি ভ্রমণ ছিল প্রকৃতির সঙ্গে মিলেমিশে একাকার হয়ে যাওয়ার সময়। নগর জীবনের বাইরে এটি ছিল আমাদের জন্যে দুর্দান্ত একটি দিন। (ফেসবুক থেকে সংগৃহীত)







আহমদ জে. সোহান-এর ১১তম মৃত্যুবার্ষিকী পালিত

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কের কৃতিছাত্র আহমদ জে. সোহান-এর ১১তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে মৌলভীবাজার জেলার কুলাউড়ায় প্রতিষ্ঠিত 'আহমদ সোহান সোনালী উচ্চ বিদ্যালয়ে' আলোচনা সভা, মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত ৬ সেপ্টেম্বর সোমবার বেলা ১১ ঘটিকায় স্কুলের হল রুমে আহমদ সোহান সোনালী হাই স্কুল পরিচালনা কমিটির সদস্য, পৃথিমপাশা ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মো: আব্দুল লতিফ আলোচনা সভায় সভাপতিত্ব করেন। সভা পরিচালনা করেন স্কুলের প্রধান শিক্ষক মো: আব্দুল মালিক।

অনুষ্ঠানে আহমদ জে. সোহান-এর জীবনের উপর আলোচনা করেন গনকিয়া আলীম মাদ্রাসার প্রতিষ্ঠাতা মৌলানা হাফিজ মোঃ আনসার উদ্দিন, কুলাউড়া 'ইয়াকুব-তাজুল মহিলা ডিগ্রী কলেজ্বর প্রভাষক মোঃ খালিক উদ্দিন, কানিহাটি বহুমুখি উচ্চ বিদ্যালয়্বর শিক্ষক মোঃ দুদু মিয়া তানভীর। অনুষ্ঠানে স্কুল পরিচালনা কমিটির সদস্য, অভিভাবক, শিক্ষক, শিক্ষার্থী ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

আলোচনা শেষে মরহুম সোহানের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে মিলাদ ও দোয়া পরিচালনা করেন গনকিয়া আলীম মাদ্রাসার প্রতিষ্ঠাতা মৌলানা হাফিজ মোঃ আনসার উদ্দিন।

উল্লেখ্য, নিউইয়র্ক প্রবাসী কুলাউড়া সরকারী কলেজের প্রাক্তন জিএস সিরাজ উদ্দিন আহমদ সোহাগ ও কুলাউড়া বালিকা উচ্চ বিদ্যালয়ে প্রাক্তন সিনিয়র শিক্ষক জাহানারা আহমদ লক্ষী'র একমাত্র পুত্র সন্তান আহমদ জে. সোহান ২০১০ সালের ৬ সেপ্টেম্বর সোমবার মোতাবেক ২৭ রমজান নিউইয়র্কে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় ইন্তেকাল করেন। মাত্র ১৮ বছর ৬ মাস বয়সে তার মৃত্যুর পর সোহানের স্মৃতি রক্ষার্থে এবং অবহেলিত এলাকার প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে শিক্ষা বিস্তার ও শিক্ষা উন্নয়নের লক্ষ্যে তার নামানুসারে পৃথিমপাশা ইউনিয়নের ধামুলীতে 'আহমদ সোহান সোনালী উচ্চ বিদ্যালয়' প্রতিষ্ঠা করা হয়।

যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত

(শেষের পাতার পর)

আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটে বিক্রি হয়ে যাবে। এ দলনের বিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া সত্যিই স্মার্ট কাজ।

কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তরাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে পরিণত করতে পারেন না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত যেসব কথা বলে থাকেন তা নিম্নরূপ:

যোগাযোগ কম: আপনি আশা করেন যে আপনার এজেন্ট আপনার বাড়ি বিক্রির কাজে ব্যস্ত থাকবেন। তার অর্থ হচ্ছে, সে অনেক সময় তার এই ব্যস্ততার জন্য হয়ত আপনার ফোন ধরতে পারবেন না। কিন্তু একজন বাজে রিয়েল এস্টেট এজেন্ট ভদ্রতার খাতিওে হয়ত আপনাকে কল ব্যক করবেন কিন্তু আপনার জন্য যে সসব বিষয় গুরুত্বপূর্ণ তা হয়ত আপনাকে বলতে ভুলে যাবেন, এবং সত্যিকার অর্থেই তারা গুরুত্বপূর্ণ যোগাযোগে ব্যর্থ।

আপনাকে বারবার আশ্বাস দেবে কিন্তু সে আশ্বাস কাজে পরিণত করতে পারবে না: এটা ঘটতে পারে আপনার বাড়ির লিস্টিং অথবা বিক্রির চুক্তি সাক্ষরের ক্ষেত্রে। একজন রিয়েল এস্টেট এজেন্ট আপনাকে সহজেই আপনার বাড়িটি বিক্রে করে দেওয়ার আশ্বাস দেবে। এজন্য তিনি ওয়েবসাইট, স্যোসাল মিডিয়া, ভিডিও ট্যুরস, প্রফেশনাল ফটোগ্রাফি-ইত্যাদিও মাধ্যমে বাড়িটি বাজারজাত করার উদ্যোগের কথা বলবেন। কিন্তু দেখা যাবে তিনি যেসব উদ্যোগ নেওয়ার কথা বলেছিলেন তার খুব কমই করতে পেরেছেন।

উদ্ভট ফটোগ্রাফি ও ভিডিও: ইদানিং ক্রেতারা বাড়ি ক্রয় করার কাজটি শুরু করেন, বাড়ির ছবি বা ভিডিও দেখে। ফলে বিক্রিত বাড়ির ছবি বা ভিডিও-এর ক্ষেত্রে প্রফেশনাল ছোঁয়া না থাকলে ক্রেতা আকর্ষন করা কঠিন। কিন্তু বাড়ি বিক্রেতার এজেন্ট হয়ত বলবেন যে তিনি এক্ষেত্রে সেরা কাজটি করবেন কিন্তু দেখা গেল তিনি যে ছবি ও ভিডিও দিয়েছেন তা কোন মতে করা হয়েছে এবং দায় সারা গোছের।

আপনার বাড়িটি যে বাজাওে বিক্রি হবে সে বাজার সম্পর্কে অজ্ঞ: আপনি অবশ্যয় চাইবেন আপনার বাড়িটি যে এলাকার আপনার এজেন্ট সে এলাকায় বাড়ি বিক্রি সম্পর্কে অভিজ্ঞ হবেন।

উপরোক্ত বিষয়সমূহে একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট ভাল হলে সে হবে আপনার বাড়ির জন্য প্রকৃত এজেন্ট। আপনি যখন আপনার বিক্রি করার সিদ্ধান্ত নেবেন, আাপনি ভাল কওে জেনে নিন আপনি যে এজেন্ট নিয়োগ দিচ্ছেন ওপওে উল্লেখিত বিষয়গুলোতে আপনার এজেন্টের যোগ্যতা কেমন। এ বিষয়ে আপনি একটি চেক লিস্ট করতে পারেন এবং তার ভিত্তিতে আপনার জন্য যোগ্য এজেন্ট নিয়োগ দিন।

এ বিষয়গুলোতে চিন্তা কওে আপনি নিশ্চিত হন যে আপনি এমন কোন রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দিচ্ছেন না যিনি আপনার স্বার্থ দেখার চেয়ে তার ওয়ালেট ভারী করার কাজে বেশী মনোযোগী।


কি করবেন? যখন আপনি বাড়ি বিক্রি করবেন তখন একজন ভাল রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেওয়া আপনার সফলতার জন্য খুবই গুরুত্বপূর্ণ। আপনার উচিত হবে এমন একজনের প্রতি নজর দেওয়া যে আপনার বাড়ি বিক্রির সকল পর্যায়ে আপনার সাথেই থাকবেন এবং আপনার স্বার্থ দেখবেন। রিয়েল এস্টেট বাজারে ভাল যোগাযোগ আছে একই সাথে আপনার সাথে ভালভাবে যোগাযোগ রক্ষা করতে পারে তেমন রিয়েল এস্টেট এজেন্ট বাড়ি বিক্রির জন্য মুল্যবান।

মিস করবেন না

আপনার VAX টি দেখান

Key to NYC (NYC তে প্রবেশাধিকার) আপনার হাতে। আমাদের শহর ও পরস্পরকে রক্ষা করার সেরা উপায় হল টিকা নেওয়া। প্রবেশের জন্য 12 বছর ও উর্ধ্ববয়সীদের অবশ্যই প্রমাণ দেখাতে হবে।

টিকা নেওয়ার প্রমাণের মধ্যে আছে:
- CDC টিকা কার্ড
- NYC COVID Safe অ্যাপ
- NYS Excelsior Pass
- অন্যান্য অফিসিয়াল টিকা রেকর্ড



এই আভ্যন্তরীণ স্থানগুলোতে এখন টিকার প্রমাণ প্রয়োজন হচ্ছে:

রেস্তোরাঁ | বার | জিম | মুভি থিয়েটার | জাদুঘর | অন্যান্য আভ্যন্তরীণ স্থানসমূহ

NYC VACCINE FOR ALL: SAFE, FREE, EASY

NYC Health

Bill de Blasio
মেয়র
Dave A. Chokshi, MD, MSc
কমিশনার

Key to NYC সম্পর্কে আরো তথ্যের জন্য, **nyc.gov/keytoNYC** ভিজিট করুন।
COVID-19 ও টিকাসমূহ ও কোথায় টিকা নিতে হবে সে সম্পর্কে আরো তথ্যের জন্য **nyc.gov/covidvaccine** ভিজিট করুন।

বাংলা পত্রিকা
প্রান্তিক পৃষ্ঠা
The Weekly Bangla Patrika
বাংলা পত্রিকা The Weekly Bangla Patrika // Monday // September 13 // 2021

২০২২ সাল পর্যন্ত বুস্টার ডোজ স্থগিত রাখার আহ্বান

বাংলা পত্রিকা ডেস্ক: দরিদ্র দেশগুলো পুরোপুরিভাবে এখনো ভ্যাকসিন পায়নি। তাই চলতি বছরের শেষ নাগাদ পর্যন্ত বাড়তি কোভিড-১৯ ভ্যাকসিন ডোজ না দেওয়ার আহ্বান জানিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। গত বুধবার মার্কিন সাময়িকী ফোর্বস'র প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রধান টেড্রোস আধানম গ্যাব্রিয়াসুস বলেন, 'উচ্চ আয়ের দেশগুলো দরিদ্র দেশগুলোকে এক বিলিয়নের বেশি ভ্যাকসিন ডোজ দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিল। তবে সেই ডোজের ১৫ শতাংশেরও কম বাস্তবায়িত হয়েছে।'জেনেভায় বিশ্ব স্বাস্থ্য সংস্থার সদর দপ্তর থেকে সংস্থাটির প্রধান সাংবাদিকদের বলেন, 'তারা (ধনী দেশ) যেন বুস্টার ডোজের চেয়ে দরিদ্র দেশগুলোতে স্বাস্থ্যকর্মী এবং দুর্বল জনগোষ্ঠীর কাছে প্রথম টিকা পাওয়াকে অগ্রাধিকার দেয়।'



শাহ মাহবুবের পরিবেশনায় হল আনন্দে অভিভূত দর্শক-শ্রোতা









অপু: নিউইয়র্ক তথা উত্তর আমেরিকায় প্রবাসী সঙ্গীত শিল্পীদের মধ্যে শাহ মাহবুব একটি সুপরিচিত ও জনপ্রিয় নাম। তার একক সংগীত সন্ধ্যায় আনন্দ বন্যায় ভেসেছে কানায় কানায় হল ভর্তি দর্শকরা। শো টাইম মিউজিকের আলমগীর খান আলমের আয়োজনে গত ৬ সেপ্টেম্বর সোমবার কুইন্স প্যালেসে এই অনুষ্ঠানটি হয়। অনুষ্ঠানে প্রবাসের বিভিন্ন শ্রেণী ও পেশার দর্শক যোগ দেন। দেখা যায় হল ভর্তি দর্শক। শিল্পী শাহ মাহবুব অনুষ্ঠানে প্রায় ৪ ঘন্টা বিভিন্ন ধরনের গান পরিবেশন করেন। রবীন্দ্র-নজরুল, আধুনিক ছাড়াও আবার কখন কখনো দর্শকদের অনুরোধে, আবার কখনো নিজের পছন্দের গান পরিবেশন করেন। পিন পতন নিরবতায় শাহ মাহবুবের হৃদয় উজার করা গান উপভোগ করেন দর্শকরা। অনুষ্ঠানের শুরুতে আয়োজক আলমগীর খান আলম বলেন, আমাদের নিউইয়র্কের শিল্পীদের মূল্যায়নের অংশ হিসাবে শিল্পীদের একক সংগীতনুষ্ঠানের উদ্যোগ নিয়েছি আমরা। তারই ধারাবাহিকতায় আজ শাহ মাহাবুবের একক সংগীত অনুষ্ঠান।

অনুষ্ঠানে সাধারণ দর্শক ছাড়াও বহু গুনী জনের উপস্থিতি লক্ষনীয় ছিল। উপস্থিত ছিলেন একুশে পদকপ্রাপ্ত স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী রথীন্দ্র নাথ রায়, বেতার কেন্দ্রের আরেক শিল্পী শহীদ হাসান, বিশিষ্ট রাজনীতিক ড. সিদ্দিকুর রহমান,বিশিষ্ট চিকিৎসক ও প্রকাশক ডা. চৌধুরী সারোয়ারুল হাসান, জনপ্রিয় সঙ্গীত শিল্পী রিজিয়া পারভিন সহ রানো নেওয়াজ, আব্দুর রহমান, বিশিষ্ট ব্যবসায়ী শাহনেওয়াজ প্রমুখ।

উল্লেখ্য, অনেক দর্শকের ভাষায়- শিল্পী শাহ মাহাবুবের এটি ছিল শ্রেষ্ঠ পারফমেন্স। আলমগীর খান আলমের নির্দেশনা ছিল অত্যন্ত উচ্চমানের।

নিউজার্সীতে প্রবাসীদের সাথে সাবেক এমপি মতিউর রহমানের মতবিনিময়



নিউজার্সী থেকে বিশ্বজিৎ দে বাবলু: বাংলাদেশের জাতীয় সংসদের সাবেক সংসদ সদস্য, সুনামগঞ্জ জেলা আওয়ামী লীগের সভাপতি মতিউর রহমানের সাথে নিউজার্সী প্রবাসী সুনামগঞ্জ জেলাবাসী ও বাংলাদেশী কমিউনিটির নেতৃবৃন্দের এক মতবিনিময় সভা গত ৫ সেপ্টেম্বর রোববার বিকালে প্যাটারসেনের একটি হলে অনুষ্ঠিত হয়। সুনামগঞ্জ জেলা কল্যাণ সমিতি নিউজার্সী যুক্তরাষ্ট্র ইনক আয়োজিত এই সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সহ সভাপতি ও নিউজার্সী স্টেট আওয়ামী লীগের সহ সভাপতি রেজাউল করিম চৌধুরী।

সমিতির কার্যকরী কমিটির অন্যতম সদস্য ও নিউজার্সী স্টেট আওয়ামী লীগের আইন বিষয়ক সম্পাদক এডভোকেট হাফিজুর রহমানের পরিচালনায় অনুষ্ঠিত ওই সভায় প্রধান অতিথি ও বিশেষ অতিথি ছিলেন যথাক্রমে প্যাটারসন সিটি কাউন্সিলের ভাইস প্রেসিডন্ট শাহীন খালিক, নিউজার্সী স্টেট আওয়ামী লীগের সভাপতি আজমল আলী, সুনামগঞ্জ জেলা কল্যাণ সমিতি ইউএসএ'র সভাপতি মারুফ চৌধুরী, সুনামগঞ্জ জেলা কল্যাণ সমিতির সাবেক সাধারণ সম্পাদক ও নিউজার্সী স্টেট আওয়ামী লীগের সাঈদ উর রহমান, উপদেষ্টা মোশারফ আলম, আবু সুফিয়ান, সাবেক ইউপি চেয়ম্যান জাহেদুল ইসলাম চৌধুরী, আমিরুল ইসলাম, আব্দুল কায়ূম, আহমেদ, আজমল হোসেন, ফখরুল ইসলাম, মিজানুর রহমান, নিউজার্সী স্টেট আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আজ উদ্দিন, আব্দুল মুকিত, দপ্তর সম্পাদক রাসেল মাহমুদ, কারী সিদ্দিক আহমেদ, শাহাব উদ্দিন, মনোর হোসেন মুনু, আজিজুর রহমান, আ হ ম মিজবাউদ্দিন, হোসেন সরদার, জামাল আহমেদ তালুকদার, আরিফ আহমেদ, মিজবাউর রসিদ পীর, এডভোকেট রুহুল আমিন ও জুসেফ আহমেদ।

সভায় আলহাজ মতিউর রহমানকে নিউজার্সী প্যাটারসন সিটির পক্ষ থেকে ২নং ওয়ার্ড কাউন্সিলম্যান শাহিন খালিক সম্মাননা প্রধান করেন। অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন কারী সিদ্দিকী আহমেদ।

সভায় মতিউর রহমান বলেন, বাংলাদেশ এখন বিশ্বে রোল মডেল। বাংলাদেশের সঙ্গে আমেরিকার অর্থনৈতিক ও বাণিজ্য সম্পর্ক ভালো। যুক্তরাষ্ট্র একক দেশ হিসেবে বাংলাদেশের সবচেয়ে বড় বাজার। এই বাজারকে আমাদের প্রবাসীরা কাজে লাগিয়ে বাংলাদেশকে এগিয়ে নিয়ে যেতে পারে। তিনি আরও বলেন, বাংলাদেশের অর্থনীতির চাকা সচল রাখতে সবচেয়ে বেশি ভূমিকা রাখছে প্রবাসের বাংলাদেশের শ্রমিকদের পাঠানো বৈদেশিক মুদ্রা বা রেমিট্যান্স। বর্তমানে করোনাভাইরাস মহামারির চলমান সংকটের মধ্যেও প্রবাসীদের আয়ের ধারা অব্যাহত রয়েছে, যা সত্যিকার অর্থে অবিশ্বাস্য।

মতবিনিময় সভার আগে মতিউর রহমান নিউজার্সীর সুনামগঞ্জ জেলা কল্যাণ সমিতির সমাজকল্যাণ সম্পাদক ও নিউজার্সী স্টেট আওয়ামী লীগের তথ্য ও গবেষণা সম্পাদক, সাবেক প্রধাণ শিক্ষক শাহাব উদ্দীনের বাসায় উপস্থিত অতিথিদেরকে সাথে নিয়ে মধ্যাহ্নভোজে অংশ নেন।



সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Safwan Travel & Multi Services Corp.



Mohammed Abdul Khaleque
MLT A.D. (CUNY Bronx Community College)

IATA Accredited Approved Travel Agent

AUTHORIZED e-file PROVIDER

২০ বছরের বেশি ইনকাম ট্যাক্স ফাইলের অভিজ্ঞতা সম্পন্ন

Design, Printing, Flyer, Business Card, Banner, Poster & more!

We Provide
- Individual Tax
- Corporation Tax
- Partnership Tax
- Non-profit Tax
- Gift Tax
- Sale & Payroll Tax
- IRS & State Tax audit Representation
- Immigration
- Accounting
- Bookkeeping
- Business License
- Business Incorporation

লিগ্যাল মাধ্যমে সর্বোচ্চ ট্যাক্স রিটার্নের নিশ্চয়তা এবং বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়

দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ

এয়ার লাইন্স টিকেট সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯+

নাক্টোর শাড়ী ঘর



Special Eid-Sale

ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়

শাড়ী, সালোয়ার,কামিজ, বোরকা, পানজাবী, বেড সিট, হেজাব, লুঙ্গী এবং অন্যান কাপড়ের বিশাল সমাহার

এয়ার লাইন্স টিকেট ও নির্ভুল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান।

Phone: 347- 621- 4940,718-300-7429

1217 White Plains Road , Bronx , NY 10472



সাবেক ছাত্রলীগ নেতাকে বিয়ে করলেন চিত্রনায়িকা মাহি

(শেষের পাতার পর)

সেই স্ত্রীর সঙ্গে ছাড়াছাড়িও হয়েছে কি না জানা যায়নি। রাকিব সরকার গাজীপুর মহানগর যুবলীগের আহবায়ক কামরুল আহসান সরকার রাসেলের ছোট ভাই। এদিকে মাহিরও এটি দ্বিতীয় বিয়ে। 'মাহি দ্বিতীয় বিয়ে করছেন' বেশকিছুদিন ধরেই ফেসবুকেসহ সোশ্যাল মিডিয়ায় এমন গুঞ্জন চলছিল। তবে সেসব গুঞ্জনকে মাহি 'গুজব' বলছিলেন বারবার। তবে গুজবকে রোববার (১২ সেপ্টেম্বর) দিবাগত রাতে 'সত্য'তে পরিণত করলেন ঢাকাই ছবির এই নায়িকা। মাহিয়া মাহি নিজের ফেসবুকে লিখেছেন, 'আজ ১৩.০৯.২১ ইং ১২:০৫ মি: আমাদের বিবাহ সম্পন্ন হলো । এর আগের সব কথা আসলেই গুজব ছিলো। সবাই আমাদের জন্য দোয়া করবেন এটাই একমাত্র চাওয়া।' সম্প্রতি হলুদের পোশাকের সাথে মেহেদি রাঙানো হাতে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে মাহি ও রাকিবের কয়েকটি ছবি। ভাইরাল হওয়া ছবিতে মাহির সাথে হলুদ পোশাকের ব্যক্তি কামরুজ্জামান সরকার রাকিবকে দেখা যায়। যা নিয়ে রবিবার কালের কণ্ঠ অনলাইনে একটি সংবাদ প্রকাশ হয়েছে।

আগের স্বামী অপুর সাথে বিচ্ছেদের পর থেকেই গাজীপুরের ওই ব্যবসায়ীর সাথে মাহির বিয়ের গুঞ্জন ওঠে। সে সময় মাহি সংবাদমাধ্যমকে বলেন, বিয়ে হয়নি। আমরা কেবল ভালো বন্ধু। এরই মধ্যে মাহি নিজের ফেসবুক পোস্টে লিখেন, ১৩ সেপ্টেম্বর সারপ্রাইজ দেবেন তিনি। শেষ পর্যন্ত সারপ্রাইজ দিলেন রাকিব ও মাহি।

কদিন আগে কক্সবাজারে গিয়েছিলেন মাহিয়া মাহি। জিজ্ঞেস করা হয়েছিল মাহিকে, হানিমুনে নাকি? মাহি উত্তরে বলেছিলেন, 'বাবা-মায়ের সঙ্গে কেউ হানিমুনে যায় নাকি?'

এর আগে ২০১৬ সালে জমকালো আয়োজনে সিলেটের ব্যবসায়ী পারভেজ মাহমুদ অপুকে বিয়ে করেছিলেন মাহি। এর কয়েক বছর পর থেকেই তার বিয়ে বিচ্ছেদের গুঞ্জন শোনা গেলেও তা তিনি অস্বীকার করে আসছিলেন। এরপর গত মে মাসে মাহি নিজেই ফেসবুকে অপুর সাথে তার বিবাহবিচ্ছেদের খবর জানান। বিচ্ছেদের পর থেকেই ঢালিউড এই অভিনেত্রীর বিভিন্ন ফেসবুক স্ট্যাটাসকে কেন্দ্র করে দ্বিতীয় বিয়ের গুঞ্জন শুরু হয়

BOMBAY
TRAVELS & GRAPHICS INC.

Grand Opening Special Grand Opening Special Grand Opening Special

সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি

টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি

Domestic & International





Bahalul Syed (uzzal)
President

স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স

Emirates | ETIHAD | SAUDIA | QATAR | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | SINGAPORE AIRLINES | American Airlines

DESIGN & PRINTING
- BANNER
- FLYER
- MAGAZINE
- POSTER
- CALENDAR
- BUSINESS CARD

PASSPORT PHOTO

168-25A Hillside Avenue, Jamaica NY 11432

Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
Low Closing Cost Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York

M. Kamal, MLO
CPA

যেভাবে জিয়ার নাম অপসারণ করা হলো

বিচারপতি শামসুদ্দিন চৌধুরী মানিক

সুপ্রিয় পাঠক, এটা জেনে নিশ্চয়ই আনন্দিত হবেন যে, যুক্তরাষ্ট্রের বালটিমোর শহরের একটি সড়ক থেকে গত ৯ সেপ্টেম্বর জিয়াউর রহমানের নাম সরিয়ে ফেলা হয়েছে। পূর্বে বালটিমুরের (বাকি অংশ ৪৪ পাতায়)

জ্যামাইকায় নাইট সকার টুর্ণামেন্ট শুরু

আশরাফুল হাবিব মিহির: জ্যামাইকা বাংলাদেশী ইর্য়ুথ ফোরামের উদ্যোগে গত ৮ সেপ্টেম্বর থেকে নিউইর্য়কের কুইন্সের হ্যাগারটি (বাকি অংশ ৩৬ পাতায়)

সাঈদ তারেক-এর কলাম

হায় রে সাম্বা দিকতা!



দুই দিন যাবত ক রোনায় মৃত ুর কোন খবর পা চ্ছি না। কোন ব্রেকিং নিউজ নাই, টি ভি স্ক্রল নাই, পত্রিকার পাতায় সি ঙ্গেল কলাম নিউজ, তাও চশমা দি য়ে খুঁ জে নি তে হয়! কোন টক (বাকি অংশ ২০ পাতায়)



কানকুন ঘুরে এলো বাংলা ট্যুর

নিউইয়র্ক: প্যান্ডামিকের কারণে দীর্ঘ বিরতির পর আবার আন্তর্জাতিক ভ্রমণ শুরু করেছে নিউইয়র্কে (বাকি অংশ ৩৫ পাতায়)

যে প্রক্রিয়ায় বাড়ি বিক্রেতা প্রতারিত করতে পারেন



এম কামাল: এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসাবে সবচেয়ে দক্ষ হতে পারেন-তারা জানেন, (বাকি অংশ ৪৫ পাতায়)



স্যাটে ১৬০০ তে ১৬০০ স্কোর করে বাংলাদেশী ড্যারিসের রেকর্ড

বাংলা পত্রিকা ডেস্ক।- বাংলাদেশী বংশোদ্ভূত ড্যারিস লায়জাল রহমান কলেজ অ্যাডমিশেনের জন্য স্যাট পরিক্ষাতে ১৬০০ তে ১৬০০ নম্বর পেয়ে রেকর্ড করেছে। এই বছর ২৮ আগস্ট অনুষ্ঠিত পরিক্ষাতে তিনি ১৬০০ তে ১৬০০ স্কোর (বাকি অংশ ১৯ পাতায়

জালালাবাদ এসোসিয়েশনের সাধারণ সভা অনুষ্ঠিত ঃ মার্চে নির্বাচন

নিউইয়র্ক (ইউএনএ): যুক্তরাষ্ট্র প্রবাসী বৃহত্তর সিলেটবাসীদের 'মাদার সংগঠন' হিসেবে পরিচিত জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাধারণ আগামী মার্চে নির্বাচন অনুষ্ঠান সহ কতিপয় সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে পাশ হয়েছে। সভায় সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের রিপোর্টের উপর দীর্ঘ আলোচনা এবং এসব রিপোর্টে আরো স্বচ্ছ ও বিস্তারিত হওয়া দরকার বলে সংগঠনের সদস্যরা (বাকি অংশ ০৩ পাতায়)

বাংলাদেশ সোসাইটি'র নির্বাচন ১৪ নভেম্বর : ইসি

বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশ সোসাইটি ইনক'র নির্বাচনের তারিখ ঘোষণা করেছে নির্বাচন কমিশন (ইসি)। আগামী ১৪ নভেম্বর রোববার এই নির্বাচনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। মামলা-মোকদ্দামা আর নানা (বাকি অংশ ৪৪ পাতায়)


আওয়া লীগের প্রতিবাদে

রাস্তা থেকে জিয়ার নামফলক নামিয়ে নিল বাল্টিমোর সিটি কর্তৃপক্ষ

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের ম্যারিল্যান্ড রাজ্যের বাল্টিমোর সিটির রাস্তা থেকে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের নামফলক নামিয়ে নিয়েছে বাল্টিমোর সিটি কর্তৃপক্ষ। স্থানীয় বিএনপি নেতা-কর্মীদের দাবী আর লবিং-এর ফলে গত ২০ জুন বাল্টিমোর সিটির ২০০ ওয়েস্ট (বাকি অংশ ৪৪ পাতায়)



প্রবীন প্রবাসী হাজী আব্দুল মালেকের ইন্তেকাল



বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের প্রবীণ প্রবাসী, ম্যানহাটানের মদিনা মসজিদের প্রতিষ্ঠাতা ও পরিচালনা কমিটির সাবেক সভাপতি (বাকি অংশ ৪১ পাতায়)

নতুন প্রজন্মকে রক্ষা করতে সম্মিলিতভাবে মাদকের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে

বাংলা পত্রিকা রিপোর্ট: 'বাংলাদেশী কমিউনিটিতে মাদক সমস্যা' শীর্ষক আলোচনা ও দিক নির্দেশনামূলক সভায় বক্তারা বলেছেন, মহামারী মাদকের ভয়াবহতা থেকে আমাদের নতুন প্রজন্মকে রক্ষা করতে হলে সম্মিলিতভাবে মাদকের বিরুদ্ধে (বাকি অংশ ২০ পাতায়)

নিউইয়র্ক পুলিশের ট্রাফিক বিভাগেও বাংলাদেশীদের জয়জয়কার

বাংলা পত্রিকা ডেস্ক: অতি সম্প্রতি নিউইয়র্ক সিটির সিভিল সার্ভিস কমিশন ট্রাফিক সুপারভাইজার পদের পরীক্ষার ফলাফল ঘোষণা করেন। ফলাফল প্রকাশের পর দেখা গেছে নিউইয়র্ক পুলিশে ট্রাফিক সুপারভাইজার পরীক্ষায় ৪০০ বাংলাদেশী উত্তীর্ণ হয়েছে। নিউইয়র্ক পুলিশে ক্যাপ্টেন, লেফটেন্যান্ট, ডিটেকটিভ, পুলিশ অফিসার সহ পুলিশের গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করছেন বিপুল (বাকি অংশ ৩৫ পাতায়)

এ যে আমার দীর্ঘ প্রবাস জীবনে প্রথম!

রিমি রুম্মানঃ পূর্ব পেনসিলভেনিয়ার ছোট্ট একটি শহর। নাম 'জিম থর্প'। পাহাড়, স্থাপত্য আর প্রাকৃতিক মনোরম দৃশ্যাবলীর জন্যে এই শহরটিকে একদা 'আমেরিকার (বাকি অংশ ৪৪ পাতায়)

নিউইয়র্কে সাইফুর রহমানের মৃত্যুবার্ষিকী পালিত

বাংলা পত্রিকা রিপোর্ট: বিএনপির অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য, সাবেক অর্থ ও পরিকল্পনামন্ত্রী (বাকি অংশ ২০ পাতায়

জ্যাকসন হাইটসে ৯/১১'র বিংশতম শোকানুষ্ঠান

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে ২০০১ সনের ১১ সেপ্টেম্বরের ভয়াল সেই সন্ত্রাসী আক্রমণকে 'নেভার ফরগেট' বা 'কখনোও ভুলবোনা' শিরোনামে প্রতি বছরই স্মরণ করা হয়ে থাকে। এবারের ২০তম (বাকি অংশ ৩৫ পাতায়)



যে বন্ধু কল্যাণের চাবিকাঠি

মুফতি মুহাম্মদ মর্তুজা

মানুষ সামাজিক প্রাণী। তাই জীবনে চলার পথে প্রতিটি মানুষেরই অন্য কোনো মানুষের সঙ্গে বন্ধু নামের বিশ্বাসী ও মজবুত একটি সম্পর্কের সৃষ্টি হয়ে (বাকি অংশ ৩৬ পাতায়)

খেলার খবর

ভুল ভুলে ভালোয় নজর সাকিবের

স্পোর্টস ডেস্ক: তাঁর খেলার মাঠের জীবন এখন এক সুরক্ষা বলয় থেকে আরেকটিতে গিয়ে ঢোকার। নিউজিল্যান্ড সিরিজের শেষ ম্যাচ না খেলায় একটু আগেই বলয় থেকে বের হতে (বাকি অংশ ৪৪ পাতায়)

হেলথ টিপস

করোনাভাইরাস মোকাবিলায় কালোজিরা

বাংলা পত্রিকা ডেস্ক: কালোজিরা কে বলা হয় 'মৃত্যু ছাড়া সর্ব রোগের মহৌষধ'। শুধু খাবারের স্বাদ বৃদ্ধিতেই নয়, আর্বেদিক ও কবিরাজি (বাকি অংশ ৪১ পাতায়)

বিনোদন

সাবেক ছাত্রলীগ নেতাকে বিয়ে করলেন চিত্রনায়িকা মাহি

বিনোদন ডেস্ক: চিত্রনায়িকা মাহিয়া মাহি বিয়ে করলেন সাবেক ছাত্রলীগ নেতা রাকিব সরকারকে। রাকিব সরকারের স্ত্রী রয়েছে, রয়েছে সন্তানও। (বাকি অংশ ৪৭ পাতায়

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA Approved Travel Agent
সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা নিউইয়র্ক ৬৪৯+ Tax
ওমরাহ
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃষ্ঠায় দেখুন

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩৮ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
বিস্তারিত দেখুন ৩৭ পাতায়

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিনের অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রের অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ।
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com